

# এস এস সি পদার্থবিজ্ঞান

## অধ্যায়-৩: বল

**প্রশ্ন ▶ ১** 3.92N ওজনের একটি খেলনা গাড়ীর উপর বল প্রয়োগ করায় এটি ঘর্ষণযুক্ত মেঝেতে  $0.5 \text{ ms}^{-2}$  ত্বরণে চলতে শুরু করে। ঘর্ষণ বল 0.5N। /চি. লো.-২০১৬/

- ক. অভিকর্ষজ ত্বরণ কাকে বলে? ১
- খ. পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য কেন? ২
- গ. গাড়ীর উপর প্রযুক্ত বলের মান কত? ৩
- ঘ. ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের কী পরিবর্তন হবে? গাণিতিকভাবে মূল্যায়ণ কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** সময়ের সাথে অভিকর্ষের প্রভাবে মুক্তভাবে পড়ত বস্তুর বেগ বৃদ্ধির হারকে অভিকর্ষজ ত্বরণ বলে।

**খ** কোনো বস্তুকে পৃথিবী যে বলে নিজের দিকে টানে তাকে এই বস্তুর ওজন বলে। বস্তুর ভরকে অভিকর্ষজ ত্বরণ দ্বারা গুণ করলে বস্তুর ওজন পাওয়া যায়। পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণ শূন্য বলে পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য।

**গ** দেওয়া আছে, ঘর্ষণ বল,  $F_k = 0.5 \text{ N}$   
গাড়ির ওজন,  $W = 3.92 \text{ N}$   
গাড়ির ত্বরণ,  $a = 0.5 \text{ ms}^{-2}$   
জনা আছে, অভিকর্ষজ ত্বরণ,  $g = 9.8 \text{ ms}^{-2}$   
গাড়ির উপর প্রযুক্ত বল,  $F = ?$

আমরা জানি,  $W = mg'$

$$\text{বা, } m = \frac{W}{g} = \frac{3.92}{9.8} = 0.4 \text{ kg}$$

আবার,  $F - F_k = ma$

$$\text{বা, } F = ma + F_k = 0.4 \times 0.5 + 0.5 = 0.7 \text{ N} \quad (\text{Ans.})$$

**ঘ** 'গ' অংশ হতে পাই,

গাড়ির ভর,  $m = 0.4 \text{ kg}$

গাড়ির উপর প্রযুক্ত বল,  $F = 0.7 \text{ N}$

ঘর্ষণ বল,  $F_k = 0.5 \text{ N}$

ধরি, ঘর্ষণযুক্ত অবস্থায় ত্বরণ,  $a = 0.5 \text{ ms}^{-2}$

ধরি, ঘর্ষণবিহীন অবস্থায় ত্বরণ =  $a'$

ঘর্ষণবিহীন অবস্থায়,  $F = ma'$

$$\text{বা, } a' = \frac{F}{m} = \frac{0.7}{0.2} = 3.5 \text{ ms}^{-2}$$

**.:** ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের পরিবর্তন =  $(3.5 - 0.5) = 3 \text{ ms}^{-2}$

অতএব, ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে গাড়ির ত্বরণ  $3 \text{ ms}^{-2}$  বৃদ্ধি পাবে।

**প্রশ্ন ▶ ২** 700kg ভরের একটি গতিশীল ট্রাক  $20 \text{ ms}^{-1}$  বেগে  $1300 \text{ kg}$  ভরের একটি স্থিতিশীল ট্রাককে ধাক্কা দেয় এবং ট্রাক দুইটি মিলিত হয়ে সামনের দিকে চলতে থাকে। /চি. লো.-২০১৫/

- ক. জড়তা কী? ১
- খ. পতির উপর ঘর্ষণের প্রভাব ব্যাখ্যা কর। ২
- গ. ট্রাক দুইটির মিলিত বেগ নির্ণয় কর। ৩
- ঘ. ভরবেগের সংরক্ষণ সূত্র কীভাবে নিউটনের তৃতীয় সূত্রের গাণিতিক বৃপ্তি প্রকার। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** বস্তু যে অবস্থায় আছে চিরকাল সে অবস্থায় থাকতে চাওয়ার প্রবণতা বা সে অবস্থা বজায় রাখতে চাওয়ার ধর্মই জড়তা।

**খ** ঘর্ষণ আমাদের দৈনন্দিন জীবনে অনেক সমস্যা সৃষ্টি করলেও চলাচল ও যানবাহন চালনার জন্য ঘর্ষণ গুরুতর ভূমিকা পালন করে। যেমন, গাড়ির টায়ার এবং রাস্তার মধ্যবর্তী ঘর্ষণ আছে বলেই গাড়ি

চালনা সম্ভব হয়েছে। বস্তুর গতির ওপর রাস্তার মসৃণতার প্রভাব অনেক বেশি। রাস্তা মসৃণ হলে রাস্তার যানবাহন চলাচল সহজতর হয় এবং ভ্রমণ আরামদায়ক হয়। রাস্তা যত বেশি মসৃণ হবে বাধাদানকারী ঘর্ষণ বলের মানও তত কম হবে। গাড়ির টায়ার এবং রাস্তার মধ্যবর্তী ঘর্ষণ বলের মান টায়ারের এবং একই সাথে রাস্তার মসৃণতার ওপর নির্ভর করে। ঘর্ষণ বলের পরিমাণ অনেক কমে গেলে নানা ধরনের সমস্যারও সৃষ্টি হয়। তাই রাস্তাকে খুব বেশি মসৃণ করা ও ঠিক নয়। ত্বেক হচ্ছে এমন এক ব্যবস্থা যা ঘর্ষণের পরিমাণ বৃদ্ধি করে গাড়ির গতি তথা চাকার ঘূর্ণনকে প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রণ করে। এর মাধ্যমে যানবাহনকে নির্দিষ্ট স্থানে থামানো সম্ভবপ্রয়োগ হয়।

**গ** দেওয়া আছে,

$$\begin{aligned} & \text{গতিশীল ট্রাকের ভর, } m_1 = 700\text{kg} \\ & \text{স্থিত ট্রাকের ভর, } m_2 = 1300\text{kg} \\ & \text{সংঘর্ষের পূর্বে, } 1\text{ ম ট্রাকের গতিবেগ, } u_1 = 20\text{ms}^{-1} \\ & \text{এবং } 2\text{ ম ট্রাকের গতিবেগ, } u_2 = 0 \text{ ms}^{-1} \\ & \text{বের করতে হবে, ট্রাক দুইটির মিলিত বেগ, } v = ? \\ & \text{ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে, } m_1 u_1 + m_2 u_2 = m_1 v + m_2 v \\ & \therefore v = \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2} = \frac{700\text{kg} \times 20\text{ms}^{-1} + 1300\text{kg} \times 0\text{ms}^{-1}}{700\text{kg} + 1300\text{kg}} \\ & = 7\text{ms}^{-1} \quad (\text{Ans.}) \end{aligned}$$

**ঘ** মনে করি,  $m_1$  ও  $m_2$  ভরের দুটি বস্তুকণা পরস্পরের সাথে সংঘর্ষে লিপ্ত হয়। এক্ষেত্রে বস্তুহয়ের ওপর যথাক্রমে  $F_1$  ও  $F_2$  বল প্রযুক্ত হয়। সংঘর্ষের পূর্বে বস্তুহয়ের বেগ যথাক্রমে  $v_1$  ও  $v_2$  এবং সংঘর্ষের পরে এদের বেগ যথাক্রমে  $v_1$  ও  $v_2$ । সংঘর্ষের ক্রিয়াকাল  $t$ ।

ভরবেগের সংরক্ষণ সূত্রানুসারে,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } m_1 v_1 - m_1 u_1 = m_2 u_2 - m_2 v_2$$

$$\text{বা, } m(v_1 - u_1) = -m_2(v_2 - u_2)$$

$$\text{বা, } m_1 \frac{v_1 - u_1}{t} = -m_2 \frac{v_2 - u_2}{t}$$

$$\text{বা, } m_1 a_1 = -m_2 a_2 \quad [\text{সংঘর্ষকালে বস্তুহয়ের ত্বরণ যথাক্রমে } a_1 \text{ ও } a_2]$$

$$\text{বা, } F_1 = -F_2, \text{ যা নিউটনের গতির তৃতীয় সূত্রের গাণিতিক বৃপ্তি।}$$

এভাবে, ভরবেগের সংরক্ষণ সূত্র নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে।

**প্রশ্ন ▶ ৩** তানজুম 50g ভরের একটি পাথরকে  $60\text{ms}^{-1}$  বেগে ভূমির সমান্তরালে নিষ্কেপ করে। /চি. লো.-২০১৫/

**ক**. মাত্রা কাকে বলে? ১

**খ**. 10N বল বলতে কী বোঝায়? ২

**গ**. পাথরটি যদি সমবেগে গতিশীল থাকে তবে  $4\text{s}$  এ এটি কত দূরত্ব অতিক্রম করে, তা নির্ণয় কর। ৩

**ঘ**. 9N বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে  $10\text{m}$  দূরত্বে থামানো সম্ভব হবে কি? গাণিতিক বিশ্লেষণের মতামত দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো ভৌত রাশিতে উপস্থিত মৌলিক রাশিগুলোর সূচককে এর মাত্রা বলে।

**খ**  $10\text{N} = 1\text{ kg} \times 10 \text{ ms}^{-2}$

সুতরাং  $10\text{N}$  বল বলতে বোঝায়, যে পরিমাণ বল  $1\text{ kg}$  ভরের বস্তুর ওপর ক্রিয়া করে এতে  $10\text{ms}^{-2}$  ত্বরণ সৃষ্টি করে।

**গ** দেওয়া আছে,

$$\text{পাথরটির আদিবেগ, } u = 60 \text{ ms}^{-1}$$

$$\text{ত্বরণ, } a = 0 \text{ ms}^{-2} \quad [\because \text{সমবেগ}]$$

$$\text{সমর্থকাল, } t = 4 \text{ sec}$$

বের করতে হবে, দূরত্ব (সরণ),  $s = ?$

$$\begin{aligned} \text{আমরা জানি, } s &= ut + \frac{1}{2} at^2 \\ &= 60 \text{ ms}^{-1} \times 4 \text{ sec} + \frac{1}{2} \times 0 \text{ ms}^{-2} \times (4 \text{ sec})^2 \\ &= 240 \text{ m} + 0 \text{ m} \\ &= 240 \text{ m (Ans.)} \end{aligned}$$

**ঘ** পাথরটির ভর,  $m = 50 \text{ g} = 0.05 \text{ kg}$

৯N বাধাদানকারী বল প্রয়োগ করা হলে পাথরটির মন্দন হবে,

$$\begin{aligned} a &= F/m \quad [\because F = ma] \\ &= 9N/0.05 \text{ kg} \\ &= 180 \text{ ms}^{-2} \end{aligned}$$

পাথরটির আদিবেগ,  $u = 60 \text{ ms}^{-1}$


শেষবেগ,  $v = 0 \text{ ms}^{-1}$  [∴ থেমে গেল]

থেমে যাওয়ার আগ পর্যন্ত  $s$  পরিমাণ দূরত্ব অতিক্রম করলে,  
 $v^2 = u^2 - 2as$

$$\begin{aligned} \text{বা, } 2as &= u^2 - v^2 \\ \therefore s &= \frac{u^2 - v^2}{2a} = \frac{(60 \text{ ms}^{-1})^2 - (0 \text{ ms}^{-1})^2}{2 \times 180 \text{ ms}^{-2}} \\ &= 10 \text{ m} \end{aligned}$$

সুতরাং 9N বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে 10m দূরত্বে  
থামানো সম্ভব হবে।

**প্রশ্ন ▶ 8**



চিত্র : 10 kg ভরের একটি বস্তুর ভরবেগ-সময় লেখচিত্

/১. বো. ২০১৭/

ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লিখ।

খ. চলন্ত বাস হতে বাইরের গাছপালাগুলোকে গতিশীল মনে হয়—  
ব্যাখ্যা কর।

গ. বস্তুটির ১ম 25s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর।

ঘ. চিত্রে OA, AB ও CD অংশে ক্রিয়াশীল বল গাণিতিকভাবে  
তুলনা কর।

৪

#### ৪ নং প্রশ্নের উত্তর

ক. একাধিক বস্তুর মধ্যে শুধু ক্রিয়া ও প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো বল  
কাজ না করলে কোনো নির্দিষ্ট দিকে তাদের মোট ভরবেগের কোনো  
পরিবর্তন হয় না।

খ. চলন্ত বাস হতে বাইরের গাছপালাগুলোকে গতিশীল মনে হয়  
আপেক্ষিক বেগের কারণে। প্রত্যেক পর্যবেক্ষক তার নিজ কাঠামোকে  
স্থির দেখে। চলন্ত বাসের যাত্রি বাসটিকে স্থির দেখবে কিন্তু তার কাছে  
মনে হবে গাছপালাগুলো বিপরীত দিকে গতিশীল।

ঘ. দেওয়া আছে,

বস্তুর ভর,  $m = 10 \text{ kg}$

সময়,  $t_1 = 20 \text{ s}$

ধরি,  $s_1$  সময়ে অতিক্রান্ত দূরত্ব =  $s_1$

পরবর্তী সময়ে অতিক্রান্ত সময়,  $t_2 = 5 \text{ s}$

20s পরে ভরবেগ,  $P = 200 \text{ kg ms}^{-1}$

$$\text{বেগ, } v = \frac{200 \text{ kg ms}^{-1}}{10 \text{ kg}} = 20 \text{ ms}^{-1}$$

আদিবেগ,  $u = 0 \text{ ms}^{-1}$

$$\begin{aligned} \text{সুষম তুরপের ফলে, } s_1 &= \frac{u+v}{2} t_1 = \frac{0+20 \text{ ms}^{-1}}{2} \times 20 \text{ s} \\ &= 200 \text{ m} \\ s_2 &= vt = 20 \text{ ms}^{-1} \times 5 \text{ s} \\ &= 100 \text{ m} \\ \therefore \text{ প্রথম } 25 \text{ সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্ব, } \\ s &= s_1 + s_2 = 200 \text{ m} + 100 \text{ m} \\ &= 300 \text{ m (Ans.)} \end{aligned}$$

**ঘ** আমরা জানি, বস্তুর উপর ক্রিয়াশীল বল এর ভরবেগের পরিবর্তনের  
হারের সমান।

চিত্র থেকে দেখা যায়, OA অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 200 \text{ kg ms}^{-1} - 0 = 200 \text{ kg ms}^{-1}$$

সময়ের পরিবর্তন,  $\Delta t = 20 \text{ s} - 0 = 20 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{OA} = \frac{\Delta P}{\Delta t} = \frac{200 \text{ kg ms}^{-1}}{20 \text{ s}} \\ = 10 \text{ N}$$

AB অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 200 \text{ kg ms}^{-1} - 200 \text{ kg ms}^{-1} = 0$$

সময়ের পরিবর্তন,  $\Delta t = 45 \text{ s} - 20 \text{ s} = 25 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{AB} = \frac{\Delta P}{\Delta t} = \frac{0}{25 \text{ s}} \\ = 0 \text{ N}$$

CD অংশে ভরবেগের পরিবর্তন,

$$\Delta P = 0 \text{ kg ms}^{-1} - 300 \text{ kg ms}^{-1} = -300 \text{ kg ms}^{-1}$$


সময়ের পরিবর্তন,  $\Delta t = 90 \text{ s} - 60 \text{ s} = 30 \text{ s}$

সুতরাং ক্রিয়াশীল বল,

$$F_{CD} = \frac{\Delta P}{\Delta t} = \frac{-300 \text{ kg ms}^{-1}}{30 \text{ s}} \\ = -10 \text{ N}$$

চিত্রে OA অংশে ক্রিয়াশীল বল সবচেয়ে বেশি, AB অংশে কোনো বল  
ক্রিয়া করে না এবং CD অংশে সবচেয়ে কম। CD অংশে বাধাদানকারী  
বল ক্রিয়া করে।

**প্রশ্ন ▶ 9**



এখানে ঘর্ষণ বল  $10 \text{ N}$

/১. বো. ২০১৭/

ক. পড়ত বস্তুর ত্যাগ সূত্রটি লিখ।

খ. বৈদ্যুতিক পাখার সুইচ বন্ধ করার সাথে সাথে থেমে যায় না  
কেন— ব্যাখ্যা কর।

গ.  $F$  নির্ণয় কর।

ঘ. 100m দূরত্ব করার পর প্রযুক্ত বল অপসারণ করলে বস্তুটি  
প্রথম থেকে সর্বমোট কত সময় পর থেমে যাবে?  
গাণিতিকভাবে ব্যাখ্যা কর।

৫ নং প্রশ্নের উত্তর

ক. স্থির অবস্থান থেকে বিন বাধার পড়ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব  
( $h$ ) অতিক্রম করে তা এর সময়ের ( $t$ ) বর্গের সমানুপাতিক অর্থাৎ  $h \propto t^2$ ।

খ. বৈদ্যুতিক পাখার সুইচ বন্ধ করার সাথে সাথে পাখাটি বন্ধ হয় না।  
কারণ গতির জড়তা ধর্মের কারণে গতিশীল বস্তুটি এর গতি বজায়  
রাখার প্রয়োজন দেখায় ফলে পাখাটি আরো কিছু সময় পর্যন্ত ঘোরে, এবং  
বায়ুর বাধা ও ফ্যানের স্থান্তরের ঘর্ষণের কারণে ধীরে ধীরে থেমে যায়।

গ. দেওয়া আছে,

P বস্তুর আদিবেগ,  $u = 0 \text{ ms}^{-1}$

শেষবেগ,  $v = 40 \text{ ms}^{-1}$

সময়,  $s = 100 \text{ m}$

P বস্তুর ভর,  $m = 5 \text{ kg}$

চর্চণ বল,  $F' = 10 \text{ N}$

প্রযুক্ত বল,  $F = ?$

আমরা জানি,

$$v^2 = u^2 + 2as$$

$$\therefore a = \frac{v^2 - u^2}{2s} = \frac{(40 \text{ m s}^{-1})^2 - (0 \text{ m s}^{-1})^2}{2 \times 100 \text{ m}}$$

$$a = 8 \text{ m s}^{-2}$$

∴ প্রযুক্ত বল,  $F = ma + F' = 5 \text{ kg} \times 8 \text{ m s}^{-2} + 10 \text{ N}$   
 $= 50 \text{ N} (\text{Ans.})$

ঘ দেওয়া আছে,  $s_1 = 100 \text{ m}$  সরণের জন্য  
 আদিবেগ,  $u = 0 \text{ m s}^{-1}$   
 শেষবেগ,  $v = 40 \text{ m s}^{-1}$   
 সময়,  $t_1 = ?$

আমরা জানি,

$$s_1 = \frac{u+v}{2} t_1 = \frac{0+40 \text{ m s}^{-1}}{2} t_1 = 20 \text{ m s}^{-1} \times t_1$$

$$\therefore t_1 = \frac{100 \text{ m}}{20 \text{ m s}^{-1}} = 5 \text{ s}$$

প্রযুক্ত বল অপসারণের পর বন্তুর উপর ঘর্ষণ বল ক্রিয়া করবে, অর্থাৎ ক্রিয়াশীল বল  $F = -10 \text{ N}$

$$\text{সুতৰাং ভূরণ, } a = \frac{F}{m} = \frac{-10 \text{ N}}{5 \text{ kg}} = -2 \text{ m s}^{-2}$$

এক্ষেত্রে আদিবেগ,  $u = 40 \text{ m s}^{-1}$

শেষবেগ,  $v = 0 \text{ m s}^{-1}$

বল অপসারণের পর থেকে থেমে যাওয়া পর্যন্ত সময়  $t_2$  হলে আমরা পাই,

$$a = \frac{v-u}{t_2}$$

$$\therefore t_2 = \frac{0 \text{ m s}^{-1} - 40 \text{ m s}^{-1}}{-2 \text{ m s}^{-2}}$$

$$= 20 \text{ s}$$

∴ মোট সময়,  $t = t_1 + t_2 = (5 + 20) \text{ s}$   
 $= 25 \text{ s} (\text{Ans.})$

প্রশ্ন ▶ ৬ স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে  $600\text{kg}$  ভরের একটি ট্রাক  $0.2\text{ms}^{-2}$  সুষম ভূরণে  $60\text{s}$  চলার পর  $400 \text{ kg}$  ভরের একটি স্থির পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খেয়ে আটকে এক্ষেত্রে  $7.2\text{ms}^{-1}$  বেগে চলতে থাকে।

ক. পিছলানো ঘর্ষণ কী?

খ. সাম্য ও অসাম্য বলের মধ্যে দুটি পার্থক্য লিখ।

গ. উদ্বীপকের ট্রাকটি পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খাওয়ার আগে

কত দূরত্ব অতিক্রম করবে নির্ণয় কর।

ঘ. উপরোক্ত ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কী?  
 গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও।

৬ নং প্রশ্নের উত্তর

ক যখন একটি বন্তু অন্য একটি বন্তু তথা তলের উপর দিয়ে পিছলিয়ে বা ঘৰ্ষে চলতে চেষ্টা করে বা চলে তখন যে ঘর্ষণের সৃষ্টি হয় তাকে পিছলানো ঘর্ষণ বা বিসর্প ঘর্ষণ বলে।

খ সাম্য ও অসাম্য বলের মধ্যে দুটি পার্থক্য:

সাম্য বল	অসাম্য বল
১. যে বলগুলো কোনো বন্তুর ওপর ক্রিয়া করে সাম্যবস্থার সৃষ্টি করে তাকে সাম্য বল বলে।	১. যে বলগুলো কোনো বন্তুর ওপর ক্রিয়া করে সাম্যবস্থার সৃষ্টি করে না তাকে অসাম্য বল বলে।
২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য।	২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য হয় না।

ঘ দেওয়া আছে,

ট্রাকটির আদিবেগ,  $u = 0 \text{ ms}^{-1}$

ভূরণ,  $a = 0.2 \text{ ms}^{-2}$

সময়কাল,  $t = 60 \text{ s}$

বের করতে হবে, দূরত্ব (সরণ),  $s = ?$

আমরা জানি,

$$s = ut + \frac{1}{2} at^2$$

$$= 0 \times 60 + \frac{1}{2} \times 0.2 \times (60)^2$$

$$= 360 \text{m} (\text{Ans.})$$

ঘ এখানে,

ট্রাকের ভূরণ,  $a = 0.2 \text{ ms}^{-2}$

সময়,  $t = 60 \text{ s}$

আদিবেগ,  $u = 0 \text{ ms}^{-1}$

ধাক্কার পূর্বে ট্রাকের বেগ,  $u_1 = u + at$   
 $= 0 + 0.2 \times 60$   
 $= 12 \text{ ms}^{-1}$

আবার,

ট্রাকের ভর,  $m_1 = 600 \text{ kg}$

ধাক্কার পূর্বে ট্রাকের বেগ,  $u_1 = 12 \text{ ms}^{-1}$

ধাক্কার পর ট্রাকের বেগ,  $v_1 = 7.2 \text{ ms}^{-1}$

পিকআপ ভ্যানের ভর,  $m_2 = 400 \text{ kg}$

ধাক্কার পূর্বে বেগ,  $u_2 = 0 \text{ ms}^{-1}$


ধাক্কার পরে বেগ,  $v_2 = 7.2 \text{ ms}^{-1}$

ধাক্কার পূর্বে ভরবেগের সমষ্টি =  $m_1 u_1 + m_2 u_2$   
 $= 600 \times 12 + 400 \times 0$   
 $= 7200 \text{ kgms}^{-1}$

ধাক্কার পরে ভরবেগের সমষ্টি =  $m_1 v_1 + m_2 v_2$   
 $= 600 \times 7.2 + 400 \times 7.2$   
 $= 7200 \text{ kgms}^{-1}$

যেহেতু ধাক্কার পূর্বে এবং পরে ট্রাক এবং পিকআপ ভ্যানের ভরবেগের সমষ্টি সমান তাই এক্ষেত্রে ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্র সমর্থন করে।

প্রশ্ন ▶ ৭



যাত্রা শুরুর একটি নির্দিষ্ট সময় পরে  $P$  ও  $Q$  গাড়ি দুটির মধ্যে সংঘর্ষ হলো এবং মিলিত বেগ  $2 \text{ m s}^{-1}$  হলো  $Q$  এর দিকে। /ব.লো. ২০১৭

ক. সাম্য বল কী?

খ. বন্তুর আকারের উপর বলের প্রভাব ব্যাখ্যা কর।

গ. যাত্রা শুরুর কত সময় পর  $P$  ও  $Q$  গাড়ি মিলিত হবে?

ঘ. উদ্বীপকটি ভরবেগের সংরক্ষণশীল নীতিকে সমর্থন করলেও গতিশক্তি সংরক্ষিত হয়নি— গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৭ নং প্রশ্নের উত্তর

ক কোনো বন্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় অর্থাৎ বন্তুর কোনো ভূরণ না হয়, তখন যেই বলগুলো এই সাম্যবস্থা সৃষ্টি করে তাদেরকে সাম্য বল বলে।

খ কোনো বন্তুর ওপর বল প্রয়োগের ফলে যদি এর গতীয় অবস্থার পরিবর্তন না হয় তবে এর আকার বা আকৃতির পরিবর্তন হতে পারে। যেমন— একটি প্লাস্টিকের খালি বোতল জোরে চেপে ধরলে দুমড়ে-মুচড়ে যায়, অথবা একটি রাবার বারকে দুপ্রাণ ধরে টানলে দৈর্ঘ্য বাড়ে ও চিকন হয়ে যায়। এ দুটি ক্ষেত্রে বল প্রয়োগের ফলে এদের আকারের পরিবর্তন হয়েছে।

কোনো কোনো ক্ষেত্রে বলের ক্রিয়ায় বন্তুর আকার পরিবর্তন স্থায়ী আবার কোনো কোনো ক্ষেত্রে ক্ষণস্থায়ী হয়। উপরের উদাহরণে প্লাস্টিকের বোতলের ওপর থেকে বল অপসারিত হলে তা আর পূর্বের অবস্থা ফিরে পায় না অর্থাৎ পরিবর্তন স্থায়ী হয়েছে। কিন্তু রাবার বারকে ছেড়ে দিলে আবার পূর্বের অবস্থা ফিরে পায়। অর্থাৎ রাবারের আকারের পরিবর্তন ক্ষণস্থায়ী।

**গ** দেওয়া আছে,

$$P \text{ বস্তুর বেগ}, v_p = 12 \text{ m s}^{-1}$$

$$Q \text{ বস্তুর বেগ}, v_Q = -10 \text{ m s}^{-1} [P \text{ এর বেগের বিপরীত দিকে গতিশীল]$$

$$P \text{ ও } Q \text{ এর মধ্যবর্তী দূরত্ব} = 1.10 \text{ km} = 1100 \text{ m}$$

মনে করি, যাতা শুরুর সময়  $t$  পর P থেকে  $x$  দূরত্বে এরা পরস্পর মিলিত হবে।

অতএব, P কর্তৃক অতিক্রান্ত দূরত্ব,  $x = v_{pt}t$

Q কর্তৃক অতিক্রান্ত দূরত্ব,  $1100 - x = v_{Qt}t$

$$\text{সূতরাং } 1100 = v_{pt} + v_{Qt}t = (12 + 10)t = 22t$$

$$\therefore t = \frac{1100}{22} \text{ s} = 50 \text{ s (Ans.)}$$

**ঘ** দেওয়া আছে,

$$P \text{ বস্তুর ভর}, m_1 = 600 \text{ kg}$$

$$Q \text{ বস্তুর ভর}, m_2 = 500 \text{ kg}$$

$$P \text{ বস্তুর আদিবেগ}, u_1 = 12 \text{ m s}^{-1}$$

$$Q \text{ বস্তুর আদিবেগ}, u_2 = -10 \text{ m s}^{-1}$$

$$P \text{ ও } Q \text{ বস্তুর মিলিত বেগ}, v = 2 \text{ m s}^{-1}$$

$$\text{সংঘর্ষের পূর্বে মোট ভরবেগ} = m_1u_1 + m_2u_2 = 600 \times 12 + 500(-10) \\ = 2200 \text{ kg m s}^{-1}$$

$$\text{সংঘর্ষের পর মোট ভরবেগ} = m_1v + m_2v = 600 \times 2 + 500 \times 2 \\ = 2200 \text{ kg m s}^{-1}$$

যেহেতু সংঘর্ষের পূর্বের ও পরের ভরবেগের সমষ্টি সমান, তাই বলা যায়, ভরবেগের সংরক্ষণশীলতা নীতিকে সমর্থন করে।

আবার,

$$\text{সংঘর্ষের পূর্বে গতিশক্তির সমষ্টি} = \frac{1}{2}m_1u_1^2 + \frac{1}{2}m_2u_2^2 \\ = \frac{1}{2} \times 600 \times 12^2 + \frac{1}{2} \times 500 \times 10^2 \\ = 43200 \text{ J} + 25000 \text{ J} \\ = 68200 \text{ J}$$

$$\text{সংঘর্ষের পর গতিশক্তির সমষ্টি} = \frac{1}{2}m_1v^2 + \frac{1}{2}m_2v^2 \\ = \frac{1}{2} \times 600 \times 2^2 + \frac{1}{2} \times 500 \times 2^2 \\ = 1200 \text{ J} + 1000 \text{ J} \\ = 2200 \text{ J}$$

যেহেতু বস্তুসময়ের সংঘর্ষের পূর্বের ও পরের গতিশক্তির সমষ্টি সমান নয়, তাই বলা যায়, গতিশক্তি সংরক্ষিত হয়নি।

**প্রশ্ন ▶ ৮** একটি বন্দুক থেকে  $10\text{g}$  ভরের একটি গুলি  $600\text{ms}^{-1}$  বেগে নিগত হওয়ার সময়  $2\text{ms}^{-1}$  বেগে পিছনে ধাক্কা দেয়। /ব. বো-২০১৬/

- ক. লঘিষ্ঠ গণন কী? ১  
 খ. স্কুর গজের লঘিষ্ঠ গণন  $0.01\text{mm}$  বলতে কী বুঝায়? ২  
 গ. বন্দুকটির ভর নির্ণয় কর। ৩  
 ঘ. কী কী ব্যবস্থা অবলম্বন করে বন্দুকটির পশ্চাত্বেগের মান আরও কমানো যায়? গাণিতিক যুক্তিসঙ্গ আলোচনা কর। ৪

#### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** স্কুর-গজের বৃত্তাকার স্কেলের মাত্র এক ভাগ ঘূরালে এর প্রান্ত বা স্কুরটি যতটুকু সরে আসে তাকে বলা হয় যত্রের লঘিষ্ঠ গণন।

**খ** স্কুর-গজের লঘিষ্ঠ গণন  $0.01\text{ mm}$  বলতে বুঝায় এর বৃত্তাকার স্কেলের মাত্র এক ভাগ ঘূরালে এর প্রান্ত বা স্কুরটি  $0.01\text{ mm}$  সরে আসে। যদি এই যত্রের বৃত্তাকার স্কেলের ভাগসংখ্যা  $100$  হয়, তবে পিচ হবে  $1\text{mm}$ .

**গ** উদ্দীপক হতে পাই,

$$\text{গুলির ভর}, m_1 = 10\text{g} = 10 \times 10^{-3} \text{ kg}$$

$$\text{গুলির আদিবেগ}, u_1 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{গুলির শেষ বেগ}, v_1 = 600 \text{ ms}^{-1}$$

$$\text{বন্দুকের আদিবেগ}, u_2 = 0 \text{ ms}^{-1}$$

$$\text{বন্দুকের পশ্চাত্বেগ}, v_2 = -2\text{ms}^{-1} [\text{গুলির বেগের দিক}$$

বন্দুকের ভর,  $m_2 = ?$

আমরা জানি,

$$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$$

$$\text{বা, } 10 \times 10^{-3} \times 0 + m_2 \times 0 = 10 \times 10^{-3} \times 600 + m_2(-2)$$

$$\text{বা, } 0 = 6 - 2m_2$$

$$\text{বা, } 2m_2 = 6$$

$$\text{বা, } m_2 = \frac{6}{2}$$

$$\therefore m_2 = 3 \text{ kg (Ans.)}$$

**ঘ** ধরি, গুলির ভর =  $m_1$

$$\text{বন্দুকের ভর} = m_2$$

$$\text{গুলির আদিবেগ}, u_1 = 0$$

$$\text{বন্দুকের আদিবেগ}, u_2 = 0$$

$$\text{গুলির শেষ বেগ} = v_1$$

$$\text{বন্দুকের পশ্চাত্বেগ} = v_2$$

আমরা জানি,

$$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$$

$$\text{বা, } m_1 \times 0 + m_2 \times 0 = m_1v_1 \times m_2v_2$$

$$\text{বা, } m_1v_1 + m_2v_2 = 0$$

$$\text{বা, } v_2 = -\frac{m_1v_1}{m_2} \dots\dots\dots (i)$$

(i) নং সমীকরণ অনুসারে  $m_1$  এর মান কমালে এবং  $m_2$  এর মান বাড়ালে বন্দুকের পশ্চাত্বে বেগ কমবে। আবার,  $v_1$  এর মান কমালেও  $v_2$  এর মান কমে।

অতএব, বন্দুকের পশ্চাত্বে বেগের মান আরও কমাতে হলে নিম্নলিখিত তিনটি ব্যবস্থা গ্রহণ করা যাবে—

(i) গুলির ভর কমাতে হবে।

(ii) বন্দুকের ভর বাড়াতে হবে।

(iii) গুলির বেগ কমাতে হবে।

**প্রশ্ন ▶ ৯**  $10\text{g}$  ভরের একটি বুলেট বন্দুক থেকে  $1\text{kms}^{-1}$  বেগে গুলি করা হল। বুলেটটি কাঠের ভিতর  $3\text{cm}$  প্রবেশ করার পর থেমে গেল।

/বিলেট কাঠেটি কলেজ/

ক. অর্ধায় কি? ১

খ. মিলের সূত্রটি লিখ এবং ব্যাখ্যা করো। ২

গ. বন্দুকটির ভর  $50\text{ kg}$  হলে, বন্দুকটির পশ্চাত্বেগ নির্ণয় করো। ৩

ঘ. উপাত্তের তথ্যের আলোকে বুলেটের উপর কার্যরত বাধাদানকারী বলের মান গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

#### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো তেজস্ক্রিয় পদার্থের মোট পরমাণুর ঠিক অর্ধেক ক্ষয়প্রাপ্ত হতে যে সময় লাগে তা হলো ঐ পদার্থের অর্ধায়।

**খ** একজোড়া নিদিষ্ট মাধ্যম এবং নিদিষ্ট বর্ণের আলোক রশ্মির ক্ষেত্রে আপত্তি কোণের সাইন এবং প্রতিসরণ কোণের সাইনের অনুপাত সর্বদা ধূবুক।

আপত্তি কোণ  $i$  ও প্রতিসরণ কোণ  $r$  হলে, মিলের সূত্রানুসারে,

$$\frac{\sin i}{\sin r} = \text{ধূবুক}$$

$i_1, i_2, i_3 \dots\dots\dots$  আপত্তি কোণের জন্য প্রতিসরণ কোণ  $r_1, r_2, r_3 \dots\dots\dots$  ইত্যাদি হলে,

$$\frac{\sin i_1}{\sin r_1} = \frac{\sin i_2}{\sin r_2} = \frac{\sin i_3}{\sin r_3} = \dots\dots\dots = \text{ধূবুক।}$$

**গ** দেওয়া আছে,

$$\text{গুলির ভর}, m = 10 \text{ gm}$$

$$= 10 \times 10^{-3} \text{ kg}$$

$$\text{গুলির বেগ}, v = 1 \text{ kms}^{-1}$$

$$= 1000 \text{ ms}^{-1}$$

$$\text{বন্দুকের ভর}, M = 50 \text{ kg}$$

ধরি, বন্দুকের বেগ =  $V$

তরবেগের সংরক্ষণ সূত্রানুসারে,  $MV = -mv$

$$\text{বা, } V = -\frac{mv}{M}$$

$$= -\frac{10 \times 10^{-3} \times 1000}{50} \text{ ms}^{-1}$$

$$= -0.2 \text{ ms}^{-1}$$

সূতরাং বন্দুকের পশ্চাত বেগ  $0.2 \text{ ms}^{-1}$ । (Ans.)

**খ** দেওয়া আছে,

গুলির আদিবেগ,  $u = 1 \text{ kms}^{-1}$   
 $= 1000 \text{ ms}^{-1}$

গুলি কর্তৃক অতিক্রান্ত দূরত্ব,  $s = 3 \text{ cm}$   
 $= 0.03 \text{ m}$

গুলির শেষ বেগ,  $v = 0 \text{ ms}^{-1}$

ধরি, গুলির মন্দন =  $a$

তাহলে,  $v^2 = u^2 - 2as$

বা,  $0^2 = (1000)^2 - 2 \times a \times 0.03$

বা,  $0.06 a = 1000000$

$$\therefore a = \frac{1000000}{0.06}$$

$$= 1.67 \times 10^7 \text{ ms}^{-2}$$

এখানে, গুলির ভর,  $m = 10 \text{ gm}$

$$= 10 \times 10^{-3} \text{ kg}$$

ধরি, বাধাদানকারী বলের মান =  $F$

তাহলে,  $F = ma$

$$= 10 \times 10^{-3} \text{ kg} \times 1.67 \times 10^7 \text{ ms}^{-2}$$

$$= 1.67 \times 10^5 \text{ N}$$

অর্থাৎ গুলিটি কাঠের ভিতর প্রবেশ করলে  $1.67 \times 10^5 \text{ N}$  বাধাদানকারী বল অনুভব করে।

**প্রশ্ন ▶ 10** 950kg ভরবিশিষ্ট 50 kmph বেগে প্রতিশীল একটি বন্দু বিপরীত দিক থেকে আগত 700kg ভর এবং 65kmph বেগের অপর একটি বন্দুর সাথে সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষের পর তারা একটি বন্দু হিসেবে চলতে থাকে।

(কেন্দী গোল্ডস ক্লাউডেট কলেজ)

- ক. ঘর্ষণ বল কাকে বলে? ১
- খ. একটি স্থির বাস হঠাতে চলতে শুরু করলে যাত্রী পিছনের দিকে ঝুঁকে যায় কেন? ২
- গ. মিলিত বন্দুর বেগ নির্ণয় করো। ৩
- ঘ. উদ্দীপকের ঘটনাটি কি ভরবেগের সংরক্ষণ সূচকে সমর্থন করে— গাণিতিকভাবে বিশ্লেষণ দাও। ৪

#### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** একটি বন্দু যখন অন্য একটি বন্দুর সংস্পর্শে থেকে একের উপর দিয়ে অপরটি চলতে চেষ্টা করে বা চলতে থাকে তখন বন্দুবয়ের স্পর্শস্তলে গতির বিবুন্দে একটি ধারার উৎপত্তি হয়, এই বাধাদানকারী বলকে ঘর্ষণ বল বলে।

**খ** বাস যখন স্থির অবস্থায় থাকে তখন যাত্রীও স্থির অবস্থায় থাকে। বাস হঠাতে চলতে শুরু করলে বাসের সাথে যাত্রীর শরীরের নিচের অংশ গতিপ্রাপ্ত হয় এবং সামনে এগিয়ে যায়। কিন্তু যাত্রীর উপরের অংশ স্থিতি জড়তার দ্রুত পিছনের দিকে ঝুঁকে পড়ে।

**গ** দেওয়া আছে,

প্রথম বন্দুর ভর,  $m_1 = 950 \text{ kg}$

বেগ,  $V_1 = 50 \text{ kmph}$   
 $= 13.89 \text{ ms}^{-1}$

দ্বিতীয় বন্দুর ভর,  $m_2 = 700 \text{ kg}$

বেগ,  $V_2 = -65 \text{ kmph}$  [বিপরীত দিক]  
 $= -18.06 \text{ ms}^{-1}$

বের করতে হবে, বন্দু দুটির মিলিত বেগ,  $V = ?$

আমরা জানি,

$$(m_1 + m_2) V = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } V = \frac{m_1 v_1 + m_2 v_2}{m_1 + m_2}$$

$$\text{বা, } V = \frac{950 \times 13.89 + 700 \times (-18.06)}{950 + 700}$$

$$\text{বা, } V = 0.3355 \text{ ms}^{-1}$$

∴  $V = 1.21 \text{ kmph}$ ; ১ম বন্দুর দিকে (Ans.)

**ঘ** উদ্দীপক অনুসারে,

প্রথম বন্দুর ভর,  $m_1 = 950 \text{ kg}$

বেগ,  $V_1 = 50 \text{ kmph} = 13.89 \text{ ms}^{-1}$

দ্বিতীয় বন্দুর ভর,  $m_2 = 700 \text{ kg}$

বেগ,  $V_2 = -65 \text{ kmph} = -18.06 \text{ ms}^{-1}$

'গ' অংশ হতে পাই,

মিলিত বন্দুর বেগ,  $V = 0.3355 \text{ ms}^{-1}$

∴ প্রথম বন্দুর আদি ভরবেগ =  $m_1 v_1$

$$= 950 \times 13.89 = 13195.5 \text{ kgms/s}$$

দ্বিতীয় বন্দুর আদি ভরবেগ =  $m_2 v_2$

$$= 700 \times (-18.06) = -12642 \text{ kgms/s}$$

∴ মোট আদি ভর বেগ,  $P_0 = m_1 v_1 + m_2 v_2$

$$= 13195.5 - 12642$$

$$= 553.5 \text{ kgms/s}$$


মিলিত বন্দুর ভরবেগ,  $P = (m_1 + m_2)V$

$$= (950 + 700) \times 0.3355$$

$$= 553.5 \text{ kgms/s}$$

সূতরাং বন্দুবয়ের মোট আদি ভরবেগ,  $P_0$  = মিলিত বন্দুর ভরবেগ,  $P$  অর্থাৎ, উদ্দীপকের ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্র সমর্থন করে।

**প্রশ্ন ▶ 11** নিচের ঘটনায় একটি স্থিতিস্থাপক সংরক্ষণ ঘটছে।



/পাবনা ক্লাউডেট কলেজ/

**ক** ভরবেগের সংরক্ষণ সূচিটি লেখ। ১

**খ** 10 kg ভরের বন্দুটির ভরবেগের পরিবর্তন কত হবে? ২

**গ** সংঘর্ষের পরে 5 kg ভরের বন্দুটির বেগ এবং বেগের দিক নির্ণয় করো। ৩

**ঘ** সংঘর্ষের সময়কাল যদি 0.1 sec হয় তাহলে উপরের ঘটনা কি নিউটনের গতির তৃতীয় সূত্র সমর্থন করে? ব্যাখ্যা দাও। ৪

#### ১১ নং প্রশ্নের উত্তর

**ক** একাধিক বন্দুর মধ্যে শুধু ক্রিয়া ও প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো বল কাজ না করলে কোনো নির্দিষ্ট দিকে তাদের মোট ভরবেগের কোনো পরিবর্তন হয় না।

**খ** এখানে

বন্দুর ভর,  $m = 10 \text{ kg}$

বন্দুর আদি বেগ,  $u = -4 \text{ ms}^{-1}$  [5kg ভরের বন্দুর গতির দিক ধনাত্মক]

বন্দুর শেষ বেগ,  $v = 1 \text{ ms}^{-1}$

ধরি,  $v$  এর দিক ধনাত্মক

∴ ভরবেগের পরিবর্তন =  $mv - mu$

$$= (10 \times 1) - 10 \times (-4) \text{ kg ms}^{-1}$$

$$= 10 + 40 \text{ kgms}^{-1}$$

$$= 50 \text{ kgms}^{-1}$$

সূতরাং ভরবেগের পরিবর্তন হবে  $50 \text{ kgms}^{-1}$  এবং এর দিক হবে  $v$  এর দিকে।

**গ** উদ্দীপক থেকে,

১ম বন্দুর ভর,  $m_1 = 5 \text{ kg}$

১ম বন্দুর আদি বেগ,  $u_1 = 10 \text{ ms}^{-1}$  [ধরি,  $u_1$ -এর দিক ধনাত্মক]

২য় বন্দুর ভর,  $m_2 = 10 \text{ kg}$

২য় বন্দুর আদি বেগ,  $u_2 = -4 \text{ ms}^{-1}$

২য় বন্দুর শেষ বেগ,  $v_2 = 1 \text{ ms}^{-1}$

১ম বন্দুর শেষ বেগ,  $v_1 = ?$

## ১২ নং প্রশ্নের উত্তর

চৰকণ সংরক্ষণ সৃষ্টি হতে,  
 চমুর জানি,  $m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$   
 বা,  $v_1 = \frac{m_1 u_1 + m_2 u_2 - m_2 v_2}{m_1}$   
 বা,  $v_1 = \frac{(5 \times 10) + (10 \times -4) - 10 \times 1}{5} \text{ ms}^{-1}$   
 বা,  $v_1 = \frac{50 - 40 - 10}{5} \text{ ms}^{-1}$   
 বা,  $v_1 = \frac{50 - 50}{5} \text{ ms}^{-1}$   
 ∴  $v_1 = 0 \text{ ms}^{-1}$  (Ans.)

সুতরাং সংঘর্ষের পরে 5 kg ভরের বস্তুর বেগ হবে  $0 \text{ ms}^{-1}$  অর্থাৎ বস্তুটি থেমে যাবে।

য এখানে,

১ম বস্তুর ভর,  $m_1 = 5 \text{ kg}$

১ম বস্তুর আদিবেগ,  $u_1 = 10 \text{ ms}^{-1}$  [ধরি,  $u_1$ -এর দিক ধনাত্মক  
 'গ' অংশ হতে ১ম বস্তুর শেষবেগ,  $v_1 = 0 \text{ ms}^{-1}$

২য় বস্তুর ভর,  $m_2 = 10 \text{ kg}$

২য় বস্তুর আদিবেগ,  $u_2 = -4 \text{ ms}^{-1}$

২য় বস্তুর শেষবেগ,  $v_2 = 1 \text{ ms}^{-1}$

সংঘর্ষের সময়কাল,  $t = 0.1 \text{ s}$

উদ্বীপক অনুসারে,

$m_1$  ভরের বস্তু কর্তৃক  $m_2$  ভরের বস্তুর উপর প্রযুক্ত বল =  $F_{\text{small}}$  এবং  $m_2$  ভরের বস্তু কর্তৃক  $m_1$  ভরের বস্তুর উপর প্রযুক্ত বল =  $F_{\text{big}}$

উদ্বীপকের ঘটনাটি নিউটনের গতির তৃতীয় সূত্র সমর্থন করবে যদি,  $F_{\text{big}} = -F_{\text{small}}$  হয়।

$$\text{এখন, } F_{\text{big}} = m_2 \frac{v_2 - v_1}{t}$$

$$= 10 \times \frac{1 - (-4)}{0.1} \text{ N}$$

$$= 10 \times \frac{5}{0.1} \text{ N}$$

$$\therefore F_{\text{big}} = 500 \text{ N}$$

$$\text{আবার, } F_{\text{small}} = m_1 \frac{u_2 - u_1}{t}$$

$$= 5 \times \frac{0 - 10}{0.1}$$

$$\therefore F_{\text{small}} = -500 \text{ N}$$

যেহেতু,  $F_{\text{big}} = -F_{\text{small}}$

সুতরাং উদ্বীপকের ঘটনাটি নিউটনের গতির তৃতীয় সূত্র সমর্থন করে।

**প্রশ্ন ১২** একটি বুলেট যার বেগ  $150 \text{ ms}^{-1}$  এবং  $4 \text{ kg}$  ভরের স্থিত  
 রুককে বিন্দু করে। চিত্র-১ এ সংঘর্ষের পরে তারা একসাথে গতিশীল  
 হয়।



(কোজদারহাট ক্যাডেট কলেজ)

- ক. সাম্য বলের সংজ্ঞা দাও।  
 খ. আমাদের মাটির উপর ইঠাটা ব্যাখ্যা করো।  
 গ. সংঘর্ষের পরে তাদের উচ্চতা বের করো।  
 ঘ. চিত্র-২ এ বস্তুর শক্তির অপচয় ঘটে। গাণিতিক হিসাবের  
 মাধ্যমে তোমার যুক্তি দাও।

**ক** কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুর কোনো ত্বরণ না হয়, তখন যে বলগুলো এই সাম্যাবস্থা সৃষ্টি করে তাদেরকে সাম্য বল বলে।

**খ** দৈনন্দিন জীবনে আমরা মাটির উপর দিয়ে হাঁটি। আমরা যখন মাটির উপর দিয়ে হাঁটি তখন পেছনের পা দ্বারা মাটির উপর পেছনের দিকে ত্বরিকভাবে একটি বল প্রয়োগ করি। এ বল হলো ক্রিয়া বল। নিউটনের তৃতীয় সূত্র অনুযায়ী এই বলের বিপরীতে একটি প্রতিক্রিয়া বল সৃষ্টি হয়। এই প্রতিক্রিয়া বলের প্রভাবে আমরা রাস্তার উপর দিয়ে হাঁটতে সক্ষম হই।

**গ** চিত্র-১ হতে

বুলেটের ভর,  $m_1 = 200 \text{ g}$

$$= 0.2 \text{ kg}$$

বুলেটের আদিবেগ,  $u_1 = 150 \text{ ms}^{-1}$

রুকের ভর,  $m_2 = 4 \text{ kg}$

রুকের আদিবেগ,  $u_2 = 0 \text{ ms}^{-1}$

ধরি, ব্রক ও বুলেটের মিলিত অবস্থার বেগ  $v \text{ ms}^{-1}$

ভরবেগের সংরক্ষণ সূত্রানুযায়ী—

$$m_1 u_1 + m_2 u_2 = (m_1 + m_2)v$$

$$\text{বা, } 0.2 \times 150 + 4 \times 0 = (0.2 + 4) \times v$$

$$\text{বা, } 30 + 0 = 4.2 v$$

$$\text{বা, } v = \frac{30}{4.2}$$

$$\therefore v = 7.143 \text{ ms}^{-1}$$

চিত্র-১ অনুযায়ী বুলেটটি  $h$  উচ্চতায় উঠলে—

$h$  উচ্চতায় বিভব শক্তি,  $E_p = (m_1 + m_2)gh$

বস্তুদ্বয়ের মিলিত অবস্থার গতিশক্তিই এই বিভব শক্তিতে পরিণত হয়।

$$\therefore \text{গতি শক্তি, } E_k = \frac{1}{2} (m_1 + m_2)v^2$$

$$\therefore E_p = E_k$$

$$\text{বা, } (m_1 + m_2)gh = \frac{1}{2} (m_1 + m_2)v^2$$

$$\text{বা, } gh = \frac{1}{2} v^2$$

$$\text{বা, } h = \frac{v^2}{2g}$$

$$\text{বা, } h = \frac{(7.143)^2}{2 \times 9.8}$$

$$\therefore h = 2.6 \text{ m (Ans.)}$$

**ঘ** চিত্র-২ হতে

১ম বস্তুর ভর,  $m_1 = 8 \text{ kg}$  ও ২য় বস্তুর ভর,  $m_2 = 6 \text{ kg}$

১ম বস্তুর বেগ,  $v_1 = 10 \text{ ms}^{-1}$  ও ২য় বস্তুর বেগ,  $v_2 = 0 \text{ ms}^{-1}$

ধরি, মিলিত অবস্থায় বস্তু দুটির বেগ  $v \text{ ms}^{-1}$

আমরা জানি,

$$m_1 v_1 + m_2 v_2 = (m_1 + m_2)v$$

$$\text{বা, } v = \frac{m_1 v_1 + m_2 v_2}{m_1 + m_2}$$

$$= \frac{8 \times 10 + 6 \times 0}{8 + 6}$$

$$= 5.71 \text{ ms}^{-1}$$

এখন, সংঘর্ষের পূর্বে—

$$1\text{ম বস্তুর গতিশক্তি}, E_{k_1} = \frac{1}{2} m_1 v_1^2 \\ = \frac{1}{2} \times 8 \times (10)^2 = 400 \text{ J}$$

$$2\text{য বস্তুর গতিশক্তি}, E_{k_2} = \frac{1}{2} \times m_2 v_2^2 \\ = \frac{1}{2} \times 6 \times (0)^2 = 0 \text{ J}$$

∴ বস্তুদ্বয়ের মোট গতিশক্তি

$$E_k = 400 \text{ J} + 0 = 400 \text{ J}$$

সংঘর্ষের পরে—

$$\text{বস্তুদ্বয়ের মিলিত অবস্থার গতিশক্তি}, E'_k = \frac{1}{2} (m_1 + m_2) v^2 \\ = \frac{1}{2} (8 + 6) \times (5.71)^2 \\ = 228.23 \text{ J}$$

এখনে,  $E_k > E'_k$

অর্থাৎ সংঘর্ষের পূর্বে বস্তুদ্বয়ের মোট গতিশক্তি বেশি ছিল।

তাই বলা যায় চিত্র-২ অনুযায়ী বস্তুর শক্তির অপচয় ঘটেছে।

**প্রশ্ন** ▶ ১৩ P ও Q দুইটি বস্তুর ভর যথাক্রমে 20 kg এবং 30 kg। বস্তু দুটি একই সরলরেখা বরাবর একই দিকে চলছে। Q এর অবস্থান P এর সামনে এবং Q বস্তুটি  $10 \text{ ms}^{-1}$  সমবেগে ও P বস্তুটি নিখের অবস্থান থেকে  $3 \text{ ms}^{-2}$  সমত্বরণে চলছে। 10 sec পরে P ও Q বস্তুদ্বয় সংঘর্ষে লিপ্ত হয়ে একটি বস্তুতে পরিণত হয় এবং  $18 \text{ ms}^{-1}$  সমবেগে একই দিকে চলতে থাকে।

- ক. বলের ঘাত কি? ১  
 খ. বন্দুক থেকে গুলি ছোড়ার সময় বন্দুকটি পিছনের দিকে সরে আসে কেন? কারণ ব্যাখ্যা করো। ২  
 গ. বস্তুদ্বয় মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P বস্তুর বেগ নির্ণয় করো। ৩  
 ঘ. উপরোক্ত ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কি? গাণিতিক বিশ্লেষণ করো। ৪

### ১৩ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো বল ও বলের ক্রিয়াকালের গুণফলকে ঐ বলের ঘাত বলে।  
**খ** গুলি ছোড়ার পর বন্দুকের পেছনের দিকে সরে আসতে দেখা যায়। ভরবেগের সংরক্ষণ সূত্র থেকে এর ব্যাখ্যা পাওয়া যায়। গুলি ছোড়ার পূর্বে বন্দুক ও গুলি উভয়ের বেগ শূন্য থাকে কাজেই তখন তাদের ভরবেগের সমষ্টি শূন্য। গুলি ছোড়ার পর সামনের দিকে গুলির কিছু ভরবেগ উৎপন্ন হয়। ভরবেগের সংরক্ষণ সূত্রানুযায়ী গুলি ছোড়ার আগের ভরবেগের সমষ্টি পরের ভরবেগের সমষ্টির সমান হতে হবে। সুতরাং গুলি ছোড়ার পরের ভরবেগের সমষ্টি সমান হতে হলে অর্থাৎ শূন্য হতে হলে বন্দুকেরও গুলির সমান ও বিপরীতমুখী একটা ভরবেগের সূষ্টি হতে হবে। ফলে বন্দুক পেছনের দিকে সরে আসে।

**গ** দেওয়া আছে, P বস্তুর আদিবেগ,  $u = 0 \text{ ms}^{-1}$   
 P বস্তুর ত্বরণ,  $a = 3 \text{ ms}^{-2}$   
 মিলিত হতে প্রয়োজনীয় সময়,  $t = 10 \text{ s}$   
 মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P এর বেগ,  
 $v = u + at$   
 $= 0 + 3 \text{ ms}^{-2} \times 10 \text{ s}$   
 $= 30 \text{ ms}^{-1}$

অর্থাৎ বস্তুদ্বয় মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P এর বেগ =  $30 \text{ ms}^{-1}$  (Ans.)

**ঘ** 'গ' হতে, মিলিত হওয়ার ঠিক পূর্ব মুহূর্তে P এর বেগ,  $u_1 = 30 \text{ ms}^{-1}$   
 Q এর বেগ,  $u_2 = 10 \text{ ms}^{-1}$

বস্তু P এর ভর,  $m_1 = 20 \text{ kg}$

বস্তু Q এর ভর,  $m_2 = 30 \text{ kg}$

বস্তুদ্বয়ের মিলিত বেগ,  $v = 18 \text{ ms}^{-1}$

এখনে, সংঘর্ষের পূর্বে

$$\text{ভরবেগের সমষ্টি} = m_1 u_1 + m_2 u_2 \\ = (20 \times 30 + 30 \times 10) \text{ kgms}^{-1} \\ = 900 \text{ kgms}^{-1}$$

এখন, সংঘর্ষের পর ভরবেগের সমষ্টি =  $(m_1 + m_2)v = (20 + 30) \times 18$

$$= 900 \text{ kgms}^{-1}$$

যেহেতু, সংঘর্ষের পূর্বে ভরবেগের সমষ্টি = সংঘর্ষের পর ভরবেগের সমষ্টি

অর্থাৎ উদ্দীপকের ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্র মেনে চলে।

**প্রশ্ন** ▶ ১৪ 2000 kg ভরের একটি ট্রাক  $54 \text{ kmh}^{-1}$  বেগে চলতে চলতে বিপরীত দিক থেকে  $45 \text{ kmh}^{-1}$  বেগে আসা  $800 \text{ kg}$  ভরের একটি বাসের সাথে সংঘর্ষে লিপ্ত হল এবং আটকে গেল। ফলে মিলিত গাড়ি দুটি একত্রে চলতে শুরু করল।

ক. বলের সংজ্ঞা দাও। ১

খ. দেখাও যে বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান। ২

গ. সংঘর্ষের পূর্বে ট্রাকটির গতিশক্তি নির্ণয় করো। ৩

ঘ. সংঘর্ষের ফলে গাড়ি দুটির ভরবেগে সংরক্ষিত থাকবে কী গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

### ১৪ নং প্রশ্নের উত্তর

**ক** বল একটি বাহ্যিক কারণ যা কোনো একটি বস্তুর গতি বা স্থিতি অবস্থার পরিবর্তন ঘটায় বা ঘটাতে চায়।

**খ** বস্তুর ভর ও বেগের গুণফলকে ভরবেগ বলে।

m ভরের কোনো বস্তুর আদিবেগ u। F বল। সময় ধরে এর উপর প্রয়োগ করলে এর বেগ v হয়।  
 আদি ভরবেগ = mu  
 শেষ ভরবেগ = mv

ভরবেগের পরিবর্তন =  $mv - mu$

আবার, বল ও সময়ের গুণফলকে বলের ঘাত বলে।

$$\therefore \text{বলের ঘাত} = F \times t \\ = \frac{(mv - mu)}{t} \times t = mv - mu$$

অর্থাৎ, বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান।

**গ** দেয়া আছে, সংঘর্ষের পূর্বে ট্রাকের বেগ,  $v = 54 \text{ kmh}^{-1}$   
 $= 15 \text{ ms}^{-1}$

ট্রাকের ভর,  $m = 2000 \text{ kg}$

ট্রাকের গতিশক্তি  $E_k = ?$

আমরা জানি,

$$\therefore E_k = \frac{1}{2} mv^2 \\ = \frac{1}{2} \times 2000 \times (15)^2 \text{ J} = 2.25 \times 10^5 \text{ J (Ans.)}$$

**ঘ** দেওয়া আছে,

ট্রাকের ভর,  $m = 2000 \text{ kg}$

ট্রাকের আদিবেগ,  $u_1 = 54 \text{ kmh}^{-1} = 15 \text{ ms}^{-1}$

বাসের ভর,  $m_2 = 800 \text{ kg}$

বাসের আদি বেগ,  $v_2 = -45 \text{ kmh}^{-1} = -12.5 \text{ ms}^{-1}$

[বিপরীত দিকে গতিশীল বলে ঝণাঝক]

∴ মিলিত বেগ v হলে,

$$v = \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2} \\ = \frac{2000 \times 15 + 800 \times (-12.5)}{(12 + 8900) \text{ kg}} \\ = \frac{20000 \text{ kgms}^{-1}}{2800 \text{ kg}} \\ = 7.142 \text{ kg}$$

∴ সংঘর্ষের পূর্বে মোট ভরবেগ =  $m_1 u_1 + m_2 u_2$

$$= 2000 \times 15 + 800 \times (-12.5) \\ = 20000 \text{ kgms}^{-1}$$

$$\begin{aligned} \text{সংঘর্ষের পর মোট ভরবেগ} &= (m_1 + m_2)v \\ &= (2000 + 800) \times 7.142 \\ &= 20000 \text{ kgms}^{-1} \end{aligned}$$

যেহেতু সংঘর্ষের পূর্বে মোট ভরবেগ = সংঘর্ষের পর মোট ভরবেগ  
অতএব, সংঘর্ষের ফলে গাড়ি দুইটির ভরবেগের সংরক্ষিত থাকবে।

**প্রশ্ন ▶ ১৫** 1000kg ও 1200kg ভরের A ও B বাস দুটি যথাক্রমে  $30\text{ms}^{-1}$  এবং  $25\text{ms}^{-1}$  বেগে একই দিকে পতিশীল। কুয়াশার জন্য তাদের সংঘর্ষ ঘটে। সংঘর্ষের পর B বাসের বেগ  $5\text{ms}^{-1}$ ।

/রাজশাহী জ্যাডেট কলেজ/

- ক. ভরবেগ কাকে বলে? 1
- খ. ঘর্ষণের সুবিধাগুলো লিখো। 2
- গ. সংঘর্ষের পর A বাসের বেগ কত— নির্ণয় করো। 3
- ঘ. সংঘর্ষের সময় যত কম হবে বলের মান ততো বেশি হবে।  
উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। 8

### ১৫ নং প্রশ্নের উত্তর

- ক** কোন বস্তুর ভর এবং বেগের গুণফলকে ভরবেগ বলে।  
**খ** ঘর্ষণের সুবিধা গুলো নিচে দেওয়া হলো—
- ঘর্ষণ না থাকলে বস্তুর কোনো গতিই শেষ হত না, বিরামাইনভাবে চালতে থাকত।
  - ঘর্ষণ আছে বলেই দেয়ালে পেরেক স্থিরভাবে আটকে থাকে।
  - ঘর্ষণের কারণেই পাকা দালান ও বাড়ির নির্মাণ করা সম্ভব।
  - ঘর্ষণের ফলে কাগজে পেসিল বা কলম দিয়ে লিখতে পারি।
  - ঘর্ষণকে কাজে লাগিয়ে আমরা ছাঁটাচালা করতে পারি।
- গ** দেওয়া আছে,
- A বাসের ভর,  $m_A = 1000 \text{ kg}$   
B বাসের ভর,  $m_B = 1200 \text{ kg}$   
A বাসের আদিবেগ,  $v_A = 30 \text{ ms}^{-1}$

$$B \text{ বাসের আদিবেগ}, u_B = 25 \text{ ms}^{-1} \quad \left[ \because \text{দুটি গাড়ি একই দিকে } \right.$$

$\text{গতিশীল তাই সকল বেগ}$   
 $\text{ধনাত্ত্বক ধরে নেয়া হল}$

B বাসের শেষ বেগ,  $v_B = 5 \text{ ms}^{-1}$

বের করতে হবে, সংঘর্ষের পর A বাসের বেগ,  $v_1 = ?$

আমরা জানি,

$$m_A u_A + m_B u_B = m_A v_1 + m_B v_B$$

$$\text{বা, } v_1 = \frac{1000 \times 30 + 1200 \times 25 - 1200 \times 5}{1000}$$

$$\therefore v_1 = 54 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

**ঘ** উদ্দীপক অনুসারে,

A বাসের ভর,  $m_A = 1000 \text{ kg}$

B বাসের ভর,  $m_B = 12 \text{ kg}$

সংঘর্ষের পূর্বে A বাসের বেগ,  $u_A = 30 \text{ ms}^{-1}$

সংঘর্ষের পূর্বে B বাসের বেগ,  $v_B = 5 \text{ ms}^{-1}$

'গ' অংশ হতে পাই,

সংঘর্ষের পরে A বাসের বেগ,  $v_A = 54 \text{ ms}^{-1}$

ধরা যাক, A বস্তু B ধাক্কা জনিত বল = F এবং সংঘর্ষের সময়, t

আমরা জানি,

বলের ঘাত = ভরবেগের পরিবর্তন

বা,  $F = m_A v_A - m_A u_A$

বা,  $F = \frac{m_A v_A - m_A u_A}{t}$

বা,  $F = \frac{1000 \times 54 - 1000 \times 30}{t}$


বা,  $F = \frac{24000}{t}$

$\therefore F \propto \frac{1}{t}$

যেহেতু, ধাক্কা জনিত বল (F), সময়ের ব্যাপ্তানুপাতিক।

সুতরাং, সংঘর্ষের সময় যত কম হবে ধাক্কা জনিত বল ততো বেশি হবে।

### প্রশ্ন ▶ ১৬



$$\text{গাড়ির ভর } m = 800 \text{ kg}$$

/বি-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট/

- ক. অসমবেগ বলতে কী বোঝ? 1
- খ. কম্পনশীল সুরশলাকার গতি স্পন্দন গতি— ব্যাখ্যা করো। 2
- গ. গাড়িটির ত্বরণ নির্ণয় করো। 3
- ঘ. ড্রাইভার চলন্ত গাড়িটির ব্রেক ক্ষমতে অনুভূমিক বলের কীরূপ পরিবর্তন হবে— বিশ্লেষণ করো। 8

### ১৬ নং প্রশ্নের উত্তর

**ক** যদি গতিশীল কোন বস্তুর বেগের মান বা দিক অথবা উভয়ই সময়ের সাথে পরিবর্তিত হয় তাহলে সেই বস্তুর বেগকে অসমবেগ বলে।

**খ** আমরা জানি, পর্যাপ্ত গতিসম্পন্ন কোনো বস্তু যদি পর্যায়কালের অর্ধেক সময় কোনো নির্দিষ্ট দিকে এবং বাকি অর্ধেক সময় একই পথে তার বিপরীত দিকে চলে তবে এর গতিকে স্পন্দন গতি বলে। কম্পনের সময় সুরশলাকার যেকোনো বাহু কম্পনের পর্যায়কালের অর্ধেক সময় যেদিকে গমন করে বাকি অর্ধেক সময় তার বিপরীত দিকে গমন করে ফলে স্পন্দন গতির সংজ্ঞানুসারে, কম্পনশীল সুরশলাকার গতি স্পন্দন গতি।

**গ** দেওয়া আছে,

$$\text{গাড়ির ভর, } m = 800 \text{ kg}$$

$$\text{প্রযুক্ত বল, } F = 1670 \text{ N}$$

$$\text{বায়ুর বাধা ও ঘর্ষণজনিত বল, } F' = 550 \text{ N}$$

$$\text{গাড়ির ত্বরণ, } a = ?$$

আমরা জানি, লন্ধি বল,  $F_R = ma$

$$\text{বা, } F - F' = ma$$

$$\text{বা, } a = \frac{F - F'}{m}$$

$$\text{বা, } a = \frac{1670 - 550}{800}$$

$$\therefore a = 1.4 \text{ ms}^{-2} \text{ (Ans.)}$$

**ঘ** উদ্দীপকের চলন্ত গাড়িটি  $1.4 \text{ ms}^{-2}$  সমত্বরণে গতিশীল ছিল। ড্রাইভার চলন্ত গাড়িটির ব্রেক ক্ষমতে গাড়ির চাকার উপর প্রযুক্ত বল শূন্য হবে কিন্তু গতি জড়ত্বার কারণে গাড়িটি অনুভূমিকভাবে সামনের দিকে কিছুক্ষণ গতিশীল থাকবে কেননা গাড়িটির উপর বায়ুর বাধা ও ঘর্ষণজনিত বল ক্রিয়া করে যা গাড়িটির গতির অভিমুখীর বিপরীতমুখী। এর ফলে গাড়িটির উপর একটি নির্দিষ্ট মন্দন ক্রিয়াশীল হবে এবং এর অনুভূমিক বল ধীরে ধীরে কমে শূন্য হবে। তখন গাড়িটি থেমে যাবে। অর্থাৎ ড্রাইভার চলন্ত গাড়িটির ব্রেক ক্ষমতে কিছু সময় পর অনুভূমিক বল শূন্য হবে।

**প্রশ্ন ▶ ১৭** ফ্রাকু 4kg ভরের একটি বাক্স একটি মেঝের উপর দিয়ে সমবলে টেনে নিল। বাক্স ও মেঝের মধ্যকার ঘর্ষণ বলের মান  $1.5 \text{ N}$ । বাক্সটিকে টেনে নেওয়ায় এর ত্বরণ হল  $0.8 \text{ ms}^{-2}$ । এরপর বাক্সটিকে ঘর্ষণবিহীন মেঝেতে একই বল প্রয়োগ করে টানা হলো।

/বীরপ্রেষ্ঠ সুর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা/

- ক. সাম্য বল কাকে বলে? 1

- খ. ভর হচ্ছে পদার্থের জড়ত্বার পরিমাণ ব্যাখ্যা করো। 2

- গ. প্রথম ক্ষেত্রে বাক্সটির উপর প্রযুক্ত বলের মান নির্ণয় করো। 3

- ঘ. ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন মেঝেতে ত্বরণের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে ব্যাখ্যা করো। 8

### ১৭ নং প্রশ্নের উত্তর

- ক** কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লন্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুর কোনো ত্বরণ না হয়, তখন যেই বলগুলো এই সাম্যাবস্থা স্থিতি করে তাদেরকে সাম্য বল বলে।

**ব** ভিন্ন ভরের দুটি বস্তু নিয়ে বস্তুদ্বয়কে স্থির অবস্থা থেকে গতিশীল করতে চাইলে ভারী বস্তুর ক্ষেত্রে বেশি প্রচেষ্টার দরকার হবে। একইভাবে বস্তুদ্বয় যদি গতিশীল থাকে তবে তাদেরকে থামানোর ক্ষেত্রে ভারী বস্তুর ক্ষেত্রে বেশি প্রচেষ্টা করতে হবে। এজন্যই বলা হয় ভর হল জড়তার পরিমাপক।

- গ** ১(গ) নং সূজনশীল প্রশ্নের অনুরূপ। উত্তর: 4.7 N  
**ঘ** ১(ঘ) নং সূজনশীল প্রশ্নের অনুরূপ।

**প্রশ্ন ▶ ১৮** A এবং B বস্তুর ভর 20 kg ও 30 kg B সামনে থেকে  $10 \text{ ms}^{-1}$  সমবেগে গতিশীল। A স্থির অবস্থান থেকে  $3 \text{ ms}^{-2}$  সমত্বরে গতিশীল। 10s পর সংঘর্ষে লিপ্ত হয়ে এরা মিলিত অবস্থায় চলতে থাকে।

/চাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ/

- ক. সুষম বেগ কাকে বলে? ১  
 খ.  $s = ut + \frac{1}{2}at^2$  সমীকরণটির যথার্থতা মাত্রা বিশ্লেষণের সাহায্যে ব্যাখ্যা করো। ২  
 গ. উপরের বস্তুদ্বয়ের মিলিত বেগ নির্ণয় করো। ৩  
 ঘ. উপরের ঘটনাটি কোন সূত্র সমর্থন করে, গাণিতিক যুক্তিসহকারে বিশ্লেষণ করো। ৪

১৮ নং প্রশ্নের উত্তর

**ক** যদি গতিশীল কোন বস্তুর বেগের মান ও দিক সময়ের সাথে অপরিবর্তিত থাকে তাহলে সেই বস্তুর বেগকে সুষমবেগ বলে।

**খ**  $s = ut + \frac{1}{2}at^2$  সমীকরণটি বিবেচনা করা যাক। উপরিউক্ত সমীকরণের তিনটি পদ আছে, বামদিকে একটি এবং ডানদিকে দুটি। সমীকরণের s হল সরণ-এর মাত্রা L।

অপরদিকে দিকে, u হলো আদিবেগ, এর মাত্রা  $\frac{L}{T} = L \text{ T}^{-1}$

$$a \text{ হল ত্বরণ, এর মাত্রা } \frac{L}{T^2} = LT^{-2}$$

t হল সময়, এর মাত্রা T

$$\therefore ut \text{ এর মাত্রা } = LT^{-1} \times T = L$$

$$at^2 \text{ এর মাত্রা } = LT^{-2} \times T^2 = L$$

উপরিউক্ত সমীকরণের বাম দিকের পদটির মাত্রা L, এবং ডানদিকের পদ দুটির মাত্রাও L। যাতে উপরিউক্ত সমীকরণের সত্যতা যাচাই হলো।

**গ** এখনে, বস্তুদ্বয় একই দিকে গতিশীল।

A বস্তুর ভর,  $m_A = 20 \text{ kg}$

B বস্তুর ভর,  $m_B = 30 \text{ kg}$

B এর সমবেগ,  $v_B = 10 \text{ ms}^{-1}$

A বস্তুর আদিবেগ,  $u_A = 0 \text{ ms}^{-1}$

A বস্তুর সমত্বরণ,  $a_A = 3 \text{ ms}^{-2}$

সময়,  $t = 10 \text{ sec}$

$$\text{সময় পর A বস্তুর বেগ, } v_A = u_A + a_A t \\ = (0 + 3 \times 10) \text{ ms}^{-1} \\ = 30 \text{ ms}^{-1}$$

মনে করি, বস্তুদ্বয়ের মিলিত বেগ, v

$$\therefore m_A v_A + m_B v_B = (m_A + m_B) v$$

$$\therefore v = \frac{m_A v_A + m_B v_B}{m_A + m_B}$$

$$= \frac{20 \times 30 + 30 \times 10}{20 + 30} \text{ ms}^{-1} \\ = 18 \text{ ms}^{-1} (\text{Ans.})$$

**ঘ** উপরের বস্তুদ্বয়ের মধ্যে সংঘর্ষের সময় ক্রিয়া-প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো ধরনের বল কাজ করেনি।

উদ্দীপক অনুযায়ী,

A বস্তুর ভর,  $m_A = 20 \text{ kg}$

B বস্তুর ভর,  $m_B = 30 \text{ kg}$

'g' হতে পাই,

সংঘর্ষের আগে A বস্তুর বেগ,  $v_A = 30 \text{ ms}^{-1}$

সংঘর্ষের আগে B বস্তুর বেগ,  $v_B = 10 \text{ ms}^{-1}$

'g' হতে পাই, সংঘর্ষের পরে বস্তুদ্বয়ের মিলিত বেগ,  $v = 18 \text{ ms}^{-1}$

∴ সংঘর্ষের আগে বস্তুদ্বয়ের ভরবেগের সমষ্টি

$$= m_A v_A + m_B v_B$$

$$= (20 \times 30 + 30 \times 10) \text{ kgms}^{-1}$$

$$= 900 \text{ kgms}^{-1}$$

এবং সংঘর্ষের পরে বস্তুদ্বয়ের ভরবেগের সমষ্টি

$$= (m_A + m_B)v$$

$$= (20 + 30) \times 18 \text{ kgms}^{-1}$$

$$= 900 \text{ kgms}^{-1}$$

সুতরাং দেখা যাচ্ছে, সংঘর্ষের সময় ক্রিয়া-প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো বল কাজ করেনি। আবার বস্তুদ্বয়ের আদি ভরবেগের সমষ্টি এবং শেষ ভরবেগের সমষ্টি সমান।

অতএব, উপরের ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে।

**প্রশ্ন ▶ ১৯** একজন দক্ষ শিকারী 6kg ভরের বন্দুক হতে  $300 \text{ ms}^{-1}$  বেগে 10 g ভরের একটি গুলি ছুড়ল। গুলি ছোড়ার সময় বন্দুক একটি প্রতিক্রিয়া বলের সূচি করল।

/সালেহা ইসহাক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ/

ক. পিচ কী?

১

খ. স্পর্শ বল কী ব্যাখ্যা কর।

২

গ. বন্দুকের পশ্চাত বেগ কত?

৩

ঘ. ঘটনাটি কী ভরবেগের সংরক্ষণ সূত্র মেনে চলে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৪

১৯ নং প্রশ্নের উত্তর

**ক** স্কুলগজের টুপি একবার ঘোরালে এর যতটুকু সরণ ঘটে এবং রৈখিক স্কেল বরাবর যে দৈর্ঘ্য এটি অতিক্রম করে তাকে স্কুলটির পিচ বলে।

**খ** যে বল সূচির জন্য দূটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শের প্রয়োজন তাকে স্পর্শ বল বলে। যখন আমরা হাত দিয়ে কোনো বস্তুকে ঢেলি বা টানি তখন আমাদের হাত বস্তুর উপর একটি বল প্রয়োগ করে। এই ঢেলা বা টানা বল হচ্ছে স্পর্শ বল। কেননা হাত ও বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শের ফলশুতি হচ্ছে এ বল। স্পর্শ বলের উদাহরণ হলো- ঘরণ বল, টান বল এবং সংঘর্ষের সময় স্ট্যট বল।

**গ** ১(গ) নং সূজনশীল প্রশ্নের অনুরূপ। [উত্তর:  $0.5 \text{ ms}^{-1}$ ]

**ঘ** উদ্দীপক হতে,

বন্দুকের ভর,  $M = 6 \text{ kg}$

বন্দুকের আদিবেগ,  $U = 0 \text{ ms}^{-1}$

'g' হতে বন্দুকের শেষ বেগ,  $V = -0.5 \text{ ms}^{-1}$

[গুলির ভর,  $m = 10 \text{ g} = 0.01 \text{ kg}$

গুলির আদিবেগ,  $u = 0 \text{ ms}^{-1}$

গুলির শেষ বেগ,  $v = 300 \text{ ms}^{-1}$

বন্দুক ও গুলির মোট আদি ভরবেগ,

$$= MU + mu$$

$$= 6 \times 0 + 0.01 \times 0$$

$$= 0 \text{ kg ms}^{-1}$$

বন্দুক ও গুলির মোট শেষ ভরবেগ

$$= MV + mv$$


$$= 6 \times (-0.5) + (0.01) \times 300$$

$$= -3 + 3$$

$$= 0$$

অর্থাৎ বন্দুক ও গুলির ক্ষেত্রে তাদের মোট আদি ভরবেগ ও মোট শেষ ভরবেগের মান একই। অর্থাৎ ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্র মেনে চলে।

**প্রশ্ন ▶ ২০**



A বস্তুর ভর,  $m_A = 8 \text{ kg}$   
 B বস্তুর ভর,  $m_B = 2 \text{ kg}$   
 A বস্তুর বেগ,  $v_A = 0 \text{ ms}^{-1}$   
 B বস্তুর বেগ,  $v_B = 12 \text{ ms}^{-1}$

সংঘর্ষের আগে A বস্তুর বেগ,  $v_A = 30 \text{ ms}^{-1}$

সংঘর্ষের আগে B বস্তুর বেগ,  $v_B = 10 \text{ ms}^{-1}$

A বস্তু 30 সেকেন্ড চলার পর স্থির বস্তু B কে ধাক্কা দেয় এবং মিলিত অবস্থায়  $12 \text{ ms}^{-1}$  বেগে চলতে থাকে। /মালিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা/

- ক. নিউটনের তৃতীয় গতিশৈলি বিবৃত করো। ১  
 খ. বল একটি লব্ধ রাশি কেন? ২  
 গ. A বস্তু কত বেগে B বস্তুকে ধাক্কা দিবে নির্ণয় করো। ৩  
 ঘ. উপরোক্ত ঘটনা ভরবেগের সংরক্ষণসূত্র মেনে চলে কিনা গাণিতিক যুক্তি দাও। ৪

### ২০ নং প্রশ্নের উত্তর

- ক** প্রত্যেক ক্রিয়ারই একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে।  
**খ** আমরা জানি,

$$\text{বল} = \text{ভর} \times \text{ত্বরণ} = \text{ভর} \times \frac{\text{বেগ}}{\text{সময়}} = \text{ভর} \times \frac{\text{সরণ}}{(\text{সময়})^2}$$

এখানে, ভর, সরণ এবং সময় হলো মৌলিক রাশি। সুতরাং একাধিক মৌলিক রাশির সমন্বয়ে গঠিত হওয়ায় বল একটি লব্ধ রাশি।

- গ** দেওয়া আছে,  
 A বস্তুর আদিবেগ,  $u_A = 0 \text{ ms}^{-1}$   
 A বস্তুর ত্বরণ,  $a_A = 0.5 \text{ ms}^{-2}$   
 সময়,  $t = 30 \text{ sec}$   
 t সময় পরে A বস্তুর বেগ,  $v_A = ?$

আমরা জানি,

$$v_A = u_A + a_A t$$


$$= (0 + 0.5 \times 30) \text{ ms}^{-1}$$

$$= 15 \text{ ms}^{-1}$$

$\therefore$  A বস্তু, B বস্তুকে  $15 \text{ ms}^{-1}$  বেগে ধাক্কা দিবে। (Ans.)

**ঘ** ৬(ঘ) নং প্রশ্নের অনুরূপ।

### প্রশ্ন ▶ ২১



/চট্টগ্রাম কাস্টমেন্ট পার্কিং স্টুল এস কলেজ/

- ক**. সাম্য বল কাকে বলে? ১  
 খ. নিউটনের গতির ২য় সূত্র হতে ১m সূত্র প্রতিপাদন করো। ২  
 গ. উদ্বিপক্ষের আলোকে ঘরণ বল নির্ণয় করো। ৩  
 ঘ.  $50 \text{ m}$  অতিক্রম করার পর প্রযুক্তি বল অপসারণ করলে বস্তুটি প্রথম থেকে সর্বমোট কত সময় পর থেমে যাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

### ২১ নং প্রশ্নের উত্তর

- ক** কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লব্ধি শূন্য হয় অর্থাৎ বস্তুর কোনো ত্বরণ না হয়, তখন যেই বলগুলো এই সাম্যবস্থা সৃষ্টি করে তাদেরকে সাম্য বল বলে।

**খ** নিউটনের তৃতীয় সূত্র হতে আমরা পাই, বস্তুর ভরবেগের পরিবর্তনের হার এর উপর প্রযুক্তি বলের সমানুপাতিক।

অর্থাৎ,  $F = ma$

$$\text{বা, } F = m \frac{v - u}{t}$$

$$\text{বা, } Ft = m(v - u)$$

এখন, বাহ্যিক বল প্রযুক্তি না হলে,  $F = 0$

$$\therefore 0 \times t = m(v - u)$$

$$\text{বা, } m(v - u) = 0$$

$$\text{বা, } v - u = 0$$

$$\therefore v = u$$

অর্থাৎ, বাহ্যিক বল প্রযুক্তি না হলে স্থির বস্তু চিরকাল স্থির থাকবে এবং গতিশীল বস্তু চিরকাল গতিশীল থাকবে। এটিই নিউটনের প্রথম সূত্র।

**গ** এখানে,

বস্তুর উপর প্রযুক্তি বল,  $F = 10 \text{ N}$

বস্তুর উপর কার্যকর বল,  $F_c = ma$

দেওয়া আছে, বস্তুর ভর,  $m = 2 \text{ kg}$

আদিবেগ,  $u = 0$

শেষ বেগ,  $v = 20 \text{ ms}^{-1}$

অতিক্রান্ত দূরত্ব  $s = 50 \text{ m}$

$$\therefore v^2 = u^2 + 2as$$

$$\text{বা, } 2as = 20^2$$

$$a = \frac{20^2}{2 \times 50} = 4 \text{ ms}^{-2}$$

$$\therefore \text{কার্যকর বল, } F_c = 4 \times 2 = 8 \text{ N}$$

$$\therefore \text{ঘর্ষণ বল } F_f = (10 - 8) = 2 \text{ N (Ans.)}$$

**ঘ** দেওয়া আছে,

বস্তুটির আদিবেগ,  $u = 0 \text{ ms}^{-1}$

সমত্বরণে অতিক্রান্ত দূরত্ব,  $s_1 = 50 \text{ m}$

সমত্বরণ শেষে বেগ,  $v = 20 \text{ ms}^{-1}$

সমত্বরণে চলার সময়,  $t_1 = ?$

'গ' অংশ হতে পাই, সমত্বরণ,  $a = 4 \text{ ms}^{-2}$

$$\text{আমরা জানি, } s_1 = ut_1 + \frac{1}{2} a t_1^2$$

$$\text{বা, } 50 = 0 \times t_1 + \frac{1}{2} \times 4 \times t_1^2$$

$$\text{বা, } \frac{50 \times 2}{4} = t_1^2$$

$$\therefore t_1 = \sqrt{\frac{100}{4}} = 5 \text{ sec.}$$

$50 \text{ m}$  দূরত্ব অতিক্রম করার পর প্রযুক্তি বল অপসারণ করলে বস্তুটির উপর শুধু ঘর্ষণ বল কাজ করবে।

'গ' অংশ হতে পাই, ঘর্ষণ বল,  $F_s = 2 \text{ N}$

দেওয়া আছে, বস্তুটির ভর,  $m = 2 \text{ kg}$

$$\therefore \text{এক্ষেত্রে মন্দন, } a_1 = \frac{F_s}{m}$$

$$= \frac{2 \text{ N}}{2 \text{ kg}}$$

$$= 1 \text{ ms}^{-2}$$

মনে করি, বস্তুটি  $t_2$  সময় পরে থেকে যাবে।

এক্ষেত্রে, আদিবেগ,  $v = 20 \text{ ms}^{-1}$

এবং শেষবেগ,  $v_1 = 0 \text{ ms}^{-1}$

$$\therefore v_1 = v - a_1 t_2$$

$$\text{বা, } 0 = 20 - 1 \times t_2$$

$$\text{বা, } t_2 = 20 \text{ sec.}$$

$$\therefore \text{বস্তুটির থামতে সর্বমোট সময়, } t = t_1 + t_2$$

$$= (5 + 20) \text{ sec}$$

$$= 25 \text{ sec}$$

অতএব,  $50 \text{ m}$  অতিক্রম করার পর প্রযুক্তি বল অপসারণ করলে বস্তুটি প্রথম থেকে সর্বমোট 25 sec-এ থেমে যাবে।

**প্রশ্ন ▶ ২২** জামান  $50 \text{ g}$  ভরের একটি পাথরকে  $60 \text{ ms}^{-1}$  বেগে ভূমির সমত্বরালে নিষ্কেপ করে। /ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/

**ক**. বলের মাত্রা লিখ।

**খ**.  $10 \text{ N}$  বল বলতে কী বোঝায়?

**গ**. পাথরটি যদি সমবেগে গতিশীল থাকে তবে 4s এ এটি কত দূরত্ব অতিক্রম করে, তা নির্ণয় করো।

**ঘ**.  $9 \text{ N}$  বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে 10m দূরত্বে থামানো সম্ভব হবে কি? গাণিতিক বিশ্লেষণের মতামত দাও।

### ২২ নং প্রশ্নের উত্তর

**ক** বলের মাত্রা,  $|F| = MLT^{-2}$ ।

**খ** ৩(খ) নং সূজনশীল প্রশ্নের দ্রষ্টব্য।

**গ** ৩(গ) নং সূজনশীল প্রশ্নের দ্রষ্টব্য।

**ঘ** ৩(ঘ) নং সূজনশীল প্রশ্নের দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ২৩** নাবিল  $5 \text{ kg}$  ভরের বন্দুক থেকে  $10 \text{ g}$  ভরের একটি গুলি,  $400 \text{ ms}^{-1}$  বেগে ছুড়ল। এ সময় গুলিটি  $5 \text{ cm}$  পুরু একটি তক্তায়  $3 \text{ cm}$  প্রবেশ করার পর এর গতিশীল এক-চতুর্থাংশ হয়ে যায়।

/নরসিংহনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নরসিংহনী/

ক. সুষম মন্দন কী?

খ. একটি ফ্যানের সুইচ অফ করার পরও এটি কিছুক্ষণ ঘুরে কেন? ২

গ. বন্দুকের পশ্চাত বেগের মান নির্ণয় করো। ৩

ঘ. গুলিটি তত্ত্বাতি ভেদ করে বেরিয়ে থেকে পারবে কী? গাণিতিক বিশ্লেষণ করো। ৪

### ২৩ নং প্রশ্নের উত্তর

**ক** কোন বস্তুর বেগ যদি নির্দিষ্ট দিকে সব সময় একই হারে কমতে থাকে তাহলে সে মন্দনই হলো সুষম মন্দন।

**খ** গতি জড়তার কারণে একটি ফ্যানের সুইচ অফ করার পরও এটি কিছুক্ষণ ঘুরে। ফ্যান এর সুইচ অফ করার সাথে সাথে ফ্যান এর মোটরের উপর ক্রিয়াশীল টর্ক থেমে যায় কিন্তু ফ্যানের গতি জড়তার দ্রুত সমকোণিক বেগে ঘুরার চেষ্টা করে। ফ্যানের পাখার সাথে যুক্ত শ্যাফটের এর ঘর্ষণ ও বায়ুর বাধার কারণে ফ্যান ধীরে ধীরে থেমে যায়। এই বাধাদানকারী বলের প্রভাবে ফ্যান কিন্তু সময় পর থেমে যায়। তাই ফ্যানের সুইচ বন্ধ করার পরও এটি কিছুক্ষণ ঘুরে।

**গ** আমরা জানি,

$$\begin{aligned} MV &= -mv \\ \text{বা, } V &= -\frac{mv}{M} \\ &= -\frac{0.01 \text{ kg} \times 400 \text{ ms}^{-1}}{5 \text{ kg}} \\ &= -0.8 \text{ ms}^{-1} \end{aligned}$$

অর্থাৎ বন্দুকের পশ্চাত বেগ =  $0.8 \text{ ms}^{-1}$  (Ans.)

**ঘ** এখানে,

$$\begin{aligned} \text{এখানে,} \\ \text{বন্দুকের ভর, } M &= 5 \text{ kg} \\ \text{গুলির ভর, } m &= 10g = 0.01 \text{ kg} \\ \text{গুলির বেগ, } v &= 400 \text{ ms}^{-1} \\ \text{বন্দুকের পশ্চাত বেগ, } V &=? \end{aligned}$$

গুলির ভর,  $m = 10g = 0.01 \text{ kg}$   
গুলির আদিবেগ  $v_1 = 400 \text{ ms}^{-1}$

$$\begin{aligned} \therefore \text{গুলির আদি গতিশক্তি, } E_{k_1} &= \frac{1}{2} mv^2 \\ &= \frac{1}{2} \times 0.01 \text{ kg} \times (400 \text{ ms}^{-1})^2 \\ &= 800 \text{ J} \end{aligned}$$

3cm ভেদ করার পর গতিশক্তি,  $E_{k_2} = \frac{1}{4} E_{k_1} = \frac{1}{4} \times 800 \text{ J} = 200 \text{ J}$

$s = 3 \text{ cm} = 0.03 \text{ m}$  ভেদ করার পর গুলিটির বেগ  $v_2$  হলো,

$$\frac{1}{2} mv_2^2 = E_{k_2}$$

$$\text{বা, } v_2^2 = \frac{2E_{k_2}}{m} = \frac{2 \times 200 \text{ J}}{0.01 \text{ kg}}$$

$$\therefore v_2 = 200 \text{ ms}^{-1}$$

এক্ষেত্রে মন্দন  $a$  হলো, আমরা জানি,

$$v_2^2 = v_1^2 - 2as$$

$$\text{বা, } a = \frac{v_1^2 - v_2^2}{2s}$$

$$= \frac{(400 \text{ ms}^{-1})^2 - (200 \text{ ms}^{-1})^2}{2 \times 0.03 \text{ m}}$$

$$\therefore a = 2 \times 10^6 \text{ ms}^{-2}$$

ধরি, গুলিটি তত্ত্বাতি আরও  $x$  দূরত্ব প্রবেশ করে থেমে যাবে। এক্ষেত্রে শেষবেগ শূন্য।

$$\therefore 0^2 = v_2^2 - 2ax$$

$$\text{বা, } 2ax = v_2^2$$

$$\text{বা, } x = \frac{v_2^2}{2a} = \frac{(200 \text{ ms}^{-1})^2}{2 \times 2 \times 10^6 \text{ ms}^{-2}}$$

$$\therefore x = 0.01 \text{ m} = 1 \text{ cm} < 2 \text{ cm}$$

অতএব, গাণিতিক বিশ্লেষণে দেখা যায় যে, গুলিটি তত্ত্বাতি ভেদ করে বেরিয়ে থেকে পুরোই থেমে যাবে। সুতরাং, গুলিটি তত্ত্বাতি ভেদ করে বেরিয়ে থেকে পারবে না।

**প্রশ্ন ▶ ২৪** 50kg ও 60kg ভরের দুইজন ব্যক্তি নদীতে 250kg ভরের একটি স্থির নৌকায় বসেছিল। কোন এক সময় 60kg ভরের ব্যক্তি নৌকা হতে  $3 \text{ ms}^{-1}$  বেগে নদীতে লাফ দিলেন। এতে নৌকাটি  $0.6 \text{ ms}^{-1}$  বেগে পেছনের গতিশীল হয়ে  $15 \text{ s}$  এর মধ্যে থেমে গেল।

/ক্লাস্টিনহেট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর/

ক. জড়তা কাকে বলে? ১

খ. দুটি বিন্দুর মধ্যে সর্বনিম্ন দূরত্বই সরণ—ব্যাখ্যা কর। ২

গ. 60kg ভরের ব্যক্তি লাফ দেওয়ার পরে নৌকাটি কত দূরণ লাফ করেছিল? ৩

ঘ. উদ্বীপকের তথ্যাবলি ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কী?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

### ২৪ নং প্রশ্নের উত্তর

**ক** বস্তু যে অবস্থায় আছে চিরকাল সে অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা ধর্ম তাই বস্তুর জড়তা।

**খ** নির্দিষ্ট অবস্থানের পরিবর্তনের হারই সরণ। সরণ হল একটি ডেক্ট রাশি। আদি ও শেষ অবস্থানের মধ্যবর্তী সরলরেখিক দূরত্ব হল সরণ। দুটি বিন্দুর মধ্যে সরলরেখিক সর্বনিম্ন দূরত্ব হল বিন্দু দুইটির লম্ব দূরত্ব। সুতরাং দুটি বিন্দুর মধ্যে সর্বনিম্ন দূরত্বই হল সরণ।

**গ** দেয়া আছে,

নৌকার আদিবেগ,  $u = 0.6 \text{ ms}^{-1}$

শেষবেগ,  $v = 0 \text{ ms}^{-1}$

দূরণ,  $a = ?$

সময়,  $t = 15 \text{ s}$

আমর জানি,

$$v = u + at$$

$$\Rightarrow a = \frac{v - u}{t}$$

$$= \frac{0 - 0.6 \text{ ms}^{-1}}{15 \text{ s}}$$

$$= -0.04 \text{ ms}^{-2}$$
 (Ans.)

ব্যক্তির লাফ দেওয়ার ফলে নৌকার দূরণ নির্ণয় করতে হলে নৌকা ও ব্যক্তির মধ্যবর্তী কার্যকর ক্রিয়া প্রতিক্রিয়া বল জানা প্রয়োজন। তার জন্য ক্রিয়া প্রতিক্রিয়া সংযোগের সময় জানা প্রয়োজন। এই তথ্যগুলো উল্লেখ না করায় এই দূরণ নির্ণয় সম্ভব নয়। কিন্তু নৌকা গতিশীল হওয়া ও থেমে যাওয়ার মধ্যবর্তী সময়ে নৌকা ও নদীর পানির মধ্যবর্তী ঘর্ষণ জনিত দূরণ নির্ণয় সম্ভব।

**ঘ** দেওয়া আছে,

১ম ব্যক্তির ভর,  $m_1 = 50 \text{ kg}$

২য় ব্যক্তির ভর,  $m_2 = 60 \text{ kg}$

নৌকার ভর,  $m_3 = 250 \text{ kg}$

১ম ব্যক্তির আদিবেগ,  $u_1 = 0 \text{ ms}^{-1}$

২য় ব্যক্তির আদিবেগ,  $u_2 = 0 \text{ ms}^{-1}$

নৌকার আদিবেগ,  $u_3 = 0 \text{ ms}^{-1}$

২য় ব্যক্তির শেষবেগ,  $v_2 = 3 \text{ ms}^{-1}$

১ম ব্যক্তির শেষবেগ = নৌকার শেষবেগ =  $v = -0.6 \text{ ms}^{-1}$

আদি ভরবেগের সমষ্টি =  $m_1 u_1 + m_2 u_2 + m_3 u_3$

$$= 0 \text{ kg ms}^{-1}$$

শেষ ভরবেগের সমষ্টি =  $m_1 v + m_2 v_2 + m_3 v$

$$= m_2 v_2 + (m_1 + m_3) v$$

$$= 60 \times 3 + (250 + 50) \times (-0.6)$$

$$= (180 - 180) \text{ kgms}^{-1}$$

$$= 0$$

যেহেতু আদি ভরবেগের সমষ্টি = শেষ ভরবেগের সমষ্টি।

অতএব উদ্বীপকের তথ্যাবলি ভরবেগের সংক্ষরণের সূত্র সমর্থন করে।

**প্রশ্ন ▶ ২৫** 4 kg ভরের একটি বারু একটি মেঝের উপর দিয়ে সমবলে টেনে নেওয়া হলো। বারু ও মেঝের মধ্যকার ঘর্ষণ বলের মান হলো 1.5 N। বারুটিকে টেনে নেওয়ায় এর দূরণ হলো  $0.8 \text{ ms}^{-2}$ । এরপর বারুটিকে ঘর্ষণবিহীন মেঝেতে একই বল প্রয়োগ করে টানা হলো।

/সরকারি কে.জি. ইউনিয়ন উচ্চ বিদ্যালয়/

ক. সাম্য বল কাকে বলে?

খ. অভিকর্ষজ ত্বরণ বন্ধুর ভর নিরপেক্ষ হলেও স্থান নিরপেক্ষ নয়? গাণিতিকভাবে ব্যাখ্যা দাও।

গ. প্রথম ক্ষেত্রে বারুটির উপর প্রযুক্ত বলের মান নির্ণয় করো।

ঘ. ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন মেঝেতে ত্বরণের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে ব্যাখ্যা করো।


$$\therefore 10s \text{ পর } \text{ত্বরণে}, M = mv$$

$$= 10 \times 30$$

$$= 300 \text{ kgms}^{-1}$$

ঘ ১৩(ঘ) নং প্রশ্নের অনুরূপ।

প্রশ্ন ▶ ২৭



ক. যেসব বলের কারণে সাম্যবস্থা সৃষ্টি হয় তাদেরকে সাম্যবল বলে।

খ. অভিকর্ষ বলের প্রভাবে মুক্তভাবে পড়ত কোন বন্ধুর বেং বৃত্তির হারকে অভিকর্ষজ ত্বরণ বলে। একে  $g$  দ্বারা প্রকাশ করা হয়। কোন বন্ধুর ভর  $m$ , পৃথিবীর ভর  $M$ , ব্যাসার্ধ  $R$  এবং মহাকাশীয় ধূবক  $C$  হলে বন্ধুর ওজন = অভিকর্ষ বল

$$\text{বা, } mg = G \frac{Mm}{R^2}$$

$$\text{বা, } g = \frac{GM}{R^2} \quad \dots \dots \dots \text{(i)}$$

কিন্তু পৃথিবীর বিভিন্ন স্থানে  $R$  এর মান ভিন্ন।  $R$  এর মানের ভিন্নতার জন্য  $g$  এর মান পরিবর্তিত হয়। (i) নং সমীকরণ থেকে বলা যায় যে  $g$  এর মানের ক্ষেত্রে বন্ধুর ভর  $m$  এর মানের কোন প্রভাব নেই। সুতরাং অভিকর্ষজ ত্বরণ বন্ধুর ভর নিরপেক্ষ হলেও স্থান নিরপেক্ষ নয়।

গ ১(গ) নং সূজনশীল প্রশ্নের অনুরূপ। উত্তর : 4.7 N

ঘ ১(ঘ) নং সূজনশীল প্রশ্নের অনুরূপ।

প্রশ্ন ▶ ২৬ P ও Q বন্ধুদ্বয়ের ভর যথাক্রমে 10kg ও 20kg। Q বন্ধুটি  $10\text{ms}^{-1}$  বেগে চলমান। Q বন্ধুটির সামনে থেকে P বন্ধুটি স্থিরাবস্থান হতে  $3\text{ms}^{-2}$  ত্বরণে একই দিকে চলতে শুরু করে। 10sec পর এদের মধ্যে সংঘর্ষ হয় এবং সংঘর্ষের পর এরা যুক্ত হয়ে  $16.66\text{ms}^{-1}$  বেগে একই দিকে গতিশীল হয়।

ক. নিউটনের গতির দ্বিতীয় সূত্রটি বিবৃত করো।

খ. একটি বন্দুক হতে উর্ধ্বমুখী বুলেট ছোড়া হলে বন্দুকটি নিচের দিকে সরে আসে কেন? ব্যাখ্যা করো।

গ. Q এর সাথে মিলিত হবার পূর্বে P এর ত্বরণে কত ছিল নির্ণয় করো।

ঘ. উপরোক্ত ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কী? গাণিতিক যুক্তিসহ বর্ণনা করো।

১  
২  
৩  
৪  
৫  
৬  
৭  
৮

### ২৬ নং প্রশ্নের উত্তর

ক. “কোনো বন্ধুর ভরবেগের পরিবর্তনের হার বন্ধুর উপর প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যেদিকে ক্রিয়া করে বন্ধুর ভরবেগের পরিবর্তনও সেদিকে ঘটে।

খ. দূটি বন্ধুর সংঘর্ষে বন্ধুদ্বয়ের মোট আদি ভরবেগের সমষ্টি এবং সংঘর্ষের পর মোট শেষ ভরবেগের সমষ্টি সমান থাকে। এটি ভরবেগের সংরক্ষণ সূত্র।

এখন, একটি বন্দুক হতে বুলেট ছোড়ার ক্ষেত্রে বুলেট ছোড়ার পূর্বে বন্দুক ও বুলেট উভয়ই স্থির থাকে। বন্দুক থেকে উর্ধ্বমুখী বুলেট ছোড়া হলে বুলেটের শেষ ভরবেগ নিম্নমুখী হয়। ভরবেগের সংরক্ষণ সূত্রানুযায়ী বন্দুকেরও একটি নিম্নমুখী এবং বুলেটের সমান ভরবেগ উৎপন্ন হয় যাতে মোট শেষ ভরবেগ শূন্য হয়।

অতএব, বন্দুক হতে উর্ধ্বমুখী বুলেট ছোড়া হলে বন্দুকটি নিচের দিকে সরে আসে।

গ. উদ্দিপক অনুযায়ী Q বন্ধুর সাথে মিলিত হবার পূর্বে,

$$P \text{ বন্ধুর আদিবেগ, } u = 0 \text{ ms}^{-1}$$

$$\text{ত্বরণ, } a = 3\text{ms}^{-2}$$

$$\text{সংঘর্ষের পূর্বে চলমান সময়, } t = 10s$$

$$P \text{ বন্ধুর ভর, } m = 10 \text{ kg}$$

ধরা যাক, Q এর সাথে মিলিত হবার পূর্বে 10s চলার পর P বন্ধুর বেগ, V তাহলে বের করতে হবে, বন্ধুর ভরবেগ, M = ?

আমরা জানি,

$$\begin{aligned} v &= u + at = 0 + 3 \times 10 \\ &= 30\text{ms}^{-1} \end{aligned}$$


$$\therefore 10s \text{ পর } \text{ত্বরণে, } M = mv$$

$$= 10 \times 30$$

$$= 300 \text{ kgms}^{-1}$$

ঘ ১৩(ঘ) নং প্রশ্নের অনুরূপ।

প্রশ্ন ▶ ২৭



দোলকটির গোলক আকৃতির ববের আয়তন  $\frac{1}{6} \pi$  ঘনমিটার। সুতরাং দৈর্ঘ্য 1m। এটি B বিন্দুতে গিয়ে আবার ফিরে আসে।

।/বি এ এফ শাহীন কলেজ, ঢাকা।

ক. ভার্নিয়ার ধূবক কি?

খ. মহাবিশ্বে পরম গতিশীল বন্ধু পাওয়া সম্ভব নয় কেন?

গ. B থেকে A তে আসতে যদি 0.5 second সময় লাগে তবে দোলকটির কম্পাঙ্ক কত?

ঘ. দোলকটি B বিন্দুতে থেমে আবার যখন A বিন্দুতে আসে তখন এর বেগ কত হবে তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে নির্ণয় করো।

### ২৭ নং প্রশ্নের উত্তর

ক. মূল স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভার্নিয়ার স্কেলের এক ভাগ যতটুকু ক্ষুদ্রতর সে পরিমাণকে দৈর্ঘ্য পরিমাপক যন্ত্রের ভার্নিয়ার ধূবক বলে।

খ. স্থিতি বা গতি নির্ধারিত হয় প্রসঙ্গ বন্ধুর সাপেক্ষে। পরম চিত্তিশীল প্রসঙ্গ বন্ধুর সাপেক্ষে কোনো বন্ধুর গতিকে পরম গতি বলে। কিন্তু এ মহাবিশ্বে এমন কোনো প্রসঙ্গ বন্ধু পাওয়া সম্ভব নয় যা প্রকৃতগঙ্কে বিন্দির রয়েছে। কারণ পৃথিবী প্রতিনিয়ত সূর্যের চারদিকে ঘূরছে। সুতরাং মহাবিশ্বে পরম গতিশীল বন্ধু পাওয়া সম্ভব নয়।

গ. দেওয়া আছে, B থেকে A আসতে,  $t = 0.5s$  সময় লাগে যা পর্যায়কালের এক চতুর্থাংশ।

$$\therefore t = \frac{T}{4}$$

$$\Rightarrow T = 4t$$

$$= 4 \times 0.5s$$


$$= 2s$$

কম্পাঙ্ক  $f$  হলে,

$$f = \frac{1}{T}$$

$$= \frac{1}{2s} = 0.5s^{-1} \text{ (Ans.)}$$

ঘ. এখানে,



$$\frac{OC}{OB} = \cos\theta$$

$$\Rightarrow OC = OB \cos\theta$$

$$= 1 \cos 30^\circ$$

$$= \frac{\sqrt{3}}{2} \text{ m}$$

$$\therefore CA = OA - OC$$

$$\therefore h = (1 - 0.5)\text{m}$$

$$= \frac{\sqrt{3}}{2} \text{ m}$$

B বিন্দুতে বিভব শক্তি = A বিন্দুতে গতিশক্তি

$$\text{বা, } mgh = \frac{1}{2} mv^2$$

$$\text{বা, } v^2 = 2gh$$

$$\text{বা, } v^2 = 2 \times 9.8 \text{ ms}^{-2} \times \left(1 - \frac{\sqrt{3}}{2}\right)$$

$$\therefore v = \sqrt{9.8 \text{ m}^2 \text{s}^{-2}}$$

$$v = 2.63 \text{ ms}^{-1}$$

$$\therefore A \text{ বিন্দুতে বেগ} = 2.63 \text{ ms}^{-1}$$

**প্রশ্ন ▶ ২৮** একটি বন্দুক হতে  $1 \text{ km s}^{-1}$  বেগে  $10 \text{ g}$  ভরের একটি গুলি এক টুকরা কাঠের মধ্যে  $3 \times 10^3 \text{ mJ}$  মি. মি. প্রবেশ করে থেমে গেল।

(চট্টগ্রাম সিটি কলেজের আসন: বিদ্যালয়)

ক. ডিউৎ চৌম্বক বল কাকে বলে? ১

খ. তামার ক্ষেত্র প্রসারণ সহগ  $33.4 \times 10^{-6} \text{ K}^{-1}$  বলতে কী বোঝ? ২

গ. বন্দুকের ভর  $40 \text{ kg}$  হলে বন্দুক কত বেগে শিকারীকে পিছনে ধাক্কা দিবে? নির্ণয় করো। ৩

ঘ. উদ্ধীপকের তথ্যটি ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

২৮ নং প্রশ্নের উত্তর

ক. দুটি আহিত কণা বা দুটি চৌম্বক মেরু একে অপরের ওপর যে আকর্ষণ বা বিকর্ষণ বল প্রয়োগ করে তাকে ডাইডি চৌম্বক বল বলে।

খ. তামার ক্ষেত্র প্রসারণ সহগ  $33.4 \times 10^{-6} \text{ K}^{-1}$  বলতে বুঝায়  $1 \text{ m}^2$  ক্ষেত্রফল বিশিষ্ট কোনো ইস্পাতের পাতের তাপমাত্রা  $1 \text{ K}$  বৃদ্ধি করলে এই পাতের ক্ষেত্রফল  $22 \times 10^{-6} \text{ m}^2$  বৃদ্ধি পায়।

গ. ৯(গ) নং প্রশ্নের অনুরূপ। উত্তর:  $0.25 \text{ ms}^{-1}$

ঘ. ১৯(ঘ) নং প্রশ্নের অনুরূপ।

**প্রশ্ন ▶ ২৯**  $2 \text{ kg}$  ভরের একটি বন্দুক থেকে  $20 \text{ g}$  ভরের একটি গুলি  $200 \text{ ms}^{-1}$  বেগে বের হয়ে কোনো কাঠের মধ্যে  $3 \text{ mm}$  চুক্কে বেগ অর্থেক হয়ে গেল।

(লায়জ স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর)

ক. জড়তা কাকে বলে? ১

খ. বায়ু ভর্তি বেলুন ফুটো করে ছেড়ে দিলে সামনের দিকে উড়ে যায় কেন? ২

গ. উদ্ধীপকের বন্দুকের পশ্চাত বেগ নির্ণয় করো। ৩

ঘ. গুলি কাঠের মধ্যে আর কত দূরে গিয়ে থেমে যাবে গাণিতিকভাবে নির্ণয় করো। ৪

২৯ নং প্রশ্নের উত্তর

ক. বস্তু যে অবস্থায় আছে তিচাকল সে অবস্থায় থাকতে চাওয়ার যে প্রয়োগ বা ধর্ম তাই বস্তুর জড়তা।

খ. বায়ু ভর্তি একটি বেলুন ফুটো করে ছেড়ে দিলে তা ভরবেগের সংরক্ষণ সূত্র মেনে চলে সামনের দিকে এগিয়ে চলে। যখন বেলুন ফুটো করে দেয়া হয় তা থেকে যে বায়ু নির্গত হয় তার একটি ভরবেগ থাকে। তখন ভরবেগ সংরক্ষিত থাকার জন্য বেলুন বিপরীত দিকে গতিপ্রাপ্ত হয়। এ কারণে বেলুন ফুটো করে দিলে তা সামনের দিকে উড়ে চলে।

গ. দেওয়া আছে,

বন্দুকের ভর,  $M = 2 \text{ kg}$

গুলির ভর,  $m = 20 \text{ g}$

$$= 20 \times 10^{-3} \text{ kg}$$

বন্দুকের আদিবেগ,  $u_1 = 0 \text{ ms}^{-1}$

গুলির আদিবেগ,  $u_2 = 0 \text{ ms}^{-1}$

গুলির শেষবেগ,  $v_2 = 200 \text{ ms}^{-1}$

বন্দুকের পশ্চাত বেগ,  $v_1 = ?$

ভরবেগের সংরক্ষণ সূত্র থেকে আমরা পাই,

$$Mu_1 + mu_2 = Mv_1 + mv_2$$

$$\text{বা, } 2 \times 0 + 20 \times 10^{-3} \times 0 = 2 \times v_1 + 20 \times 10^{-3} \times 200$$

$$\text{বা, } 0 + 0 = 2v_1 + 4$$

$$\text{বা, } 2v_1 = -4$$

$$\therefore v_1 = -2 \text{ ms}^{-1}$$

অতএব, বন্দুকের পশ্চাত বেগ  $2 \text{ ms}^{-1}$ । (Ans.)

ঘ. দেওয়া আছে,

কাঠের মধ্যে প্রবেশের পূর্বে গুলির বেগ,  $u_1 = 200 \text{ ms}^{-1}$

কাঠের মধ্যে গুলির অতিক্রান্ত দূরত্ব,  $s_1 = 3 \text{ mm}$

$$= 3 \times 10^{-3} \text{ m}$$

শর্তমতে,  $s_1$  দূরত্ব অতিক্রম করার পর বেগ,  $v_1 = \frac{u_1}{2}$

$$= \frac{200 \text{ ms}^{-1}}{2}$$

$$= 100 \text{ ms}^{-1}$$

কাঠের মধ্যে আরও অতিক্রান্ত দূরত্ব,  $s_2 = ?$

মনে করি, কাঠের মধ্যে গুলিটি সমমন্দনে চলে এবং সমমন্দন হলো a

$$\therefore v_1^2 = u_1^2 - 2as_1$$

$$\text{বা, } \left(\frac{u_1}{2}\right)^2 = u_1^2 - 2a \times 3 \times 10^{-3}$$

$$\text{বা, } \frac{u_1^2}{4} - u_1^2 = -2a \times 3 \times 10^{-3}$$

$$\text{বা, } a = \frac{3u_1^2}{4 \times 2 \times 3 \times 10^{-3}}$$

$$\therefore a = \frac{3 \times (200)^2}{4 \times 2 \times 3 \times 10^{-3}} \text{ ms}^{-2}$$

$$= 5 \times 10^6 \text{ ms}^{-2}$$

শর্তমতে,  $S_2$  দূরত্ব অতিক্রম করার পর বেগ,  $V_2 = 0 \text{ ms}^{-1}$  হবে।

$$\therefore v_2^2 = v_1^2 - 2as_2$$

$$\text{বা, } (0)^2 = (100)^2 - 2 \times 5 \times 10^6 \times S_2$$

$$\text{বা, } S_2 = \frac{(100)^2}{2 \times 5 \times 10^6}$$

$$\therefore S_2 = 1 \times 10^{-3} \text{ m}$$

$$= 1 \text{ mm}$$

অতএব, গুলিটি কাঠের মধ্যে  $1 \text{ mm}$  গিয়ে থেমে যাবে।

**প্রশ্ন ▶ ৩০**  $15 \text{ g}$  ভরের একটি গুলি  $1080 \text{ kmh}^{-1}$  বেগে  $2 \text{ cm}$  পূরু ষটি তত্ত্ব বাণিলে আঘাত করে ২টি তত্ত্ব ভেদ করে এর বেগ  $25\%$  হারায়।

(বঙ্গো সরকারি বাণিজ্য বিদ্যালয়)

ক. কুলমুের সূত্রটি লেখ। ১

খ. ECG এর ব্যবহার লেখো। ২

গ. ২ টি তত্ত্ব ভেদ করতে কি পরিমাণ ত্বরণ ক্রিয়া করে নির্ণয় কর। ৩

ঘ. ২ টি তত্ত্ব ভেদ করতে কি পরিমাণ বাধাদানকারী বল কাজ করে এবং দেখাও যে গুলিটি অবশিষ্ট বেগে সবগুলো তত্ত্ব ভেদ করতে পারে না। ৪

৩০ নং প্রশ্নের উত্তর

ক. নিমিষিত মাধ্যমে দুইটি বিন্দু আধানের মধ্যে ক্রিয়াশীল আকর্ষণ বা বিকর্ষণ বলের মান আধানস্থায়ের গুণফলের সমানুপাতিক, মধ্যবর্তী দূরত্বের বর্গের ব্যন্তিনুপাতিক এবং এই বল এদের সংযোজক সরলরেখা বরাবর ক্রিয়া করে।

খ. সাধারণত কোনো রোগের বাহ্যিক লক্ষণ যেমন- বুকের ধরফড়ানি, অনিয়মিত ও দুট হৃৎসমন্দন, বুকে ব্যাথা ইত্যাদির কারণ নির্ণয় করার জন্য ইসিজি ব্যবহার করা হয়। এছাড়াও নিয়মিত পরীক্ষার অংশ হিসেবে যেমন- অপারেশনের পূর্বে ইসিজির সাহায্যে নেয়া হয়। এছাড়াও হৃৎপিণ্ডের অস্বাভাবিক কম্পন নির্ণয়ের জন্য, সম্প্রসারিত হৃৎপিণ্ড নির্ণয়ের জন্য ইসিজি ব্যবহার করা হয়।

গ. দেয়া আছে,

গুলির আদিবেগ,  $u = 1080 \text{ kmh}^{-1}$

$$= \frac{1080 \times 1000}{3600} \text{ ms}^{-1}$$

$$= 300 \text{ ms}^{-1}$$

$$2 \text{টি তত্ত্ব ভেদ করতে সরণ, } s = 2 \times 20 \text{ m} = 4 \text{ cm}$$

$$= 0.04 \text{ m}$$

শেষবেগ,  $v = u - u \times 25\%$

$$= 300 - 75$$

$$= 225 \text{ ms}^{-1}$$

ত্বরণ,  $a = ?$

মন্দনের জন্য, জানা আছে,

$$v^2 = u^2 - 2as$$

বা,  $u^2 - v^2 = 2as$

বা,  $a = \frac{v^2 - u^2}{2s}$

বা,  $a = \frac{(300)^2 - (225)^2}{2 \times 0.04}$

$\therefore a = 492187.5 \text{ ms}^{-2}$  (Ans.)

ঘ দেওয়া আছে,

গুলির ভর,  $m = 15 \text{ gm} = 0.015 \text{ kg}$

গুলির আদিবেগ,  $u = 1080 \text{ kmh}^{-1}$

$$= 300 \text{ ms}^{-1}$$

২টি তক্তা ভেদ করার পর বেগ,  $v = 225 \text{ ms}^{-1}$

ত্বরণ,  $a = 492187.5 \text{ ms}^{-2}$  [(গ) অংশ হতে]

২টি তক্তা ভেদ করতে বাধাদানকারী বল,  $F = ?$

জানা আছে,

$$F = ma$$

$$= 0.015 \times 492187.5$$

$$= 7382.8 \text{ N}$$

গুলির বেগ শূন্য না হওয়া পর্যন্ত সেটি ভেদ করতে পারে। দুটি তক্তা ভেদ করার পর আদিবেগ,  $u = 225 \text{ ms}^{-1}$

অতিক্রান্ত দূরত্ব,  $S'$  হলে

$$v^2 = u^2 - 2as$$

বা,  $0 = (225)^2 - 2 \times (492187.5)s'$

$$(225)^2$$

বা,  $s' = \frac{2 \times 492187.5}{225} = 0.514 \text{ m} = 5.14 \text{ cm}$

সবগুলো তক্তা ভেদ করতে হলে গুলিকে অবশিষ্ট আরো ৫টি তক্তা ভেদ করতে হবে অর্থাৎ  $(5 \times 2) = 10 \text{ cm}$  পথ অতিক্রম করতে হবে। কিন্তু

গুলিটি মাত্র  $5.14 \text{ cm}$  পথ অতিক্রম করতে পারে। তাই দুটি তক্তা ভেদ করার পর গুলিটি অবশিষ্ট বেগে সবগুলো তক্তা ভেদ করতে পারবে না।

প্রমাণিত ৩১ 100 g ভরের একটি গুলি  $100 \text{ ms}^{-1}$  বেগে  $15 \text{ cm}$  পুরু একটি দেয়ালে  $10 \text{ cm}$  ভেদ করার পর উহার বেগ অর্ধেক হয়।

/গুলির স্থূল এক কলেজ, রংপুর।

ক. SI একক কাকে বলে?

খ. বলের মাত্রা বিশেষণ দেখাও।

গ. গুলিটির উপর দেয়ালের বাধাদানকারী বলের মান নির্ণয় করো।

ঘ. গুলিটি সম্পূর্ণ দেয়াল ভেদ করতে পারবে কী? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও।

৪

### ৩১ নং প্রশ্নের উত্তর

ক 1960 সাল থেকে পৃথিবীজুড়ে বিডিএল রাশির যে একই রকম আন্তর্জাতিক একক চালু হয় তাই SI একক।

খ আমরা জানি,

$$\text{বল} = \text{ভর} \times \text{ত্বরণ}$$

$$= \text{ভর} \times \frac{\text{বেগ}}{\text{সময়}}$$

$$= \text{ভর} \times \frac{\text{সরণ}}{(\text{সময়})^2}$$

যেহেতু ভরের মাত্রা M, সরণের মাত্রা L এবং সময়ের মাত্রা T

$$\text{সূতরাং, বলের মাত্রা} = M \times \frac{L}{T^2}$$
$$= MLT^{-2}$$

ঘ দেওয়া আছে,

গুলির ভর,  $m = 100 \text{ g}$

$$= 0.1 \text{ kg}$$

গুলির আদিবেগ,  $u = 100 \text{ ms}^{-1}$

সরণ,  $s = 10 \text{ cm}$

$$= 0.1 \text{ m}$$

$$\text{গুলির শেষবেগ, } v = \frac{u}{2}$$

$$= 50 \text{ ms}^{-1}$$

বাধাদানকারী বল,  $F = ?$

আমরা জানি,

মন্দন a হলে,

$$v^2 = u^2 - 2as$$

$$\Rightarrow a = \frac{u^2 - v^2}{2s}$$

$$= \frac{(100)^2 - (50)^2}{2 \times 0.1}$$

$$= 37500 \text{ ms}^{-2}$$

আবার,  $F = ma$

$$= 0.1 \text{ kg} \times (37500) \text{ ms}^{-2}$$

$$= 3750 \text{ N} \text{ (Ans.)}$$

ঘ 'গ' হতে গুলিটির মন্দন,

$$a = 37500 \text{ ms}^{-2}$$

২য় ক্ষেত্রে, আদিবেগ,  $u = 50 \text{ ms}^{-1}$

শেষ বেগ,  $v = 0 \text{ ms}^{-1}$

সরণ s হলে জানি,

$$v^2 = u^2 - 2as$$

$$\text{বা, } 0^2 = (50)^2 - 2 \times 37500 \times 5$$

$$\text{বা, } 75000 \text{ s} = 2500$$

$$\text{বা, } s = \frac{2500}{7500}$$

$$\text{বা, } s = \frac{1}{30} \text{ m}$$

$$\therefore s = 3.33 \text{ cm}$$

গুলির মোট অতিক্রান্ত দূরত্ব,  $= (10 + 3.33) \text{ cm}$

$$= 13.33 \text{ cm}$$

যা দেয়ালের পুরুত  $15 \text{ cm}$  এর কম

অতএব, গুলিটি সম্পূর্ণ দেয়াল ভেদ করতে পারবে না।

প্রমাণিত ৩২ 4 kg ভরের A বস্তুটি  $25 \text{ ms}^{-1}$  বেগে এবং 4 kg ভরের B বস্তুটি  $20 \text{ ms}^{-1}$  বেগে একই দিকে চলছে। কোনো এক সময় A বস্তুটি B বস্তুকে ধাক্কা দিলে A বস্তুটি  $20 \text{ ms}^{-1}$  ও B বস্তুটি পরিবর্তিত বেগে একই দিকে চলতে থাকলো।

/পাবনা সরকারি বালিকা টেক বিদ্যালয়, পাবনা।

ক. বলের সংজ্ঞা দাও।

১

খ. দেখাও যে, বলের ঘাত ভরবেগের পরিবর্তনের সমান।

২

গ. B বস্তুর ক্ষেত্রে বলের ঘাত নির্ণয় করো।

৩

ঘ. উদ্ধীপকের ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্র মেনে চলে কিনা গাণিতিকভাবে দেখাও।

### ৩২ নং প্রশ্নের উত্তর

ক বল একটি বাহ্যিক কারণ যা কোন একটি বস্তুর গতি বা স্থিতি অবস্থার পরিবর্তন ঘটায় বা ঘটাতে চায়।

খ বস্তুর ভর ও বেগের গুণফলকে ভরবেগ বলে।

m ভরের কোনো বস্তুর আদিবেগ u। F বল : সময় ধরে এর উপর প্রয়োগ করলে এর বেগ v হয়।

আদি ভরবেগ = mu

শেষ ভরবেগ = mv

ভরবেগের পরিবর্তন = mv - mu

আবার, বল ও সময়ের গুণফলকে বলের ঘাত বলে।

$\therefore$  বলের ঘাত =  $F \times t$

$$= \frac{(mv - mu)}{t} \times t = mv - mu$$

অর্থাৎ, বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান।

ঘ এখনে,

A বস্তুর ভর,  $m_1 = 4 \text{ kg}$

A বস্তুর অন্তিম বেগ,  $u_1 = 25 \text{ ms}^{-1}$

সংচরণের প্রের A বস্তুর বেগ,  $v_1 = 20 \text{ ms}^{-1}$

B বস্তুর ভর,  $m_2 = 4 \text{ kg}$

B বস্তুর অন্তিম বেগ,  $u_2 = 20 \text{ ms}^{-1}$

সংচরণের প্রের B বস্তুর বেগ,  $v_2 = ?$

B বস্তুর বলের ঘাত, J = ?

তরবেগের সংরক্ষণ সূত্র হতে আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2$$

$$\text{বা, } v_2 = \frac{m_1 u_1 + m_2 u_2 - m_1 v_1}{m_2}$$

$$\text{বা, } v_2 = \frac{4 \times 25 + 4 \times 20 - 4 \times 20}{4}$$

$$\therefore v_2 = 25 \text{ ms}^{-1}$$

আবার, B বস্তুর বলের ঘাত,

$$J = \text{তরবেগের পরিবর্তন}$$

$$= m_2 v_2 - m_2 u_2$$

$$= m_2(v_2 - u_2)$$

$$= 4 \times (25 - 20) \text{ kgms}^{-1}$$

$$= 4 \times 5 \text{ Ns}$$

$$\therefore J = 20 \text{ Ns} \text{ (Ans.)}$$

**ঘ** উদ্দীপক থেকে, A বস্তুর ভর,  $m_1 = 4 \text{ kg}$

$$\text{A বস্তুর আদিবেগ, } u_1 = 25 \text{ ms}^{-1}$$

$$\text{সংঘর্ষের পরে A বস্তুর বেগ, } v_1 = 20 \text{ ms}^{-1}$$

$$\text{B বস্তুর ভর, } m_2 = 4 \text{ kg}$$

$$\text{B বস্তুর আদিবেগ, } u_2 = 20 \text{ ms}^{-1}$$

'গ' অংশ হতে,

$$\text{সংঘর্ষের পরে B বস্তুর বেগ, } v_2 = 25 \text{ ms}^{-1}$$

$$\text{সংঘর্ষের পূর্বে তরবেগের সমষ্টি} = m_1 u_1 + m_2 u_2$$

$$= (4 \times 25) + (4 \times 20) \text{ kgms}^{-1}$$

$$= (100 + 80) \text{ kgms}^{-1}$$

$$= 180 \text{ kgms}^{-1}$$

$$\text{সংঘর্ষের পরে তরবেগের সমষ্টি} = m_1 v_1 + m_2 v_2$$

$$= (4 \times 20) + (4 \times 25) \text{ kgms}^{-1}$$

$$= (80 + 100) \text{ kgms}^{-1}$$

$$= 180 \text{ kgms}^{-1}$$

যেহেতু, সংঘর্ষের পূর্বে ও পরে A ও B বস্তুর তরবেগের সমষ্টি সমান তাই এক্ষেত্রে উদ্দীপকের ঘটনা তরবেগের সংরক্ষণ সূত্র মেনে চলে।

**প্রশ্ন ▶ ৩৫** 2000kg ভরের একটি ট্রাক  $54 \text{ kmh}^{-1}$  বেগে চলতে চলতে বিপরীত দিক থেকে  $45 \text{ kmh}^{-1}$  বেগে আসা 800kg ভরের একটি বাসের সাথে সংঘর্ষে লিপ্ত হলো এবং মিলিত বেগে একটি নিদিষ্ট দিকে চলতে থাকলো।

(বর্তর গাড়ি প্রবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট)

ক. নিউটনের ২য় সূত্রটি লিখ।

খ. সাম্যবল ও অসাম্য বলের মধ্যে পার্থক্য লিখ।

গ. মিলিত গাড়ি দুটির বেগ কত?

ঘ. সংঘর্ষের ফলে গাড়ি দুটির তরবেগ সংরক্ষিত থাকবে কিন্তু গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর।

১ ২ ৩ ৪

৩০ নং প্রশ্নের উত্তর

**ক** বস্তুর তরবেগের পরিবর্তনের হার এর উপর প্রযুক্তি বলের সমান্পাতিক এবং বল যেদিকে ক্রিয়া করে বস্তুর তরবেগের পরিবর্তনও সে দিকে হবে।

**খ** সাম্য ও অসাম্য বলের মধ্যে পার্থক্য:

সাম্য বল	অসাম্য বল
১. যে বলগুলো কোনো বস্তুর ওপর ক্রিয়া করে সাম্যবস্থার সৃষ্টি করে তাকে সাম্য বল বলে।	১. যে বলগুলো কোনো বস্তুর ওপর ক্রিয়া করে সাম্যবস্থার সৃষ্টি করে না তাকে অসাম্য বল বলে।
২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য।	২. এক্ষেত্রে ক্রিয়াশীল বলগুলোর লব্ধি শূন্য হয় না।

**গ** ১০(গ) নং সূজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ।

উত্তর: মিলিত গাড়ির বেগ  $25.714 \text{ km/h}$  এবং এর দিক হবে ট্রাকের বেগের দিকে।

**ঘ** ১০(ঘ) নং সূজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ।

**প্রশ্ন ▶ ৩৮** 0.4 kg ভরের একটি খেলনা গাড়ির উপর বল প্রয়োগ করায় এটি ঘর্ষণ যুক্ত মেঝেতে  $0.5 \text{ ms}^{-2}$  ত্বরণে চলতে শুরু করে। ঘর্ষণ বল  $0.5 \text{ N}$ ।

/সরকারি পি.এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী/

ক. দূর্বল নিউক্লীয় বল কাকে বলে? ১

খ. ব্রেক কী? গাড়ির গতি নিয়ন্ত্রণে এর ভূমিকা আলোচনা করো। ২

গ. গাড়ির উপর প্রযুক্তি বলের মান কত? ৩

ঘ. ঘর্ষণযুক্ত এবং ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের কী

পরিবর্তন হবে? গাণিতিকভাবে মূল্যায়ন করো। ৪

### ৩৮ নং প্রশ্নের উত্তর

**ক** যে স্বল্প পালার এবং স্বল্প মানের বল নিউক্লিয়াসের অভ্যন্তরস্থ মৌলিক কণাগুলোর মধ্যে ক্রিয়া করে তাকে দূর্বল নিউক্লীয় বল বলে।

**খ** ব্রেক হচ্ছে এমন এক ব্যবস্থা যা ঘর্ষণের পরিমাণ বৃদ্ধি করে গাড়ির গতি তথা চাকার ঘূর্ণনকে প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রণ করে। এর মাধ্যমে যানবাহনকে নিদিষ্ট স্থানে থামানো সম্ভব হয়। যখন গাড়ির চালক ব্রেক প্রয়োগ করেন, তখন এসবেন্টসের তৈরি সু বা প্যাড চাকায় অবস্থিত ধাতব চাকতিকে ধাক্কা দেয়। প্যাড ও চাকতির মধ্যবর্তী ঘর্ষণ চাকার গতিকে কমিয়ে দেয়। ফলে গাড়ির বেগ হ্রাস করে তথা মন্দন সৃষ্টি করে গাড়িকে নিদিষ্ট স্থানে থামাতে ব্রেক বড় ভূমিকা পালন করে।

**গ** ১নং প্রশ্নের (গ) নং এর অনুরূপ।

উত্তর : 0.7N

**ঘ** ১নং প্রশ্নের (ঘ) নং এর অনুরূপ।

**প্রশ্ন ▶ ৩৫** 3.92N ওজনের একটি খেলনা গাড়ির উপর বল প্রয়োগ করায় এটি ঘর্ষণযুক্ত মেঝেতে  $0.5 \text{ ms}^{-2}$  ত্বরণে চলতে শুরু করে। যেখানে ঘর্ষণ বল  $0.4 \text{ N}$ ।

/মাতৃগার্ভ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চান্দপুর,

ক. প্রবাহী ঘর্ষণ কী? ১

খ. 12N বল ব্যাখ্যা করো। ২

গ. গাড়ীর উপর প্রযুক্তি বলের মান নির্ণয় করো। ৩

ঘ. ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের মানের কীরূপ পরিবর্তন হবে— গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

### ৩৫ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো বস্তু প্রবাহী পদার্থের মধ্যে গতিশীল হলো, যে ঘর্ষণ ক্রিয়া করে তাই প্রবাহী ঘর্ষণ।

**খ** 12N বলতে বোঝায়—


i. যে পরিমাণ বল  $1 \text{ kg}$  ভরের বস্তুর উপর প্রযুক্তি হয়ে  $12 \text{ ms}^{-2}$  ত্বরণ সৃষ্টি করে।

ii. যে পরিমাণ বল  $12 \text{ kg}$  ভরের বস্তুর উপর প্রযুক্তি হয়ে  $1 \text{ ms}^{-2}$  ত্বরণ সৃষ্টি করে।

**গ** ১(গ) নং সূজনশীল প্রশ্নোত্তরের দ্রষ্টব্য।

**ঘ** ১(ঘ) নং সূজনশীল প্রশ্নোত্তরের দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৩৬**



চিত্রটি একটি ঘর্ষণযুক্ত পুল বিবেচনা করো। A বিন্দুতে বস্তুটির ভর  $15 \text{ kg}$ । B বিন্দুতে  $2.5 \text{ kg}$  ভরের একটি বস্তুকে আটকে রাখা হলো।

/রাজশাহী কলেজিয়েট স্কুল/

### ৩৭ নং প্রশ্নের উত্তর

- ক. আকিমিডিসের নীতিটি লিখ। ১  
 খ. ঘর্ষণ একটি প্রয়োজনীয় উপদ্রব— ব্যাখ্যা করো। ২  
 গ. B বস্তুটির বাঁধন ছেড়ে দিলে A বস্তুটি কত ত্বরণে নিচে নামবে? ৩  
 ঘ. B বস্তুর বাঁধন ছেড়ে দিলে A বস্তুটি কত বেগে ভূমিতে আঘাত করবে এবং বস্তুটির পতনকাল কত হবে? ৪

### ৩৬ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো বস্তুকে শিথির তরল বা বায়বীয় পদার্থে আংশিক বা সম্পূর্ণ ডুবালে বস্তুটি কিছু ওজন হারায় বলে মনে হয়। এই হারানো ওজন বস্তুটির দ্বারা অপসারিত তরল বা বায়বীয় পদার্থের ওজনের সমান।

**খ** দৈনন্দিন জীবনে ঘর্ষণকে কাজে লাগিয়ে আমরা ইঁটাচলা করি, বাড়িঘর নির্মাণ করি, প্রয়োজন অনুযায়ী গাড়ির দিক পরিবর্তন করি। কিন্তু ঘর্ষণের কারণে আবার শক্তির অপচয় হয়, যন্ত্রপাতির গতিশীল অংশ উত্পন্ন হয়ে উঠে; যন্ত্রপাতির দক্ষতা নষ্ট হয়। দৈনন্দিন কাজে ঘর্ষণকে যেমন পুরোপুরি বাদ দেয়া যায় না তেমনি অনেক ক্ষেত্রে ঘর্ষণ আমাদের উপকারে আসে। এজন্যই ঘর্ষণকে একটি প্রয়োজনীয় উপদ্রব বলা হয়।

**গ** সূতার সর্বত্র টান সমান বিবেচনা করলে A বস্তুটি যে ত্বরণে নামবে, B বস্তুটি সেই ত্বরণেই উপরে উঠবে।

মনে করি, ত্বরণের মান =  $a$

অতএব, A বস্তুর উপর প্রযুক্ত লক্ষ্য নিম্নমুখী বল,  $F_1 = m_1(g - a)$

B বিন্দুর উপর প্রযুক্ত লক্ষ্য উর্ধমুখী বল,  $F_2 = -m_2(g + a)$

[নিচের দিক ধনাঞ্চক এবং উপরের দিক ঋগাঞ্চক ধরে]

$$F_1 + F_2 = 0$$

$$\text{বা, } m_1(g - a) - m_2(g + a) = 0$$

$$\text{বা, } m_1(g - a) = m_2(g + a)$$

$$\text{বা, } 15(g - a) = 2.5(g + a)$$

$$\text{বা, } 3g - 3a = 0.5g + 0.5a$$

$$\text{বা, } 3.5a = 2.5g$$

$$\text{বা, } a = \frac{2.5}{3.5} \times 9.8$$

$$\therefore a = 7 \text{ ms}^{-2}$$

অতএব, A বস্তুটি  $7 \text{ ms}^{-2}$  ত্বরণে নিচে নামবে। (Ans.)

**ঘ** 'গ' হতে ক্রিয়াশীল ত্বরণ,  $a = 7 \text{ ms}^{-2}$

A এর উচ্চতা,  $h = 40 \text{ m}$

আদি বেগ,  $u = 0 \text{ ms}^{-1}$

∴ ভূমি স্পর্শ করার মুহূর্তে বেগ  $v$  হলে

$$v^2 = u^2 + 2ah$$

$$\text{বা, } v^2 = 2 \times 7 \times 40$$

$$\text{বা, } v = \sqrt{2 \times 7 \times 40}$$

$$\therefore v = 23.66 \text{ ms}^{-1}$$


আবার, পড়তে সময়  $t_1$  হলে

$$h = \frac{1}{2} at_1^2$$

$$\text{বা, } t_1 = \sqrt{\frac{2h}{a}} = \sqrt{\frac{2 \times 40}{7}} = 3.3 \text{ s}$$

অর্থাৎ A বস্তু  $3.3 \text{ s}$  পর  $23.66 \text{ ms}^{-1}$  বেগে ভূমিকে আঘাত করবে।

### প্রশ্ন ► ৩৭



A ও B বস্তু দুটি একই দিকে চলমান এবং B বস্তুটি  $200 \text{ m}$  সামনে রয়েছে। /রাজশাহী কলেজিয়েট স্কুল/

- ক. সুষম ত্বরণ কাকে বলে? ১  
 খ. g এক প্রকার সুষম ত্বরণ— ব্যাখ্যা করো। ২  
 গ. কত সময় পর বস্তু দুটি মিলিত হবে? ৩  
 ঘ. একই দিকে চলমান বস্তুর মিলিত বেগ বস্তু দুটির পরস্পরের দিকে মিলিত বেগ অপেক্ষা বেশি-গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

**ক** কোনো বস্তুর বেগ যদি নিনিটি দিকে সবসময় একই হারে বাঢ়তে থাকে তাহলে সেই বস্তুর ত্বরণকে সুষম ত্বরণ বলে।  
**খ** কোনো বস্তুর বেগ যদি নিনিটি দিকে সব সময় একই হারে বাঢ়তে থাকে তাহলে সেই ত্বরণকে সুষম বা সমত্বরণ বলে। আবার আমরা জানি অভিকর্ষ বলের প্রভাবে মুক্তভাবে পড়ত কোনো বস্তুর বেগ বৃদ্ধির হারকে অভিকর্ষজ ত্বরণ বলে। এ সংজ্ঞা থেকে সুস্পষ্ট যে, পড়ত বস্তু নিনিটি দিক অর্থাৎ নিচের দিকে যখন পড়ে তখন বেগ সবসময় একই হারে বাঢ়তে থাকে। অতএব, অভিকর্ষজ ত্বরণকে সমত্বরণ বলা যায়।

### গ ধরি,

B বস্তু হতে  $x \text{ m}$  দূরে, সময় পরে A ও B বস্তুয়ের মিলিত হবে।

তাহলে, A বস্তু কর্তৃক অভিক্রান্ত দূরত্ব,  $s_1 = (200 + x) \text{ m}$

$$B বস্তু কর্তৃক অভিক্রান্ত দূরত্ব, s_2 = x \text{ m}$$

$$A বস্তুর বেগ, u_1 = 20 \text{ ms}^{-1}$$

$$B বস্তুর বেগ, u_2 = 15 \text{ ms}^{-1}$$

বস্তুয়ের মিলিত হওয়ায় সময়,  $t = ?$

$$\text{আমরা জানি, বেগ} = \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$$

$$\therefore u_1 = \frac{s_1}{t} \text{ বা, } t = \frac{s_1}{u_1} \quad (1)$$

$$\text{এবং } u_2 = \frac{s_2}{t} \text{ বা, } t = \frac{s_2}{u_2} \quad (2)$$

(1) ও (2) নং হতে,

$$\frac{s_1}{u_1} = \frac{s_2}{u_2}$$

$$\text{বা, } \frac{200+x}{20} = \frac{x}{15}$$

$$\text{বা, } 3000 + 15x = 20x$$

$$\text{বা, } 5x = 3000$$

$$\therefore x = 600 \text{ m}$$

$$2 \text{ নং হতে, } t = \frac{s_2}{u_2} = \frac{x}{15} = \frac{600}{15} \text{ s}$$

$$\therefore t = 40 \text{ s} \text{ (Ans.)}$$

### ঘ এখানে,

১ম বস্তুর ভর,  $m_1 = 600 \text{ kg}$

১ম বস্তুর বেগ,  $u_1 = 20 \text{ ms}^{-1}$

২য় বস্তুর ভর,  $m_2 = 800 \text{ kg}$

২য় বস্তুর বেগ,  $u_2 = 15 \text{ ms}^{-1}$

ধরি, যখন একই দিকে চলমান তখন বস্তুয়ের মিলিত বেগ  $= v_1$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = v_1 (m_1 + m_2)$$

$$\text{বা, } v_1 = \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2}$$

$$\text{বা, } v_1 = \frac{(600 \times 20) + (800 \times 15)}{600 + 800} \text{ ms}^{-1}$$

$$\therefore v_1 = 17.1429 \text{ ms}^{-1}$$

বস্তুয়ের পরস্পরের দিকে চলমান থাকার ফলে ধরি মিলিত বেগ  $v_2$

ধরি, ১ম বস্তুর বেগ,  $u_1 = 20 \text{ ms}^{-1}$

এবং ২য় বস্তুর বেগ,  $u_2 = -15 \text{ ms}^{-1}$

ধরি, বস্তুয়ের মিলিত বেগ  $= v_2$

সুতরাং,  $m_1 u_1 + m_2 u_2 = v_2 (m_1 + m_2)$

$$\text{বা, } v_2 = \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2}$$

$$\text{বা, } v_2 = \frac{(600 \times 20) + (800 \times -15)}{600 + 800} \text{ ms}^{-1}$$

$$\therefore v_2 = 0 \text{ ms}^{-1}$$

$$\therefore v_1 > v_2$$

অর্থাৎ একই দিকে চলমান বস্তু দুটির মিলিত বেগ বস্তু দুটির পরস্পরের দিকে মিলিত বেগ অপেক্ষা বেশি।

**প্রশ্ন ▶ ৩৮** 10g ভরের একটি বুলেটে  $300\text{ms}^{-1}$  বেগে এক টুকরা কাঠের মধ্যে 1.5cm প্রবেশ করে বুলেটের বেগ অর্ধেক হয়।

(নোয়াখালী জিলা স্কুল)

- ক. প্রসঙ্গ কাঠামো কি? 1
- খ. অবস্থান বলতে কি বুঝা? 2
- গ. উদ্দীপকের বুলেটের কাঠ কর্তৃক বাধাদানকারী বলের মান নির্ণয় করো। 3
- ঘ. বুলেটটি কি আরো 1cm প্রবেশ করতে পারবে? গাণিতিক ব্যাখ্যা দাও। 8

### ৩৮ নং প্রশ্নের উত্তর

ক. যে দৃঢ় বস্তুর সাপেক্ষে কোন বস্তুর গতি বর্ণনা করা হয় তাকে প্রসঙ্গ কাঠামো বলে।

খ. একটি প্রসঙ্গ কাঠামোর সাপেক্ষে কোন বস্তু কোন দিকে কতদূরে রয়েছে সেটিই হচ্ছে ঐ বস্তুর অবস্থান। একটি বস্তু বা বিন্দুর অবস্থান নির্ণয় করতে হলে প্রথমেই একটি জানা বিন্দু বা বস্তু ধরে নিতে হবে যার সাপেক্ষে বিন্দু বা বস্তুটির অবস্থান নির্ণয় করা যাবে।

গ. উদ্দীপক থেকে পাই,

$$\text{বুলেটের ভর}, m = 10\text{g} = 0.01 \text{ kg}$$

$$\text{বুলেটের বেগ}, v_1 = 300 \text{ ms}^{-1}$$

$$\text{বুলেটটি কাঠে প্রবেশ করে}, s_1 = 1.5 \text{ cm} = 0.015 \text{ m}$$

$$\text{কাঠে প্রবেশের পর বুলেটের বেগ}, v_2 = \frac{300}{2} = 150 \text{ ms}^{-1}$$

∴ কাঠে বুলেটটির মন্দন  $a_1$  হলে,

$$v_1^2 = u_1^2 - 2a_1 s_1$$

$$\text{বা}, 150^2 = 300^2 - 2 \times a_1 \times 0.015$$

$$\text{বা}, 0.03a_1 = 300^2 - 150^2$$

$$\text{বা}, 0.03a_1 = 67500$$

$$\text{বা}, a_1 = 2.25 \times 10^6 \text{ ms}^{-2}$$

∴ কাঠ কর্তৃক বাধাদানকারী বল F হলে,

$$F = ma_1$$

$$\text{বা}, F = 0.01 \times 2.25 \times 10^6$$

$$= 22500 \text{ N (Ans.)}$$

ঘ. ধরি, বুলেট কাঠে আরও  $s_2$  দূরত্ব অতিক্রম করতে পারবে  $1.5 \text{ cm}$  প্রবেশের পর বুলেটটির বেগ,  $v_2 = 150 \text{ ms}^{-1}$

কাঠে বুলেটের মন্দন,  $a_2 = 2.25 \times 10^6 \text{ ms}^{-2}$

শেষবেগ,  $v_2 = 0$

$s_2$  দূরত্ব অতিক্রমের পর বুলেটটি থেমে গেলে,

$$\text{আমরা জানি}, v_2^2 = u_2^2 - 2a_2 s_2$$

$$\text{বা}, 0^2 = 150^2 - 2 \times 2.25 \times 10^6 s_2$$

$$\text{বা}, s_2 = \frac{150^2}{2 \times 2.25 \times 10^6}$$

$$= 0.005 \text{ m}$$

$$= 0.5 \text{ cm}$$

অর্থাৎ বুলেট আরও 0.5 cm প্রবেশ করতে পারবে।

সুতরাং বুলেট আরো 1 cm প্রবেশ করতে পারবে না।

**প্রশ্ন ▶ ৩৯** 10 gm ভরের একটি বুলেট  $400 \text{ ms}^{-1}$  বেগে বন্দুকের নল থেকে বেরিয়ে প্রতিটি 2 সে.মি. পুরুত বিশিষ্ট 3 টি তত্ত্বাত্মক একটি বান্ডিলের মধ্যে প্রবেশের সময় 1ম তত্ত্ব ভেদ করে 20% বেগ হারায়।

/ক্লাস্টামেট প্যালিক স্কুল ও কলেজ, রংপুর/

- ক. স্পন্দন গতির সংজ্ঞা দাও। 1
- খ. বল ও সরণের মান সমান হওয়া সত্ত্বেও কাজ ভিন্ন হতে পারে কি? ব্যাখ্যা করো। 2
- গ. তত্ত্বাত্মক বাধাদানকারী বলের মান নির্ণয় করো। 3
- ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও বুলেটটি সব কটি তত্ত্ব ভেদ করতে পারবে কিনা? 8

### ৩৯ নং প্রশ্নের উত্তর

ক. পর্যাবৃত্ত গতিসম্পন্ন কেনে বস্তু যদি পর্যায়কালের অর্ধেক সময় কোনো নির্দিষ্ট দিকে এবং বাকি অর্ধেক সময় একইপথে তার বিপরীত দিকে চলে তবে তার গতিকে স্পন্দন গতি বলে।

খ. কাজ শুধু বল ও সরণের মানের উপর নির্ভর করে না, এদের মধ্যবর্তী কোণের উপরও নির্ভর করে। অর্থাৎ কোন বস্তুর উপর F বল প্রয়োগ করা হলে যদি বলের দিকের সাথে θ কোণে সরণ ঘটে তাহলে কৃতকাজ  $W = F \cos \theta$  অর্থাৎ বল ও সরণ সমান হওয়া সত্ত্বেও যদি θ এর মানের পরিবর্তন হয় তাহলে কাজ ভিন্ন হতে পারে।

গ. ৩১(গ) নং সূজনশীল প্রশ্নেতরের অনুরূপ। উত্তর:  $1.44 \times 10^4 \text{ N}$

ঘ. ৩০(ঘ) নং সূজনশীল প্রশ্নেতরের অনুরূপ।

**প্রশ্ন ▶ ৪০** একটি বস্তুকে  $31.93 \text{ ms}^{-1}$  বেগে খাড়া উপরের দিকে নিষ্কেপ করায় বস্তুটি সর্বোচ্চ উচ্চতায় উঠে পুনরায় নিচের দিকে নেমে আসে। /গভনমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, কুমিল্লা/

ক. অস্পর্শ বল কী? 1

খ. জুতার নিচে খাঁজকাটা থাকে কেন? 2

গ. সর্বোচ্চ উচ্চতায় উঠতে বস্তুটির কত সময় লাগবে? 3

ঘ. বস্তুটির পতনকালে কত উচ্চতায় বিভবশক্তি গতিশক্তির তিনগুণ হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। 8

### ৪০ নং প্রশ্নের উত্তর

ক. যে বল স্থিতির জন্য দুইটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শের প্রয়োজন হয় না তাকে অস্পর্শ বল বলে।

খ. হাঁটার জন্য ঘর্ষণ খুবই প্রয়োজন। জুতা পায়ে হাঁটার সময় জুতার খাঁজগুলো রাস্তাকে আঁকড়ে ধরে রাখে এবং প্রয়োজনীয় ঘর্ষণ বলের যোগান দেয়। জুতা ও রাস্তার মধ্যবর্তী ঘর্ষণ বৃদ্ধি করার জন্যই জুতার নিচে খাঁজকাটা থাকে।

গ. আমরা জানি,

সর্বোচ্চ উচ্চতায় বস্তুটির শেষবেগ,  $v = 0 \text{ ms}^{-1}$

দেওয়া আছে,

$$\text{বস্তুর আদিবেগ}, u = 31.93 \text{ ms}^{-1}$$

$$\text{বস্তুর ওপর ত্বরণ ত্বরণ}, g = 9.8 \text{ ms}^{-2}$$

মনে করি, । সময় পরে বস্তুটি সর্বোচ্চ উচ্চতায় পৌছায়

আমরা জানি,  $v = u - gt$

$$\text{বা}, 0 = u - gt$$

$$\text{বা}, u = gt$$

$$\text{বা}, t = \frac{u}{g}$$

$$\text{বা}, t = \frac{31.93}{9.8} \text{ s}$$

$$= 3.258 \text{ s (Ans.)}$$

ঘ. মনে করি,

সর্বোচ্চ উচ্চতায় বস্তুর বেগ =  $v$

আমরা জানি,  $v = 0 \text{ ms}^{-1}$

দেওয়া আছে, বস্তুর আদিবেগ,  $u = 31.93 \text{ ms}^{-1}$

মনে করি, সর্বোচ্চ উচ্চতা =  $h$

আমরা জানি,  $v^2 = u^2 - 2gh$

$$\text{বা}, 0 = u^2 - 2gh$$

$$\text{বা}, h = \frac{u^2}{2g}$$

$$\therefore = 52.0165 \text{ m}$$

মনে করি, ভূমি থেকে  $h'$  উচ্চতায় বিভবশক্তি গতিশক্তির তিনগুণ হবে।

$(h - h')$  উচ্চতায় বস্তুর বেগ  $v'$  হলে,

$$\text{শর্তমতে, } mgh' = 3 \left( \frac{1}{2} mv'^2 \right)$$

$$\text{বা, } mgh' = \frac{3}{2} \times m \{ 2 \times g \times (h - h') \} \quad \therefore v'^2 = 2g(h - h')$$

$$\text{বা, } h' = 3(52.0165 - h')$$

$$\text{বা, } 4h' = 156.0495$$

$$\text{বা, } h' = 39.0123 \text{ m}$$

অর্থাৎ, ভূমি থেকে 39.0123 m উচ্চাতায় বস্তুটির বিভবশক্তি গতিশক্তির তিনগুণ হবে।

- প্রশ্ন ৪১** 4000kg ভরের একটি গাড়ি  $9\text{ms}^{-1}$  বেগে উত্তর দিকে এবং 1000kg ভরের একটি গাড়ি  $4\text{ms}^{-1}$  বেগে দক্ষিণ দিকে চলছে। গাড়ি দুইটির দ্রবণ যথাক্রমে  $3\text{ms}^{-2}$  এবং  $7\text{ms}^{-2}$ । /বংগুর জিলা স্কুল/  
ক. বায়োমাস কী?  
খ. 'কোনো বস্তুর জড়তা এর ভরের উপর নির্ভর করে' –ব্যাখ্যা করো  
গ. কোনো এক সময় সংঘর্ষের ফলে গাড়িয়ায় মিলিত হয়ে একই দিকে একই বেগে চলতে থাকে, তবে মিলিত বেগ নির্ণয় করো।  
ঘ. উদ্দিপকের গাড়ি দুইটির গতিশক্তি কখনো সমান হবে কি? গাণিতিক বিশ্লেষণ এর মাধ্যমে মতামত দাও।

### ৪১ নং প্রশ্নের উত্তর

- ক. যে জৈব পদার্থকে শক্তিতে বৃপ্তান্তরিত করা যায় তাদেরকে বায়োমাস বলে।  
খ. ডিন ভরের দুটি বস্তু নিয়ে বস্তুস্থায়কে স্থির অবস্থা থেকে গতিশীল করতে চাইলে ভারী বস্তুর ক্ষেত্রে বেশ প্রচেষ্টার দরকার হবে। একইভাবে বস্তুস্থায় যদি গতিশীল থাকে তবে তাদেরকে থামানোর ক্ষেত্রে ভারী বস্তুর ক্ষেত্রে বেশ প্রচেষ্টা করতে হবে। এজন্যই বলা হয় ভর হল জড়তার পরিমাপক।

গ. দেওয়া আছে,

$$1\text{ম গাড়ির ভর, } m_1 = 4000 \text{ kg}$$

$$\text{আদি বেগ, } u_1 = 9\text{ms}^{-1}$$

$$2\text{য গাড়ির ভর, } m_2 = 1000 \text{ kg}$$

$$\text{আদি বেগ, } u_2 = -4\text{ms}^{-1}; [1\text{ম গাড়ির বেগের দিক ধনাত্মক ধরে]$$

মনে করি, মিলিত বেগ,  $v = ?$

আমরা জানি,

$$m_1u_1 + m_2u_2 = (m_1 + m_2)v$$

$$\text{বা, } 4000 \times 9 + 1000 \times (-4) = (4000 + 1000)v$$

$$\therefore v = 6.4 \text{ ms}^{-1}; 1\text{ম গাড়ির দিকে (\text{Ans.})}$$

ঘ. এখানে,

$$1\text{ম গাড়ির ভর, } m_1 = 4000 \text{ kg}$$

$$2\text{য গাড়ির ভর, } m_2 = 1000 \text{ kg}$$

$$1\text{ম গাড়ির আদিবেগ, } u_1 = 9\text{ms}^{-1}$$

$$2\text{য গাড়ির আদিবেগ, } u_2 = 4\text{ms}^{-1}$$

$$1\text{ম গাড়ির দ্রবণ, } a_1 = 3\text{ms}^{-2}$$

$$2\text{য গাড়ির দ্রবণ, } a_2 = 7\text{ms}^{-2}$$

মনে করি,  $t$  সময় পরে 1ম ও 2য গাড়ির বেগ হয় যথাক্রমে  $v_1$  ও  $v_2$

প্রশ্নমতে, 1ম গাড়ির গতিশক্তি = 2য গাড়ির গতিশক্তি

$$\text{বা, } E_{k_1} = E_{k_2}$$

$$\text{বা, } \frac{1}{2} m_1 v_1^2 + \frac{1}{2} m_2 v_2^2$$

$$\text{বা, } 4000 \times v_1^2 = 1000 \times v_2^2$$

$$\therefore v_2 = 2v_1$$

উদ্দিপকের 2য গাড়ির বেগ যখন 1ম গাড়ির বেগের দ্বিগুণ হবে তখন গাড়ি দুইটির গতিশক্তি সমান হবে অন্যথায় সম্ভব নয়।

$$\therefore v_1 = u_1 + a_1 t$$

$$\text{এবং } v_2 = u_2 + a_2 t$$

$$\text{শর্তমতে, } v_2 = 2v_1$$

$$u_2 + a_2 t = 2(u_1 + a_1 t)$$

$$\text{বা, } 4 + 7 \times t = 2(9 + 3 \times t)$$

$$\text{বা, } 4 + 7t = 18 + 6t$$

$$\text{বা, } t = 18 - 4$$

$$\therefore t = 14\text{sec}$$

∴ গাড়ি দুইটি সংঘর্ষ না করে 14 sec পর্যন্ত চললে উভয় গাড়ির গতিশক্তি সমান থাকে।

- প্রশ্ন ৪২** 800kg এবং 1000kg ভরের দুটি গাড়ি  $7\text{ms}^{-1}$  এবং  $5\text{ms}^{-1}$  বেগে  $0.5\text{ms}^{-2}$  এবং  $1\text{ms}^{-2}$  সূচনা দ্রবণে একই সময় প্রতিযোগিতা শুরু করে। গাড়ি দুটি একই সময় শেষ প্রান্তে পৌছল।

/বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মহামনসিংহ/

$$\text{ক. মাত্রা কী?}$$

$$\text{খ. দুটি ও বেগের একক একই হলেও এরা একই রাশি নয়— ব্যাখ্যা করো।}$$

$$\text{গ. কখন গাড়ি দুটি শেষ প্রান্তে পৌছবে?}$$

$$\text{ঘ. যদি গাড়ি দুটি বিপরীত দিক থেকে গতিশীল হয় এবং } 3\text{s} \text{ পর সংঘর্ষে লিপ্ত হয় তবে মিলিত অবস্থায় কত বেগে কোন দিকে যেতে পারে, গাণিতিক যুক্তি সহকারে দেখাও।$$

### ৪২ নং প্রশ্নের উত্তর

- ক. কোনো ভোত রাশিতে উপস্থিত মৌলিক রাশিগুলোর সূচকক ঐ রাশিটির মাত্রা।

খ. দ্রুতি একটি স্কেলার রাশি এবং বেগ একটি ভেটার রাশি হওয়ায় একক অভিন্ন হলেও রাশি দুটি এক নয়। দ্রুতি ও বেগের একক  $\text{ms}^{-1}$ । এদের সংজ্ঞা আলাদা। যে কোন দিকে সময়ের সাপেক্ষে বস্তুর কিন্তু অবস্থানের পরিবর্তনের হার হলো দ্রুতি। পক্ষান্তরে নির্দিষ্ট দিকে সময়ের সাপেক্ষে বস্তুর অবস্থানের পরিবর্তনের হার হলো বেগ। অর্থাৎ দ্রুতি দিক নিরপেক্ষ হলেও বেগ নির্ণয়ে দিক অপরিহার্য। এজন্য দ্রুতি ও বেগের মাত্রা এক হলেও রাশি দুটি এক নয়।

$$\text{গ. এখানে, } 1\text{ম গাড়ির আদিবেগ, } u_1 = 7\text{ ms}^{-1}$$

$$2\text{য গাড়ির আদি বেগম } u_2 = 5\text{ ms}^{-1}$$

$$1\text{ম গাড়ির দ্রবণ, } a_1 = 0.5\text{ ms}^{-2}$$

$$2\text{য গাড়ির দ্রবণ, } a_2 = 1\text{ ms}^{-2}$$

মনে করি, গাড়ি দুইটি  $t$  সময় প্রতিযোগীতায় অংশগ্রহণ করে একই সাথে  $s$  দূরত্ব অতিক্রম করে।

$$1\text{ম গাড়ির ক্ষেত্রে, } s = u_1 t + \frac{1}{2} a_1 t^2$$

$$2\text{য গাড়ির ক্ষেত্রে, } s = u_2 t + \frac{1}{2} a_2 t^2$$

$$\text{প্রশ্নমতে, } u_1 t + \frac{1}{2} a_1 t^2 = u_2 t + \frac{1}{2} a_2 t^2$$

$$\text{বা, } (u_1 - u_2)t = \frac{1}{2} (a_2 - a_1) t^2$$

$$\text{বা, } t = \frac{2(u_1 - u_2)}{a_2 - a_1}$$

$$= \frac{2(7 - 5)}{1 - 0.5}$$

$$\therefore t = 8s \text{ (Ans.)}$$

### ৪৪ নং প্রশ্নের উত্তর

**ক** শব্দ বিস্তারের অভিমুখে লম্বভাবে রাখা একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে প্রতি সেকেন্ডে যে পরিমাণ শব্দশক্তি প্রবাহিত হয় তাই হলো শব্দের প্রাবল্য।

**খ** কোনো যন্ত্র একক সময়ে যে কাজ সম্পন্ন করে তাই উত্ত যন্ত্রের ক্ষমতা। কোনো যন্ত্রের ক্ষমতা  $10 \text{ kW}$  বলতে বোঝায় যে যন্ত্রটি প্রতি সেকেন্ডে  $10\text{kJ}$  কাজ সম্পন্ন করে।

**গ** ৯(g) নং সূজনশীল প্রয়োতরের অনুরূপ। উত্তর:  $2 \text{ ms}^{-1}$

**ঘ** দেওয়া আছে,

$$\text{গুলির আদিবেগ}, u = 400 \text{ ms}^{-1}$$

$$\text{মন্দন}, a = 5 \text{ ms}^{-2}$$

$$\text{সময়}, t = 40\text{s}$$

ধরি, কাঠের গুড়িতে, আঘাত করার সময় বেগ =  $u_1 \text{ ms}^{-1}$

কাঠের মধ্যে অতিক্রান্ত দূরত্ব,  $s_1 = 4 \text{ mm}$

$$= 4 \times 10^{-3} \text{ m}$$

$4\text{mm}$  অতিক্রম করার পর শেষ বেগ,  $v_1 = \frac{u_1}{2} \text{ ms}^{-1}$

এখন,  $40\text{s}$  চলার পর গুলির বেগ হবে—

$$u_1 = u - at$$

$$\text{বা}, u_1 = 400 - 5 \times 40$$

$$\therefore u_1 = 200 \text{ ms}^{-1}$$

কাঠের ভেতর ক্রিয়াশীল মন্দন  $a_1$  হলো—

$$v_2^2 = u_2^2 - 2a_1 s_1$$

$$\text{বা}, a_1 = \frac{\frac{u_1^2 - v_1^2}{2s_1} - \frac{u_1^2 - \frac{u_1}{2}}{4}}{(200)^2 - \frac{(200)^2}{4}} = \frac{2 \times 4 \times 10^{-3}}{2 \times 4 \times 10^6} = 3.75 \times 10^6 \text{ ms}^{-2}$$

$$\text{আবার}, 2\text{য় ক্ষেত্রে, আদিবেগ}, u_2 = v_1 = \frac{200}{2} \text{ ms}^{-1} = 100 \text{ ms}^{-1}$$

$$\text{শেষ বেগ}, v_2 = 0 \text{ ms}^{-1}$$

এই আদিবেগ নিয়ে অতিক্রান্ত দূরত্ব  $s_2$  হলো,

$$v_2^2 = u_2^2 - 2a_1 s_2$$

$$\text{বা}, s_2 = \frac{\frac{u_2^2 - v_2^2}{2a_1} - \frac{(100)^2 - (0)^2}{2 \times 3.75 \times 10^6}}{= 1.33 \times 10^{-3} \text{ m}} = 1.33 \text{ mm}$$

$\therefore$  গুলিটি কাঠের মধ্যে ( $4\text{mm} + 1.33 \text{ mm}$ ) বা  $5.33 \text{ mm}$  যেয়ে থেমে যাবে যা কাঠের গুড়ির পুরুত্ব  $6\text{mm}$  অপেক্ষা কম। অর্থাৎ, গুলিটি সম্পূর্ণ কাঠের গুড়ি অতিক্রম করতে পারবে না।

**প্রশ্ন ৪৫**  $4\text{kg}$  ভর এবং  $12\text{ms}^{-1}$  বেগের একটি বস্তু চলত অবস্থায় বিপরীত দিক থেকে আগত  $6\text{kg}$  ভর এবং  $4\text{ms}^{-1}$  বেগের অপর একটি বস্তুর সাথে মিশে একটি বস্তুতে পরিগত হয়।

/জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,

**ক.** স্থিতিস্থাপকতা কী?

১

**খ.** কম্বলকে ঝুলিয়ে রেখে বেত দ্বারা আঘাত করলে ধূলোবালি ঘরে পড়ে কেন? ব্যাখ্যা করো।

২

**গ.** মিলিত বস্তু দুইটির বেগ কত?

৩

**ঘ.** উদ্দীপকের ঘটনাটি ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কি? গাণিতিক ব্যাখ্যা দাও।

৪

**ঘ** এখানে, ১ম গাড়ির ভর,  $m_1 = 800 \text{ kg}$

২য় গাড়ির ভর,  $m_2 = 1000 \text{ kg}$

$$\therefore 3\text{s} \text{ পর } 1\text{ম গাড়ির বেগ}, v_1 = u_1 + a_1 t$$

$$= 7 + (0.5 \times 3)$$

$$= 8.5 \text{ ms}^{-1}$$

$$\text{এবং } 3\text{s} \text{ পর } 2\text{য় গাড়ির বেগ}, v_2 = u_2 + a_2 t$$

$$= 5 + (1 \times 3)$$

$$= 8 \text{ ms}^{-1}$$

যেহেতু গাড়ি দুইটি বিপরীত দিক থেকে গতিশীল সহেতু  $v_1 = 8.5 \text{ ms}^{-2}$  এবং  $v_2 = -8 \text{ ms}^{-1}$

ধরি, মিলিত অবস্থায় বেগ,  $v = ?$

আমরা জানি,

$$m_1 v_1 + m_2 v_2 = (m_1 + m_2) v$$

$$\text{বা}, v = \frac{m_1 v_1 + m_2 v_2}{m_1 + m_2}$$

$$= \frac{800 \times 8.5 + 1000 \times (-8)}{800 + 1000}$$

$$\therefore v = -0.667 \text{ ms}^{-1}$$

অর্থাৎ, গাড়ি দুটি মিলিত অবস্থায়  $0.667 \text{ ms}^{-1}$  বেগে ২য় গাড়ির দিকে গতিশীল থাকবে।

**প্রশ্ন ৪৩** সুমন  $4\text{kg}$  ভরের একটি বক্স একটি মেঝের উপর দিয়ে সমবলে টেনে নিল। বক্স ও মেঝের মধ্যকার ঘর্ষণ বলের মান হলো  $1.5\text{N}$ । বক্সটিকে টেনে নেওয়ায় এর ত্বরণ হলো  $0.8 \text{ ms}^{-2}$ । এরপর বক্সটিকে ঘর্ষণবিহীন মেঝেতে একই বল প্রয়োগ করে টানা হলো।

/জামালপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নেতৃত্বেগ।

**ক.** সাম্য বল কাকে বলে?

১

**খ.** ঘর্ষণ বল কেন উৎপন্ন হয়?

২

**গ.** প্রথম ক্ষেত্রে বক্সটির উপর প্রযুক্ত বলের মান নির্ণয় করো।

৩

**ঘ.** ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন মেঝেতে ত্বরণের কীরূপ পরিবর্তন হবে?

৪

গাণিতিকভাবে ব্যাখ্যা করো।

৪৩ নং প্রশ্নের উত্তর

**ক** কোনো বস্তুর উপর একাধিক বল ক্রিয়া করলে যদি বলের লম্ব শূন্য হয় অর্থাৎ বস্তুর কোনো ত্বরণ না হয়, তখন যেই বলগুলো এই সাম্যাবস্থা সৃষ্টি করে তাদেরকে সাম্য বল বলে।

**খ** আমরা কোনো তলকে যতই মসৃণ দেখি না কেন আসলে তা পুরোপুরি মসৃণ নয়। এতে অনেক উচ্চ নিচু খাঁজ আছে। যখন দুটি তল পরস্পরের সংস্পর্শে আসে তখন উভয় তালের খাঁজগুলো পরস্পরের সাথে আটকে যায়। আবার, বস্তুত্বের স্পর্শ তলের অগ্রগুলো পরস্পরকে আকর্ষণ করে। এসব কারণে তলত্বের আপেক্ষিক গতি বাধাগ্রস্ত হয় অর্থাৎ ঘর্ষণ বলের উৎপত্তি হয়।

**গ** ১নং প্রশ্নের (g) এর অনুরূপ। উত্তর:  $4.7 \text{ N}$

**ঘ** ১নং প্রশ্নের (ঘ) এর অনুরূপ।

**প্রশ্ন ৪৪**  $2\text{kg}$  ভরের বন্দুক থেকে  $10\text{g}$  ভরের গুলি  $400 \text{ ms}^{-1}$  বেগে বের হয়ে  $5\text{ms}^{-2}$  সুষম মন্দনে  $40\text{s}$  চলার পর একটি  $6\text{mm}$  পুরুত্বের কাঠের গুড়িতে আঘাত করে। গুলিটি কাঠের মধ্যে  $4\text{mm}$  প্রবেশের পর বেগ অর্ধেক হলো।

/জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,

**ক.** শব্দের প্রয়োগ কৈ কোথা?

১

**খ.** একটি যন্ত্রের ক্ষমতা  $10\text{kW}$  বলতে কী বোঝায়?

২

**গ.** বন্দুকের প্রচাপ্তবেগ নির্ণয় করো।

৩

**ঘ.** গুলিটি সম্পূর্ণ কাঠের গুড়ি অতিক্রম করতে পারবে কি?

গাণিতিকভাবে বিশ্লেষণ করো।

৪

### ৪৫ নং প্রশ্নের উত্তর

- ক** বাহ্যিক বলের প্রভাবে বস্তুতে স্কট বিকৃতি, প্রতিরোধী ধর্মই হলো স্থিতিস্থাপকতা।  
**খ** কম্বলকে ঝুলিয়ে বেতে দ্বারা আঘাত করলে কম্বলটি সরে যায় কিন্তু ধূলোবালিগুলো তরে ক্ষুণ্ট বলে জড়তার কারণে এ স্থানেই থেকে যায়। ফলে ধূলোবালিগুলো ঝড়ে পড়ে।  
**গ** ১০(গ) নং সৃজনশীল প্রয়োগের অনুরূপ।  
**ঘ** ১০(ঘ) নং সৃজনশীল প্রয়োগের অনুরূপ।

**প্রশ্ন** ▶ ৪৬ 600kg ভরের একটি গাড়ি স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে প্রথম 6 sec সময় পর্যন্ত  $2\text{m/sec}^2$  সূচিম ত্বরণে চলল। তারপর গাড়িটি 1 min সূচিম গতিতে চলার পর 1400 kg ভরের একখানা স্থির ট্রাকের সাথে ধাক্কা খেয়ে ব্রেক কম্বল এবং 5 sec পরে থেমে গেল। যাত্রা শুরুর অবস্থান থেকে গাড়িটির গতব্য স্থলের দূরত্ব 1 কি. মি.।

//সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট//

- ক. অসাম্য বল কী? ১  
 খ. জানালায় টিল ছুঁড়লে কাচ চৌচির হয়ে ফেটে যায় কেন? ২  
 গ. ধাক্কা খাওয়ার পর যদি গাড়ি দুটি একই বেগে চলে তবে মিলিত গাড়ি দুটির বেগ কত হবে? ৩  
 ঘ. গাড়িটি গতব্য স্থলে পৌছাল কি না গাণিতিক ভাবে বিশ্লেষণ করো। ৪

### ৪৬ নং প্রশ্নের উত্তর

- ক** কোনো বস্তুর উপর ক্রিয়াত একাধিক বলের লক্ষ্য যদি শূন্য না হয় অর্থাৎ যদি কোন নির্দিষ্ট দিকে বস্তুটির ত্বরণ থাকে তবে উক্ত বলগুলোকে অসাম্য বল বলে।  
**খ** জানালায় টিল ছুঁড়লে কাচ চৌচির হয়ে ফেটে যায় কারণ টিলটির ভরবেগে জানালার কাছে ছড়িয়ে পরে। টিলটির বেগ কম তাই সংঘর্ষের সময়কাল বেশি বলে ভরবেগ চারিদিকে ছড়িয়ে পড়ার জন্য অধিক সময় পায়। এ কারণে উক্ত ঘটনা ঘটে।

- গ** দেওয়া আছে, চলমান গাড়ির ভর,  $m_1 = 600 \text{ kg}$   
 আদিবেগ,  $u_1 = 0$   
 ত্বরণ,  $a = 2 \text{ ms}^{-2}$   
 সময়,  $t = 6 \text{ s}$

স্থির গাড়ির ভর,  $m_2 = 1400 \text{ kg}$

আদিবেগ,  $v_2 = 0 \text{ ms}^{-1}$

মিলিত গাড়িস্থায়ের শেষ বেগ,  $v = ?$

আমরা জানি,

সময় পর চলমান গাড়ির বেগ,

$$v_1 = u_1 + at \\ = 0 + 2\text{ms}^{-2} \times 6\text{s} \\ = 12 \text{ ms}^{-1}$$

$$\therefore \text{সংঘর্ষের পূর্বে বেগ } u_1' = v_1 = 12 \text{ ms}^{-1}$$

আমরা জানি,

$$m_1 u_1' + m_2 u_2 = (m_1 + m_2)v \\ \text{বা, } 600 \times 12 + 0 = (600 + 1400)v \\ \therefore v = \frac{7200 \text{ kgms}^{-1}}{2000 \text{ kg}} \\ = 3.6 \text{ ms}^{-1}$$

$$\therefore \text{সংঘর্ষের পর মিলিত গাড়ির বেগ} = 3.6 \text{ ms}^{-1} \text{ (Ans.)}$$

- ঘ** 'গ' হতে  $t_1 = 6 \text{ s}$  পর বেগ,  $v_1 = 12 \text{ ms}^{-1}$   
 মিলিত গাড়ির বেগ,  $v = 3.6 \text{ ms}^{-1}$

এখানে,  $t_1 = 6 \text{ s}$  এ অতিক্রান্ত দূরত্ব

$$s_1 = ut_1 + \frac{1}{2} at_1^2 \\ = 0 + \frac{1}{2} \times 2 \times (6)^2 \\ = 36 \text{ m}$$

পরবর্তীতে  $t_2 = 1 \text{ min} = 60 \text{ s}$  গাড়িটি সমবেগে চলে।

$$\begin{aligned} \text{এ সময় অতিক্রান্ত দূরত্ব, } s &= v_1 t_2 \\ &= 12 \text{ ms}^{-1} \times 60 \text{ s} \\ &= 720 \text{ m} \end{aligned}$$

সংঘর্ষের পর, মিলিত বেগ,  $v = 3.6 \text{ ms}^{-1}$

$$\text{শেষ বেগ, } v' = 0 \text{ ms}^{-1}$$

$$\text{সময়, } t_3 = 5 \text{ s}$$

$$\begin{aligned} \text{এ সময় অতিক্রান্ত দূরত্ব, } s_3 &= \left(\frac{v+v'}{2}\right) t \\ &= \left(\frac{3.6+0}{2}\right) \times 5 \\ &= 9 \text{ m} \end{aligned}$$

$$\text{মোট অতিক্রান্ত দূরত্ব, } s = (36 + 720 + 9)\text{m}$$

$$= 765 \text{ m}$$

$$= 0.765 \text{ km} < 1 \text{ km}$$

অতএব গাড়িটি গতব্যস্থলে পৌছাতে পারিনি।

**প্রশ্ন** ▶ ৪৭ 1000kg ভরের একটি গতিশীল ট্রাক  $20\text{ms}^{-1}$  বেগে 1500kg ভরের অপর একটি স্থির ট্রাককে ধাক্কা দেয় এবং ট্রাক দুইটি মিলিত হয়ে সামনের দিকে চলতে থাকে।

//কেন্দ্রী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়//

- ক. IN বল বলতে কি বুঝায়? ১  
 খ. দেখাও যে, বলের ঘাত ভরবেগের পরিবর্তনের সমান। ২  
 গ. ট্রাক দুইটির মিলিত বেগ নির্ণয় কর? ৩  
 ঘ. ভরবেগের সংরক্ষণ সূত্র কীভাবে নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

### ৪৭ নং প্রশ্নের উত্তর

- ক** যে পরিমাণ বল  $1\text{kg}$  ভরের বস্তুর উপর ক্রিয়া করে  $1\text{ms}^{-2}$  ত্বরণ সৃষ্টি করে তাই IN বল।

- খ** বস্তুর ভর ও বেগের গুণফলকে ভরবেগ বলে।

$m$  ভরের কোনো বস্তুর আদিবেগ  $u$ ।  $F$  বল ; সময় ধরে এর উপর প্রয়োগ করলে এর বেগ  $v$  হয়।

আদি ভরবেগ =  $mu$

শেষ ভরবেগ =  $mv$

ভরবেগের পরিবর্তন =  $mv - mu$

আবার, বল ও বলের ক্রিয়াকালের গুণফলকে বলের ঘাত বলে।

$$\therefore \text{বলের ঘাত} = F \times t$$

$$= \frac{(mv - mu)}{t} \times t = mv - mu$$

অর্থাৎ, বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান।

- গ** ২(গ) নং সৃজনশীল প্রয়োগের অনুরূপ। উত্তর :  $8 \text{ ms}^{-1}$

- ঘ** ২(ঘ) নং সৃজনশীল প্রয়োগের অনুরূপ।

**প্রশ্ন** ▶ ৪৮ 700 kg ভরের একটি গতিশীল ট্রাক  $20\text{ms}^{-1}$  বেগে 1300kg ভরের একটি স্থিতিশীল ট্রাককে ধাক্কা দেয় এবং ট্রাক দুইটি মিলিত হয়ে সামনের দিকে চলতে থাকে।

//দিনাজপুর জিলা স্কুল//

- ক**. সূচিম বেগ কী? ১

- খ**. বেগ ও দুর্তির মধ্যে দুইটি পার্থক্য লিখ। ২

- গ**. ট্রাক দুইটির মিলিত বেগ নির্ণয় কর। ৩

- ঘ.** ভরবেগের সংরক্ষণ সূত্র কীভাবে নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে গাণিতিক মুক্তিসহ মতামত দাও। ৪

### ৪৮ নং প্রশ্নের উত্তর

- ক**. যদি গতিশীল কোন বস্তুর বেগের মান ও দিক সময়ের সাথে অপরিবর্তিত থাকে তাহলে সেই বস্তুর বেগকে সূচিমবেগ বলে।

**খ বেগ ও দুর্তির মধ্যে দুটি পার্থক্য নিম্নরূপ:**

বেগ	দুর্তি
(i) নিদিষ্ট দিকে বস্তুর অবস্থানের পরিবর্তনের হারকে বেগ বলে।	(i) যেকোনো দিকে বস্তুর অবস্থানের পরিবর্তনের হারকে দুর্তি বলে।
(ii) বেগ একটি ভেষ্টন রাশি।	(ii) দুর্তি একটি স্কেলার রাশি।

গ ২(গ) নং সৃজনশীল প্রশ্নের দ্রষ্টব্য।

ঘ ২(ঘ) নং সৃজনশীল প্রশ্নের দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৪৯** 1.5kg ভরের বন্দুকের থেকে 20g ভরের গুলি  $300\text{ms}^{-1}$  বেগে বের হয়ে কোনো কাঠের মধ্যে 3mm প্রবেশ করে বেগ অর্ধেক হয়ে যায়।

[বি.এম স্কুল, বরিশাল]

ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লিখ।

১

খ. নিউটনের ২য় সূত্র থেকে ১ম সূত্র কীভাবে পাওয়া যায়?

২

গ. বন্দুকের পশ্চাত্বেগ নির্ণয় করো।

৩

ঘ. গুলিটি কাঠের মধ্যে আর কতদূর প্রবেশ করে থেমে যায় গাণিতিক বিশ্লেষণ করো।

৪

**৪৯ নং প্রশ্নের উত্তর**

ক. একাধিক বস্তুর মধ্যে শৃঙ্খু ক্রিয়া ও প্রতিক্রিয়া ছাড়া অন্য কোনো বল কাজ না করলে কোনো নিদিষ্ট দিকে তাদের মোট ভরবেগের কোনো পরিবর্তন হয় না।

খ. নিউটনের দ্বিতীয় সূত্র হতে আমরা পাই, বস্তুর ভরবেগের পরিবর্তনের হার এর উপর প্রযুক্ত বলের সমানুপাতিক।

অর্থাৎ,  $F = ma$

$$\text{বা, } F_t = m \frac{v - u}{t}$$

$$\text{বা, } F_t = m(v - u)$$

এখন, বাহ্যিক বল প্রযুক্ত না হলে,  $F = 0$

$$\therefore 0 \times t = m(v - u)$$

$$\text{বা, } m(v - u) = 0$$

$$\text{বা, } v - u = 0$$

$$\therefore v = u$$

অর্থাৎ, বাহ্যিক বল প্রযুক্ত না হলে স্থির বস্তু চিরকাল স্থির থাকবে এবং পতিশীল বস্তু চিরকাল গতিশীল থাকবে। এটিই নিউটনের প্রথম সূত্র।

গ ২৯(গ) নং সৃজনশীল প্রশ্নের অনুরূপ। [উত্তর:  $4\text{ms}^{-1}$ ]

ঘ ২৯(ঘ) নং সৃজনশীল প্রশ্নের অনুরূপ। [উত্তর:  $1\text{mm}$ ]

**প্রশ্ন ▶ ৫০** নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

একটি বন্দুকের গুলি  $400\text{ ms}^{-1}$  বেগে একটি গাছের ব্যাস বরাবর প্রবেশ করে  $0.4\text{m}$  অতিক্রম করে বেগে  $\frac{1}{4}$  গুণ হয়।

/পর্যায়ে উত্তর একাডেমী স্কুল, স্কুল এন্ড কলেজ, বগুড়া/

ক. সাম্য বলের লব্ধি কত?

১

খ. বিভিন্ন ইঞ্জিনে মোবিল ব্যবহারের যৌক্তিকতা ব্যাখ্যা করো।

২

গ. গুলিটির মন্দন কত?

৩

ঘ. গাছটির পরিধি কত হলে গুলিটি ঠিক গাছকে ডেড করে থেমে যাবে?

৪

**৫০ নং প্রশ্নের উত্তর**

ক. শূন্য।

খ. ঘর্ষণ কমানোর জন্য মোবিল ব্যবহার করা হয়। ইঞ্জিনের মাঝে যন্ত্রাংশে যখন মোবিল ব্যবহার করা হয় তখন ঘর্ষণের পরিমাণ অনেকাংশে কমে যায়। ইঞ্জিনে মোবিল ব্যবহার না করলে তাঁর ঘর্ষণের ফলে প্রচুর তাপ উৎপন্ন হবে এবং যন্ত্রাংশ ক্ষয়ে নষ্ট হয়ে যাবে।

**গ দেওয়া আছে,**

গুলির অদিবেগ,  $u = 400\text{ ms}^{-1}$

গুলির শেষ বেগ,  $v = \frac{1}{4} u$

$$= \frac{1}{4} \times 400\text{ ms}^{-1}$$

$$= 100\text{ ms}^{-1}$$

অতিক্রান্ত দূরত্ব,  $s = 0.4\text{m}$

∴ মন্দন,  $a = ?$

আমরা জানি, মন্দনের ফলে  $v^2 = u^2 - 2as$

$$\text{বা, } v^2 - u^2 = -2as$$

$$\text{বা, } a = \frac{u^2 - v^2}{2s}$$

$$\text{বা, } a = \frac{(400)^2 - (100)^2}{2 \times 0.4} \text{ ms}^{-2}$$

$$\text{বা, } a = 187500\text{ ms}^{-2} \text{ (Ans.)}$$

ঘ গাছের ব্যাস D হলে,

$$v_1^2 - u^2 = -2aD$$

[যেহেতু গুলি থেমে যায় তাই,  $v_1 = 0$ ]

$$\text{বা, } u^2 = 2aD$$

$$\text{বা, } D = \frac{u^2}{2a}$$

$$\text{বা, } D = \frac{(400)^2}{2 \times 187500} \text{ m}$$

$$\text{বা, } D = 0.4267 \text{ m}$$

$$\therefore D = 42.67 \text{ cm}$$

∴ পরিধি =  $\pi D$

$$= 3.1416 \times 42.67 \text{ cm}$$

$$= 134.04 \text{ cm}$$

∴ গাছটির পরিধি  $134.04 \text{ cm}$  হলে গুলিটি ঠিক গাছটি ডেড করে থেমে যাবে।

**প্রশ্ন ▶ ৫১** 10g ভরের একটি বুলেট  $2\text{ kg}$  ভরের বন্দুক হতে  $300\text{ms}^{-1}$  বেগে বের হয়ে একটি কাঠে  $10\text{cm}$  প্রবেশ করে থেমে গেল।

/অর্জনেওয়ে মিশন হাই স্কুল, বরিশাল/

ক. প্রসজ্ঞ কাঠামো কাকে বলে?

১

খ. দুর্বল নিউক্লিয় বল ব্যাখ্যা করো।

২

গ. বন্দুকের পশ্চাত্বেগ বেগ নির্ণয় করো।

৩

ঘ. বাধাপ্রদানকারী বলের মান এবং ঐ দূরত্ব অতিক্রম করতে বুলেটটির প্রয়োজনীয় সময় নির্ণয় করো।

৪

**৫১ নং প্রশ্নের উত্তর**

ক. যে দৃঢ় বস্তুর সাপেক্ষে কোন বস্তুর গতি বর্ণনা করা হয় তাকে প্রসজ্ঞ কাঠামো বলে।

খ. যে স্বল্প পাল্লার এবং স্বল্প মানের বল নিউক্লিয়াসের অভ্যন্তরস্থ মৌলিক কণাগুলোর মধ্যে ক্রিয়া করে তাকে দুর্বল নিউক্লিয় বল বলে। এই বলের কারণেই নিউক্লিয়াসে অক্ষিতিশীলতার সূচি হয় এবং নিউক্লিয়াস হতে বিটাক্ষয় হয়। অধিকাংশ তেজস্ক্রিয় ভাঙ্গন বিক্রিয়া দুর্বল নিউক্লিয় বলের কারণে সংঘটিত হয়। এই বলের পাল্লা  $10^{-16}\text{m}$  এরও কম।

গ ১০(গ) নং সৃজনশীল প্রশ্নের অনুরূপ। [উত্তর:  $1.5\text{ ms}^{-1}$ ]

ঘ উদীপক অনুসারে,

গুলির আদিবেগ,  $u = 300\text{ ms}^{-1}$

গুলির শেষবেগ,  $v = 0\text{ ms}^{-1}$

গুলি কর্তৃক অতিক্রান্ত দূরত্ব,  $s = 10\text{cm} = 0.10\text{ m}$

ধরি, গুলির মন্দন =  $a$

আমরা জানি,

$$v^2 = u^2 - 2as$$

$$\frac{u^2 - v^2}{2s}$$

$$\text{বা, } a = \frac{(300)^2 - 0^2}{2 \times 0.10} \text{ ms}^{-2}$$

$$\therefore a = 4.50 \times 10^5 \text{ ms}^{-2}$$

এবং, পুলির ভর,  $m = 10g = 10 \times 10^{-3} \text{ kg}$

ধরি, বাধাদানকারী বল = F

$$\text{তাহলে, } F = ma$$

$$= 10 \times 10^{-3} \times 4.50 \times 10^5 \text{ N} = 4500 \text{ N}$$

সুতরাং বাধাদানকারী বলের মান = 4500N

ধরি, 10cm দূরত্ব অতিক্রম করতে বুলেটের প্রয়োজনীয় সময়,

$$\text{তাহলে, মন্দন } a = \frac{u - v}{t}$$

$$\text{বা, } t = \frac{u - v}{a} = \frac{300 - 0}{4.5 \times 10^5} \text{ s}$$

$$\therefore t = 6.667 \times 10^{-4} \text{ s}$$

সুতরাং বুলেটের প্রয়োজনীয় সময়  $6.667 \times 10^{-4} \text{ s}$ ।

**প্রশ্ন ৫৪** 40kg এবং 60kg ভরের দুটি বস্তু যথাক্রমে  $100 \text{ ms}^{-1}$  ও  $2 \text{ ms}^{-1}$  বেগে পরস্পরের বিপরীত দিক থেকে এসে সংঘর্ষে লিপ্ত হলো। সংঘর্ষের পর বস্তু দুটি একত্র হয়ে চলতে শুরু করল।

প্রতিক্রিয়া সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা।

ক. বলের ঘাত কী?

১

খ. বাহ্যিক বল ক্রিয়া না করলে বস্তুর কেনো ত্বরণ থাকে না—  
ব্যাখ্যা করো।

২

গ. সংঘর্ষের পর বস্তু দুটির মিলিত বেগও দিক নির্ণয় করো।

৩

ঘ. উদ্বীপকের বস্তু দুটির সংঘর্ষ স্থিতিস্থাপক হবে কী?  
গাণিতিকভাবে বিশ্লেষণ করো।

৪

#### ৫২ নং প্রশ্নের উত্তর

ক কোনো বল ও বলের ক্রিয়াকালের গুণফলকে ঐ বলের ঘাত বলে।

খ নিউটনের গতির দ্বিতীয় সূত্র থেকে আমরা জানি,

বল = ভর × ত্বরণ

অর্থাৎ নিম্নিষ্ঠ ভরের কোন বস্তুর জন্য ত্বরণ বলের সমান্তরালিক। বাহ্যিক বল ক্রিয়া না করলে অর্থাৎ বল = 0 হলে, ত্বরণও শূন্য হবে, কারণ বস্তুর ভর কখনও শূন্য হতে পারে না। সুতরাং বাহ্যিক বল ক্রিয়া না করলে বস্তুর ত্বরণ থাকে না।

গ ১০(গ) নং সৃজনশীল প্রযোজনের অনুরূপ। ডিউর:  $38.8 \text{ ms}^{-1}$ ; ১ম  
বস্তুর দিকে।

ঘ উদ্বীপকের বস্তু দুটির সংঘর্ষ স্থিতিস্থাপক হবে যদি সংঘর্ষের পূর্বে  
বস্তু দুটির সম্মিলিত গতিশক্তি, সংঘর্ষের পর মিলিত বস্তুদ্বয়ের গতিশক্তির  
সমান হয়।

উদ্বীপক অনুসারে,

$$1\text{ম বস্তুর ভর, } m_1 = 40 \text{ kg}$$

$$2\text{য় বস্তুর ভর, } m_2 = 60 \text{ kg}$$

$$1\text{ম বস্তুর বেগ, } u_1 = 100 \text{ ms}^{-1}$$

$$2\text{য় বস্তুর বেগ, } u_2 = -2 \text{ ms}^{-1}$$

'গ' অংশ হতে, মিলিত বস্তুদ্বয়ের বেগ,  $v = 38.8 \text{ ms}^{-1}$

∴ সংঘর্ষের পূর্বে ১ম বস্তুর গতিশক্তি,  $E_{k_1} = \frac{1}{2} m_1 u_1^2$

$$= \frac{1}{2} \times 40 \times 100^2 \text{ J}$$

$$= 200000 \text{ J}$$

সংঘর্ষের পূর্বে ২য় বস্তুর গতিশক্তি,  $E_{k_2} = \frac{1}{2} m_2 u_2^2$

$$= \frac{1}{2} \times 60 \times (-2)^2 \text{ J}$$

$$= 120 \text{ J}$$

∴ সংঘর্ষের পূর্বে মোট গতিশক্তি,  $E_k = E_{k_1} + E_{k_2}$   
 $= 200000 \text{ J} + 120 \text{ J}$   
 $= 200120 \text{ J}$

সংঘর্ষের পর মিলিত বস্তুদ্বয়ের গতিশক্তি,  $E_{k_a} = \frac{1}{2} (m_1 + m_2)v^2$


$$= \frac{1}{2} \times (40 + 60) \times (38.8)^2 \text{ J}$$

$$= 75272 \text{ J}$$

যেহেতু  $E_k \neq E_{k_a}$

সুতরাং বস্তু দুটির সংঘর্ষ স্থিতিস্থাপক হবে না।

**প্রশ্ন ৫৫** উদ্বীপকটি পর্যবেক্ষণ করো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর  
দাও:



বস্তু ও পথের মধ্যবর্তী ঘর্ষণ বল প্রতি কেজি এর জন্য  $1.5 \text{ N}$ ।

(উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা)

ক. সুষম বেগ কী?

১

খ. কোনো বস্তুতে ত্বরণ সৃষ্টি হওয়ার কারণ ব্যাখ্যা করো।

২

গ. বস্তুটিকে A থেকে B তে সরাতে কাজ কত?

৩

ঘ. বৃত্তির পর পথের ঘর্ষণ বল অর্ধেক হলে যাত্রা আরম্ভ হওয়ার 20  
সেকেন্ডে এবং 30 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব বিশ্লেষণ করো।

#### ৫৩ নং প্রশ্নের উত্তর

ক যদি গতিশীল কোন বস্তুর বেগের মান ও দিক সময়ের সাথে  
অপরিবর্তিত থাকে তাহলে সেই বস্তুর বেগেকে সুষমবেগ বলে।

খ কোন বস্তুর উপর বল ক্রিয়া করলে সেটি যদি সুষম বেগে না চলে তার  
বেগ সময়ের সাথে বৃদ্ধি বা হ্রাস পেতে পারে এক্ষেত্রে মানের পরিবর্তন বা  
দিকের পরিবর্তন বা উভয়ের পরিবর্তন হতে পারে। আবার সময়ের সাথে  
অসম বেগের পরিবর্তনের হারই হল ত্বরণ। সুতরাং এটি বলা যায় যে বস্তুর  
বেগের পরিবর্তনই ত্বরণ সৃষ্টির কারণ। কেননা যদি কোন বস্তু সুষম বেগে  
চলত তাহলে তার বেগের কথনও পরিবর্তন হয় না বলেই এক্ষেত্রে ত্বরণ  
থাকে না।

অতএব, ত্বরণ সৃষ্টির মূল কারণ হলো ক্রিয়াশীল বল।

গ এখানে,

বস্তুর উপর প্রযুক্ত বল,  $F_1 = 25 \text{ N}$

বস্তুর ভর,  $m = 5500 \text{ g}$

$= 5.5 \text{ kg}$

প্রতি কেজি এর জন্য ঘর্ষণ বল =  $1.5 \text{ N}$

$\therefore 5.5 \text{ kg}$  এর জন্য ঘর্ষণ বল,  $F_2 = 1.5 \times 5.5 \text{ N}$

$= 8.25 \text{ N}$

বের করতে হবে, A থেকে B তে সরাতে কৃতকাজ,

$$W = ?$$

এখন, কার্যকর লব্ধি বল F হলে

$$F = F_1 - F_2$$

$$\text{বা, } ma = 25 \text{ N} - 8.25 \text{ N}$$

$$\text{বা, } a = \frac{16.75}{5.5} \text{ m/s}^2$$

$$\therefore \text{ত্বরণ } a = 3.045 \text{ ms}^{-2}$$

$$\text{বস্তুর আদি বেগ, } v_0 = 5 \text{ ms}^{-1}$$

$$30 \text{ sec পরে বস্তুর অতিক্রান্ত দূরত্ব, } s \text{ হলে}$$

$$s = v_0 t + \frac{1}{2} a t^2$$

$$= 5 \times 30 + \frac{1}{2} \times 3.045 \times (30)^2$$

$$= 1520.25 \text{ m}$$

$$\therefore \text{কৃতকাজ, } W = F.s$$

$$= 16.75 \times 1520.25 \text{ J}$$

$$= 25464.1875 \text{ J (Ans.)}$$

ঘ বৃত্তির পর পথের ঘর্ষণ বল অর্ধেক হলে 5.5 kg ভরের বস্তুর ক্ষেত্রে  
ঘর্ষণ বল হবে  $= 5.5 \times \frac{1.5}{2} \text{ N}$

$$= 4.125 \text{ N}$$

কার্যকর লব্ধি বল = প্রযুক্তি বল - ঘর্ষণ বল

$$F = F_1 - F_2$$

$$\text{বা, } ma = F_1 - F_2 \quad [\because F = ma]$$

$$\text{বা, } a = \frac{F_1 - F_2}{m}$$

$$= \frac{25N - 4.125}{5.5 \text{ kg}}$$

∴ দ্রবণ,  $a = 3.795 \text{ ms}^{-2}$

20 sec এ অতিক্রান্ত দূরত্ব  $s_1$  হলে

$$s_1 = v_0 t + \frac{1}{2} at^2$$

$$= 5 \times 20 + \frac{1}{2} \times 3.795 \times (20)^2$$

$$= 859 \text{ m}$$

30 sec এ অতিক্রান্ত দূরত্ব,  $s_2$  হলে

$$s_2 = v_0 t + \frac{1}{2} at^2$$

$$= 5 \times 30 + \frac{1}{2} \times 3.795 \times (30)^2 = 1857.75 \text{ m}$$

∴ বৃষ্টির পর ঘর্ষণ বল অর্ধেক হলে যাত্রা আরম্ভ হওয়ার 20s এ অতিক্রান্ত দূরত্ব 859 m এবং 30s এ অতিক্রান্ত দূরত্ব 1857.75 m. (Ans.)

**প্রশ্ন ▶ ৫৪** একজন শিকারী  $0.6 \text{ ms}^{-1}$  পর্যন্ত বন্দুকের ধাক্কা সহ্য করতে পারেন। উচ্চ শিকারী 3kg ভরের একটি বন্দুক থেকে 8 গ্রাম ভরের একটি গুলি  $250 \text{ m/s}$  বেগে ছুড়লেন। ফলে বন্দুকের পশ্চাত্বেগের ধাক্কা সহ্য করা শিকারীর জন্য কষ্টকর হয়।

(বন্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়)

ক. প্রবাহী ঘর্ষণ কী?

১

খ. চলন্ত ফ্যানের সুইচ বন্ধ করলে পাখাগুলো সাথে সাথে বন্ধ হয় না কেন?

২

গ. বন্দুকের পশ্চাত্বেগ নির্ণয় করো।

৩

ঘ. শিকারীর বন্দুকটির ভরের কী পরিমাণ পরিবর্তন করলে তার জন্য গুলি ছোড়া কষ্টসাধ্য হবে না—গাণিতিক যুক্তি দাও।

৪

৫৪ নং প্রশ্নের উত্তর

ক. কোনো বন্তু প্রবাহী পদার্থের মধ্যে গতিশীল হলে, যে ঘর্ষণ ক্রিয়া করে তাই প্রবাহী ঘর্ষণ।

খ. গতি জড়তার কারণে চলন্ত ফ্যানের সুইচ বন্ধ করলে পাখাগুলো সাথে সাথে থেমে যায় না। ফ্যান থামানোর সময় ফ্যান এর সুইচ অফ করার সাথে সাথে ফ্যান এর মোটরের উপর ক্রিয়াশীল ঘূর্ণন শক্তি থেমে যায় কিন্তু ফ্যান এর পাখা কৌণিক বেগে গতিশীল থাকার কারণে অর্থাৎ, গতি জড়তার কারণে তা থামতে সময় প্রয়োজন। এ কারণে সুইচ বন্ধ করার সাথে সাথে পাখাগুলো থেমে যায় না।

গ. ৯(গ) নং সূজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ। [উত্তর:  $0.67 \text{ ms}^{-1}$ ]

ঘ. শিকারী  $0.6 \text{ ms}^{-1}$  পর্যন্ত বন্দুকের ধাক্কা সহ্য করতে পারেন।

∴ বন্দুকের ভর এমনভাবে পরিবর্তন করতে হবে যাতে গুলি ছোড়ার সময় বন্দুকের পশ্চাত্বেগ  $0.6 \text{ ms}^{-1}$  হয়।

'গ' অংশ থেকে পাই, গুলি ও বন্দুকের আদি ভরবেগের সমষ্টি শূন্য।

এক্ষেত্রে,

$$\text{গুলির ভর, } m_1 = 8 \text{ gm} = 8 \times 10^{-3} \text{ kg}$$

$$\text{গুলির শেষবেগ, } v_1 = 250 \text{ ms}^{-1}$$

মনে করি, গুলির বেগের দিক ধনাত্মক।

$$\therefore \text{বন্দুকের বেগ, } v_2' = -0.6 \text{ ms}^{-1}$$

বন্দুকের পরিবর্তিত ভর,  $m_2' = ?$

এখন,  $0 = m_1 v_1 + m_2' v_2'$

$$\therefore m_2' = -\frac{m_1 v_1}{v_2'}$$


$$= \frac{-8 \times 10^{-3} \text{ kg} \times 250 \text{ ms}^{-1}}{-0.6 \text{ ms}^{-1}}$$

$$= 3.33 \text{ kg}$$

বন্দুকের পূর্বের ভর,  $m_2 = 3 \text{ kg}$

∴ বন্দুকের ভর  $(3.33 \text{ kg} - 3 \text{ kg}) = 0.33 \text{ kg}$  বাড়লে শিকারীর জন্য গুলি ছোড়া আর কষ্টসাধ্য হবে না।

প্রশ্ন ▶ ৫৫



p বন্তুর ভর  $5 \text{ kg}$  ও ঘর্ষণ বল  $10 \text{ N}$

/সরকারি জ্ঞাবিলী উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ/

ক. পড়ত বন্তুর ত্যও সূচিটি লিখ?

১

খ. বৈদ্যুতিক পাখার ঘূর্ণন সুইচ বন্ধ করার সাথে সাথে থেমে যায় কেন ব্যাখ্যা করো।

২

গ. বল কত নির্ণয় করো।

৩

ঘ. 100 m অতিক্রম করার পর প্রযুক্তি বল অপসারণ করলে বন্তুটি প্রথম থেকে কত সময় পর থেমে যাবে গাণিতিক ভাবে ব্যাখ্যা করো।

৪

#### ৫৫ নং প্রশ্নের উত্তর

ক. স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ত বন্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব ( $h$ ) অতিক্রম করে তা এ সময়ের ( $t$ ) বর্গের সমানুপাতিক অর্থাৎ  $h \propto t^2$ ।

খ. বৈদ্যুতিক পাখার সুইচ বন্ধ করার সাথে পাখাটি বন্ধ হয় না। কারণ গতির জড়তা ধর্মের কারণে গতিশীল বন্তুটি এর গতি বজায় রাখার প্রবণতা দেখায় ফলে পাখাটি আরো কিছু সময় পর্যন্ত ঘোরে, এবং ব্যাখ্যার বাধার কারণে ধীরে ধীরে থেমে যায়।

গ. ৫(গ) নং সূজনশীল প্রশ্নোত্তর দ্রষ্টব্য।

ঘ. ৫(ঘ) নং সূজনশীল প্রশ্নোত্তর দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৫৬** একটি রাইফেল থেকে  $300 \text{ ms}^{-1}$  বেগে  $10 \text{ gm}$  ভরের একটি গুলি একটি কাঠের মধ্যে  $4.5 \text{ cm}$  প্রবেশ করে থেমে গেল।

/ইরনে ভাইমিয়া স্কুল এন্ড কলেজ,

ক. ভার্ষিয়ার ধূবক কাকে বলে?

১

খ. “বেগের পরিবর্তন না হলে বন্তুর দ্রবণ থাকে না”— ব্যাখ্যা করো।

২

গ. যদি রাইফেলের ভর  $2 \text{ kg}$  হয় তবে রাইফেলের পশ্চাত বেগ নির্ণয় করো।

৩

ঘ. কাঠের মধ্যে প্রবেশ করতে গুলির কত সময় লেগেছে এবং বাধাদানকারী বলের মান নির্ণয় করো।

৪

#### ৫৬ নং প্রশ্নের উত্তর

ক. মূল স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভার্ষিয়ার স্কেলের এক ভাগ যতটুকু ক্ষুদ্রতর সে পরিমাণকে দৈর্ঘ্য পরিমাপক যন্ত্রের ভার্ষিয়ার ধূবক বলে।

খ. সময়ের সাপেক্ষে বেগের পরিবর্তনের হার তথা একক সময়ে বেগের পরিবর্তনই দ্রবণ।

অর্থাৎ দ্রবণ,  $a = \frac{\text{বেগের পরিবর্তন}}{\text{সময়}} = \frac{\Delta v}{\Delta t} = \frac{v_2 - v_1}{\Delta t}$

বেগের পরিবর্তন না হলে,  $v_2 = v_1 = v$ ,

তাই,  $v_2 - v_1 = 0$

সে ক্ষেত্রে দ্রবণ,  $a = \frac{0}{\Delta t} = 0$

সূতরাং বেগের পরিবর্তন না হলে দ্রবণ থাকে না।

গ. ৯(গ) নং সূজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ। [উত্তর:  $1.5 \text{ ms}^{-1}$ ]

ঘ. ৫(ঘ) নং সূজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ। [উত্তর:  $t = 3 \times 10^{-4} \text{ s} \cdot F = 10^4 \text{ N}$ ]

**প্রশ্ন ▶ ৫৭** একটি  $15 \text{ kg}$  ভরের নৌকার উপর বল প্রয়োগ করায় এটি ঝোতের অনুকূলে  $2.5 \text{ ms}^{-2}$  দ্রবণে চলতে শুরু করে। ঝোতের বল  $2 \text{ N}$ ।

/ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ, ঢাকা/

ক. অস্পর্শ বল কী?

১

খ. পৃথিবীর কেন্দ্রে বন্তুর ওজন শূন্য কেন?

২

গ. নৌকার উপর প্রযুক্তি বলের মান নির্ণয় করো।

৩

ঘ. ঝোতাইন নদীতে ও ঝোতের প্রতিকূলে নৌকার দ্রবণের কী পরিবর্তন হবে?

৪

### ৫৭ নং প্রশ্নের উত্তর

**ক** যে বল সৃষ্টির জন্য দুইটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শের প্রয়োজন হয় না তাকে অস্পর্শ বল বলে।

**খ** আমরা জানি, ওজন = ভর  $\times$  অভিকর্জন ত্বরণ। পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য হয় করণ পৃথিবীর কেন্দ্রে বস্তুর অভিকর্জন ত্বরণের মান শূন্য।

**গ** এখানে,

$$\text{নৌকার ভর}, m = 15 \text{ kg}$$

$$\text{নৌকার ত্বরণ}, a = 2.5 \text{ ms}^{-2}$$

$$\text{প্রোত্তের বল}, F' = 2N$$

$$\text{প্রযুক্ত বল}, F = ?$$

$$\text{আমরা জানি}, \Sigma F = ma$$

$$\text{বা}, F + F' = ma [\because \text{প্রোত্তের অনুকূলে}]$$

$$\text{বা}, F = ma - F'$$

$$\text{বা}, F = 15 \times 2.5 - 2$$

$$\therefore F = 35.5 \text{ N (Ans.)}$$

**ঘ** উদ্দীপক হতে,

$$\text{নৌকার ভর}, m = 15 \text{ kg}$$

$$\text{প্রোত্তের অনুকূলে নৌকার ত্বরণ}, a = 2.5 \text{ ms}^{-2}$$

$$\text{প্রোত্তের বল}, F' = 2N$$

$$\text{প্রযুক্ত বল}, F = 35.5 \text{ N} \quad ['g' \text{ হতে}]$$

প্রোত্তীয় নদীর ক্ষেত্রে,

$$\text{ধরি, নৌকার ত্বরণ} = a_1 \text{ ms}^{-2}$$

$$\therefore a_1 = \frac{F}{m}$$

$$= \frac{35.5}{15}$$

$$= 2.367 \text{ ms}^{-2}$$

$$\text{প্রোত্তের প্রতিকূলে ধরি নৌকার ত্বরণ} = a_2 \text{ ms}^{-2}$$

$$\text{আমরা জানি}, \Sigma F = ma$$

$$\text{বা}, F - F' = ma_2$$

$$\text{বা}, a_2 = \frac{F - F'}{m} = \frac{35.5 - 2}{15}$$

$$\therefore a_2 = 2.23 \text{ ms}^{-2}$$

প্রোত্তের অনুকূলে ত্বরণ সরচেয়ে বেশি ( $2.5 \text{ ms}^{-2}$ )

$$\therefore \text{প্রোত্তীয় নদীতে ত্বরণ} (2.5 - 2.367) = 0.133 \text{ ms}^{-2} \text{ কমবে।}$$

$$\text{এবং প্রোত্তের প্রতিকূলে ত্বরণ} (2.5 - 2.23) = 0.27 \text{ ms}^{-2} \text{ কমবে।}$$

**প্রশ্ন ▶ ৫৮** 200 kg ভরের একটি স্থির নৌকায় 28 kg ও 30 kg ভরের দু'জন বালক দাঢ়িয়ে আছে। সৈয়দপুর সরকারি কারিগরি কলেজ

**ক.** সলিনয়েড কি?

১

**খ.** বায়ুর ঘনত্ব  $1.29 \text{ kgm}^{-3}$  বলতে কী বুঝায়?

২

**গ.** যদি ২য় বালক  $360 \text{ kmh}^{-1}$  বেগে নৌকা থেকে লাফ দেয় তবে নৌকার পশ্চাত বেগ নির্ণয় কর।

৩

**ঘ.** যদি বালকদ্বয় একে অপরের বিপরীত দিকে যথাক্রমে  $12 \text{ ms}^{-1}$  ও  $10 \text{ ms}^{-1}$  বেগে লাফ দেয় তবে নৌকাটি স্থির থাকবে কি-না গাণিতিকভাবে দেখাও। [এখানে উভয় ক্ষেত্রে অনুভূমিক বেগ বিবেচ্য]

৪

### ৫৮ নং প্রশ্নের উত্তর

**ক** বেলনাকার ধাতব দণ্ডের উপর ঘন ও সরিবিষ্টভাবে অন্তরীত তামার তার পেঁচিয়ে তৈরিকৃত একটি তড়িৎ চৌম্বকীয় ব্যবস্থা যার কুণ্ডলীর দু'প্রান্ত দিয়ে তড়িৎ প্রবাহিত হলে দণ্ড চুম্বকের মেরুর ন্যায় চৌম্বক ক্ষেত্র সৃষ্টি হয়, তাকে সলিনয়েড বলে।

**খ** বায়ুর ঘনত্ব  $1.29 \text{ kgm}^{-3}$  বলতে বুঝায়  $1 \text{ m}^3$  আয়তনের বায়ুর ভর  $1.29 \text{ kg}$ ।

**গ** দেওয়া আছে,

$$\text{প্রথম বালকের ভর}, m_1 = 28 \text{ kg}$$

$$\text{দ্বিতীয় বালকের ভর}, m_2 = 30 \text{ kg}$$

$$\text{নৌকার ভর}, M = 200 \text{ kg}$$

$$\text{বিতীয় বালকের লাফানোর বেগ}, v_2 = 360 \text{ kmh}^{-1}$$

$$= \frac{360 \times 1000}{3600} \text{ ms}^{-1}$$

$$= 100 \text{ ms}^{-1}$$

$$\text{প্রথম বালকসহ নৌকার পশ্চাত বেগ}, v = ?$$

মনে করি,

দ্বিতীয় বালক যেদিকে লাফ দেয় সেদিকে বেগের দিকে ধনাত্মক।

এখন, ভরবেগের সংরক্ষণ সূত্র থেকে পাই,

আদি ভরবেগের সমষ্টি = শেষ ভরবেগের সমষ্টি

লাফ দেয়ার আগ মুহূর্তে, নৌকা ও বালক দুজনের সম্মিলিত বেগ শূন্য।

অতএব তাদের ভরবেগের সমষ্টি ও শূন্য।

$$\therefore 0 = m_2 v_2 + (m_1 + M)v$$

$$\text{বা}, 0 = 30 \times 100 + (28 + 200)v$$

$$\text{বা}, 228v = -3000$$

$$\text{বা}, v = -\frac{3000}{228} \text{ ms}^{-1}$$

$$\therefore v = -13.157 \text{ ms}^{-1}$$

এখানে, খণ্ডাত্মক চিহ্ন নির্দেশ করে দ্বিতীয় বালকটি যেদিকে লাফ দেয় নৌকা তার বিপরীত দিকে সরে যায়।

**ঘ** এক্ষেত্রে,

ধরি, প্রথম বালক যেদিকে লাফ দেয় সেদিকে ধনাত্মক :

$$\therefore 1\text{ম বালকের বেগ}, v_1 = +12 \text{ ms}^{-1}$$

$$2\text{য বালকের বেগ}, v_2 = -10 \text{ ms}^{-1}$$

$$1\text{ম বালকের ভর}, m_1 = 28 \text{ kg}$$

$$2\text{য বালকের ভর}, m_2 = 30 \text{ kg}$$

$$\text{নৌকার ভর}, M = 200 \text{ kg}$$

$$\text{নৌকার বেগ } V = ?$$

এখন বালকদ্বয় লাফ দেয়ার আগে নৌকাসহ সবাই স্থির অবস্থায় ছিল।

**ঘ** তাদের আদি ভরবেগের সমষ্টি শূন্য।

আমরা জানি,

আদি ভরবেগের সমষ্টি = শেষ ভরবেগের সমষ্টি

$$\therefore 0 = m_1 v_1 + m_2 v_2 + MV$$

$$\text{বা}, 0 = 28 \times (+12) + 30 \times (-10) + 200 \times V$$

$$\text{বা}, 0 = 336 - 300 + 200V$$

$$\text{বা}, 200V = -36$$

$$\text{বা}, V = -\frac{36}{200} \text{ ms}^{-1}$$

$$\therefore V = -0.18 \text{ ms}^{-1}$$

**ঘ** নৌকাটি  $0.18 \text{ ms}^{-1}$  বেগে 1m বালক যেদিকে লাফ দিয়েছিল তার বিপরীত দিকে অর্থাৎ 2য বালকের দিকে সরে যাবে।

### ৫৮ নং প্রশ্নের উত্তর

৪